বাংলায়

হিব্রু ভাষা শিক্ষা

কিতাবুল মোকাদ্দসের (বাইবেলের)
হিব্রু ভাষা শেখার
প্রাথমিক পাঠ



সামসুল আলম পলাশ (এম, টিএইচ)

ইন্টারনেট সংস্করণ

ভূমিকা

বাংলাদেশে ঈসায়ী ধর্মের ইতিহাস কয়েক'শ বছরের। ইতিমধ্যেই অনেক ধর্মতত্ত্বের স্কুল, কলেজ ও ছোট ছোট সেমিনারী গড়ে উঠেছে যেখানে কিতাবুল মোকাদ্দসের সাধারণ পাঠগুলো শিক্ষা দেওয়া হয়ে থাকে। কিন্তু এসব ধর্মতত্ত্ব প্রতিষ্ঠানগুলোতে কিতাবুল মোকাদ্দসের মূল ভাষা হিব্রু ও গ্রীক শিক্ষা দেওয়া হয় না বললেই চলে। এর প্রধান কারণ প্রথমতঃ এ বিষয়ে শিক্ষা দেবার শিক্ষকের অভাব। দ্বিতীয়তঃ হিব্রু ও গ্রীক শিক্ষা দেওয়ার জন্য যে টেক্সট্ বই দরকার তা আমাদের নিজেদের ভাষায় পাওয়া যায় না।

আল্লাহ্‌তা'লা আমাকে মেহেরবানী করে সুযোগ দিয়েছিলেন সিংগাপুর ট্রিনিটি থিয়োলজিক্যাল কলেজে এম. টিএইচ প্রোগ্রামে শিক্ষা নেবার। হিব্রু ভাষা আমার মেজর বিষয় ছিল। সেখানে এই ভাষায় উচ্চতর শিক্ষা লাভ করবার সময় থেকেই আমার মনে বাংলা ভাষায় হিব্রু শিক্ষা করার একটি বই রচনা করার প্রবল বাসনা সৃষ্টি হয়। মূলত সেখানে অধ্যয়ন করার শেষ বর্ষ থেকেই আমি কাজ শুরু করি। কিন্তু দেশে ফিরে এসে যখন কাজে যোগ দিলাম তারপর থেকে আর খুব বেশী এগুতে পারি নি। এছাড়া হিব্রু টাইপ করা একটি দুঃসাধ্য কাজ সেজন্য বইটি ছোট হলেও সময় লেগেছে বেশী।

হিব্রুতে কিতাবুল মোকাদ্দস পাঠ করার জন্য আশা করি এই বইটি ছাত্রদের জন্য একটি মাইল ফলক হিসাবে কাজ করবে। আমার জানা মতে বাংলাদেশ ও পশ্চিম বঙ্গে এই ধরনের বই এটিই প্রথম। আশা করছি যারা মূল ভাষায় কিতাবুল মোকাদ্দস পাঠ করতে চান তারা এই বই থেকে অনেক উপকৃত হবেন। পুস্তকটিতে হিব্রু ভাষা শিক্ষা করার জন্য শুধুমাত্র প্রাথমিক পাঠ সন্নিবেশিত করা হয়েছে। উদ্দেশ্য এই যে, যেন ছাত্র-ছাত্রীরা বাংলা ভাষায় এই বই পাঠ করে নিজেই হিব্রু ভাষায় কিতাবুল মোকাদ্দস পাঠ করতে পারে এবং এর সাধারণ ব্যাকরণগত বিষয়গুলো অবহিত হয়।

বইটি যদি ঈসায়ী ধর্মতত্ত্ব প্রতিষ্ঠানগুলো ব্যবহার করে মূল ভাষায় পাক-কিতাব পাঠে ছাত্রদের আগ্রহী করে তোলে তবেই আমার পরিশ্রম সার্থক হবে।

বিবি-ক্যাল এইডস্ ফর চার্চেস্ এণ্ড ইন্স্টিটিউশনস্ অব বাংলাদেশ (BACIB)-কে ধন্যবাদ আমার এই বইটি প্রকাশ করার জন্য। মেহেরবান আল্লাহ্ তাদের সকলকে রহমত দান করুন।

সামসুল আলম পলাশ

সূচিপত্র

পাঠ ১

অক্ষর পরিচিতি

প্রাসংগিক বিষয়সমূহ

অনুশীলন

পাঠ ২

স্বরবর্ণ বা Vowles

ছকের সাহায্যে স্বরবর্ণ

স্বরবর্ণ প্রসংগে যে সব বিষয় মনে রাখতে হবে

অর্ধ বা অনতিদীর্ঘ স্বরবর্ণ

অনুশীলন

ভাওয়েল বা স্বরবর্ণ বিশেষ অনুশীলন শিক্ষা করা

পাঠ ৩

গোড়ার কিছু বিষয় যা জানতে হবে

মাক্কেফ (מַקֵּף)

মাপ-পিখ্ (Mappik)

ডাইরেক্ট অবজেক্ট Direct Object এর চিহ্ন אֵת

ডেগেশ ফরটি (Dagesh Forte)
নীরব সেভা (Silent Sheva)
একসেণ্ট (Accents)
মেটেগ (מֶ תֶֽג)
দুর্বল অক্ষর (Weak Letters)
সিলেবল সমূহ (The Syllables)
গাটারেল (The Gutturals)
শব্দমালা
অনুশীলন

পাঠ ৪
নির্দিষ্ট বিশেষণ Definite Article
শব্দমালা
অনুশীলন

পাঠ ৫
Prepositions (প্রিপজিশন)
শব্দমালা
অনুশীলন

পাঠ ৬
וְ ‘ভাব’ (ওয়া) কনাজাংশন (The Vav Conjunction)
শব্দমালা
অনুশীলন

পাঠ ৭
বিশেষ্য পদ বা নাউনের উৎসসমূহ:
নাউন : লিঙ্গ

নাউন : সংখ্যাবাচক
দ্বৈত নাউন
শব্দমালা
অনুশীলন
পাঠ: ৮
বিশেষণ (Adjective): লিঙ্গ ও বাচক (Gender and Number)
বিশেষণ : গুণ সম্বন্ধীয় ব্যবহার
বিশেষণ : বিধেয়ের ব্যবহার
শব্দমালা
অনুশীলন
পাঠ ৯
সর্বনাম (Pronouns)
ব্যক্তিগত সর্বনাম Independent Personal pronouns
প্রতিপাদক সর্বনাম Demonstratives Pronouns
সম্পর্কীয় সর্বনাম The Relative Pronoun
প্রশ্নসূচক সর্বনাম The Interrogatives Pronoun
অনুশীলন
পাঠ ১০
সর্বনাম সম্বন্ধীয় প্রত্যয় বা সাফিক্স্- (Suffixes)
সর্বনাম সম্বন্ধীয় সাফিকস্ ও সংযোগ অব্যয় বা প্রিপজিশনের সংগে এর ব্যবহার
Particles এর সংগে সর্বনাম সম্বন্ধীয় সাফিক্স্-এর ব্যবহার
নাউনের ক্ষেত্রে সর্বনাম সম্বন্ধীয় সাফিক্স্-এর ব্যবহার
বহুবচনের নাউনের জন্য সর্বনাম সম্বন্ধীয় সাফিক্স্-এর ব্যবহার
শব্দমালা
অনুশীলন

পাঠ ১১
- প্রশ্নবোধক বাক্য
- শব্দমালা
- অনুশীলন

পাঠ ১২
- ক্রিয়াপদ- সমাপ্ত অবস্থা (Perfect)
- ক্রিয়াপদ- অসমাপ্ত অবস্থা (Imperfect)
- অন্যান্য ক্রিয়াপদ
  - আদেশ বোধক ক্রিয়া
  - অসমাপিকা ক্রিয়া
  - বিশেষণ ক্রিয়া
- শব্দামালা
- অনুশীলন

পাঠ ১৩
- ক্রিয়াপদের স্টেম বা কান্ড

পাঠ ১৪
- ক্রিয়াপদঃ সমাপ্ত অবস্থার অন্যান্য স্টেম
- অনুশীলন

পাঠ ১৫
- ক্রিয়াপদঃ সমাপ্ত অবস্থার অন্যান্য স্টেম
- অনুশীলন

পাঠ ১৬

সংখ্যা গণনা

রূত (ইন্টারলিনিয়াল অনুবাদ)

সংক্ষিপ্ত হিব্রু অভিধান (হিব্রু উচ্চারণ সহ) ও অর্থ

সমাপ্ত ক্রিয়ার চার্ট

অসমাপ্ত ক্রিয়ার চার্ট

গ্রন্থপঞ্জি

পাঠ ১

অক্ষর পরিচিতি

ডানদিক থেকে পাঠ করতে হবে

ד	ג	ב	א
দালেৎ	গিমেল	বেৎ	আলেফ
ח	ז	ו	ה
হেৎ, খেৎ	জায়েন	ভাভ	হে
ל	כ	י	ט
লামেদ	কাফ	ইয়দ	টেট
ע	ס	נ	מ
আয়েন	শামেক	নুন	মেম
ר	ק	צ	פ
রেশ	কফ	সাদে	পে
	ת	שׂ	שׁ
	টাভ, বা টাও	সিন	শিন

পাঠ ১

হিব্রু অক্ষরমালা ও প্রাসংগিক বিষয়সমূহ

বাংলায় হিব্রু অক্ষরের নাম	হিব্রু অক্ষরমালা	বাংলায় এর সমরূপ	হিব্রু বর্ণটির উচ্চারণ দিয়ে	ইংরেজীতে এর সমরূপ	হিব্রু বর্ণটির উচ্চারণ
আলেফ	א	আ	আব্বা	'	
বেৎ	בּ	ব	বলাকা	b	Boy
	ב	ভ	ভাল	v	Vine
গিমেল	גּ	গ	গালিব	g	Go
	ג	গ	গরম	g	Go
দালেৎ	דּ	দ	দাম	d	Dare
	ד	দ	দিবস	d	They
হে	ה	হ	হাসেম	h	His
ভাভ বা ওয়া	ו	ভ	ভাব	v	Vine
জায়েন	ז	জ	জালেম	z	Zeal
হেৎ, খেৎ	ח	হ/খ	খৎনা	ḥ	Bach
টেট	ט	ট/ত	টিন/তিন	ṭ	Tall
ইয়দ	י	ই	ইয়ামেন	y	Yes
কাফ	כּ	ক	কমলা	k	Keep
	כ ך	খ	খবর	kh	Bach
লামেদ	ל	ল	লস্কর	l	Let
মেম	מ ם	ম	মামা	m	Met
নুন	נ ן	ন	নানা	n	Net
শামেক	ס	ষ, স	শর্ষে	s	Set
আয়েন	ע	য়		'	Silent letter

পাঠ ১

পে	פּ ף פ	প ফ	পিন ফল	p f	pay Fan
সাদে	צ ץ	ছ (স্ছ)	ছাদেক	Ts	Nets
কউফ	ק	ক	কাবুল	q	Keep
রেশ	ר	র	রাহুল	r	Rash
সিন	שׂ	স	সময়	s	Set
শিন	שׁ	শ	শাহিন	sh	Shine
টাভ, বা টাও	תּ	ট	টাকা	t	Tall
	ת	থ	থাকা	th	Think

প্রাসঙ্গিক বিষয়সমূহ

১:১ যে উচ্চারণ এখানে ব্যবহার করা হয়েছে তা বর্তমান হিব্রু ভাষার উপর নির্ভর করে ব্যবহার করা হয়েছে। এই উচ্চারণ ভঙ্গিকে ‘সেফারডিক’ উচ্চারণ পদ্ধতি বলা হয়ে থাকে।

১:২ ח = ḥ ט = ṭ צ = ṣ নিচে যে বিন্দু চিহ্ন দেওয়া হয়ে থাকে বিশেষ করে ইংরেজি উচ্চারণে তা মূলত একই উচ্চারণের অক্ষর থেকে এর ভিন্নতা প্রকাশ করার জন্য ব্যবহার করা হয়ে থাকে।

১:৩ হিব্রু অক্ষরমালায় মোট ২২টি অক্ষর আছে। এই সংখ্যা שׂ এবং שׁ একই অক্ষরের ভিন্ন ভিন্ন রূপ হিসাবে ধরে নেওয়া হয়ছে।

১:৪ হিব্রু অক্ষরমালায় কোন vowels বা স্বরবর্ণ নেই, সবই ব্যঞ্জনবর্ণ বা consonants। এর কারণ হল প্রাচীন হিব্রু ভাষা স্বরবর্ণ ছাড়াই লেখা হয়েছিল। এই ভাষায় সঠিক উচ্চারণ মৌখিক ঐতিহ্যের উপর গড়ে উঠেছে এবং তা এক পুরুষপরাম্পরা থেকে পরবর্তী পুরুষপরম্পরায় চলে এসেছে। লিখিত স্বরবর্ণ পদ্ধতি ৫০০ খ্রীষ্টাব্দ থেকে ১০০০ খ্রীষ্টাব্দের মধ্যে রচিত হয়েছে। উদ্দেশ্য ছিল মৌখিক ঐতিহ্যগত উচ্চারণকে ধরে রাখা। নতুন ছাত্রদের জন্য লিখিত স্বরবর্ণ পদ্ধতি ভাষা শিখবার জন্য খুবই উপকারে আসে। দ্বিতীয় অধ্যায়ে আমরা এ বিষয়ে আরও

আলোচনা করব।

১:৫ হিব্রু ভাষার প্রথম অক্ষরটি হল **א** (আলেফ)। কিন্তু ইরেজি ভাষার ‘a’ বা গ্রীক ভাষার ‘α’ বা বাংলার ‘এ’ সংগে অবশ্যই এর কোন মিল নেই কারণ ইরেজি-বাংলা-গ্রীক ভাষায় এই অক্ষরটি স্বরবর্ণ হিসাবে পরিচিত কিন্তু হিব্রুতে এটি ব্যঞ্জনবর্ণ বা consonants।

১:৬ হিব্রু ভাষা আরবি ভাষার মত ডানদিক থেকে শুরু হয়ে বাম দিকে যায়। তাই এই অক্ষরমালা নিম্নলিখিত ভাবে ডানদিক থেকে লেখা হয়ে থাকে:

א בּ גּ דּ ה ו ז ח ט י כּ ל מ נ ס ע פּ

צ ק ר שׁ שׂ תּ

১.৭ হিব্রু অক্ষরমালায় বাংলা ভাষার মতই কোন ক্যাপিটাল লেটার capital letters বা বড় হাতের অক্ষর নেই।

১.৮ প্রতিটি অক্ষরকে যদি আমরা হিব্রু অক্ষরমালা দিয়ে বানান করে লিখি তবে এ রকম হবে:

(১) আলেফ אלף (২) বৈৎ בּית (৩) গিমেল גּימל

(৪) দালেৎ דּלת (৫) হে הא (৬) ভাব (ওয়া) וו

(৭) জায়েন זין (৮) খেৎ חית (৯) টেইৎ טית

(১০) ইয়ুদ יוד (১১) কফ כּף (১২) লামেদ למד

(১৩) মেম מם (১৪) নূন נון (১৫) শামেখ סמך

(১৬) আয়েন עין (১৭) পে פּא (১৮) স্ছাদে צדי

(১৯) কউফ קוף (২০) রউস ריש (২১) শিন שׁין

(২২) ছিন שׂין (২৩) টাও תּו

১.৯ প্রতিটি হিব্রু অক্ষর দিয়ে হিব্রু ভাষার কিতাবুল মোকাদ্দস থেকে একটি করে বাক্য দেওয়া হল। কিতাবুল মোকাদ্দস থেকে এর অনুবাদও দেওয়া হল। মুখস্থ করুন।

পাঠ ১

(১) א = আটা এলোহিম লবাদ্‌দেকা -- তুমিই একমাত্র আল্লাহ্‌। (জবুর ৮৬:১০)

(২) בּ = বেরেসিথ বারা এলোহিম -- আদিতে আল্লাহ্‌ সৃষ্টি করলেন। (পয়দায়েশ ১:১)

(৩) ג = গাদোল এল কাল এলোহিম -- তিনি সমস্ত দেবতার উপরে মহান বাদশাহ্‌। (জবুর ৯৫:৩)

(৪) ד = দবারিম রাবিম কাহাম্‌মা -- অনেক কথাও তাতে লেখা হল। (ইয়ারমিয়া ৩৬:৩২)

(৫) ה = হাইস মোসে হাগাদোল মায়োদ -- মূসা মহান ব্যক্তি হয়ে উঠলেন। (হিজরত ১১:৩)

(৬) ו = ভয়ানোকি নায়ার কাথোন -- কিন্তু আমি ক্ষুদ্র বালকমাত্র। (১ বাদশাহ্‌নামা ৩:৭)

(৭) ז = জে-হাইয়োম আসা ইয়াহোয়া -- অদ্য মাবুদের কৃত দিন। (জবুর ১১৮:২৪)

(৮) ח = খেবলেই সউল সাব্‌বুনি -- আমি পাতালের রজ্জুতে বেষ্টিত। (দ্বিতীয় বিবরণ ২২:২৬)

(৯) ט = টউভ ভয়াসার ইয়াহোয়া -- মাবুদ মঙ্গলময় ও সরল। (জবুর ২৫:৮)

(১০) י = ইয়াহোয়া হো হাএলোহিম -- মাবুদই আল্লাহ্‌। (দ্বিতীয় ববরণ ৪:৩৫)

(১১) כ = কাল হাআম আম্‌রু আমেন -- তখন সমস্ত লোক উত্তরে বলবে, আমিন। (দ্বিতীয় বিবরণ ২৭:১৫)

(১২) ל = লো সামরো বরিথ এলোহিম -- তারা আল্লাহ্‌র নিয়ম পালন করল না। (জবুর ৭৮:১০)

(১৩) מ = মাছানো মাইম -- আমরা পানি পেয়েছি। (পয়দায়েশ ২৬:৩২)

(১৪) נ = নূহা ইস স্‌ছাদিক -- নূহ্‌ ধার্মিক ছিলেন। (পয়দায়েশ ৬:৯)

(১৫) ס = সেফের নাথান লি হিলকিয়া হাকোহেন -- ইমাম হিল্কিয় আমাকে একখানি

কিতাব দিয়েছেন। (২ বাদশাহ্‌নামা ২২:১০)

(১৬) ע* = আম্‌মেক আম্‌মি ভএলোহাইক এলোহাই -- তোমার লোকই আমার লোক, তোমার আল্লাহ্‌ই আমার আল্লাহ্‌ (রূত ১:১৬)

(১৭) פ = পেন টিসক্‌কহ এথ ইয়াহোয়া এলোহেইকা -- সেই মাবুদকে ভুলিয়া যেও না। (দ্বিতীয় বিবরণ ৬:১২)

(১৮) צ = ছে ভয়ামাদটা বাহার লিপনেই ইয়াহোয়া -- তুমি বের হয়ে এই পর্বতে মাবুদের সম্মুখে দাঁড়াও। (১ বাদশাহ্‌নামা ১৯:১১)

(১৯) ק = কৌমৌ বারাখো এথ-ইয়াহোয়া এলোহেইখেম -- উঠ, তোমাদের আল্লাহ্‌ মাবুদের শুকরিয়া কর। (নহিমিয়া ৯:৫)

(২০) ר = রোসিই রোসিই -- আমার মাথা! আমার মাথা! (২ বাদশাহ্‌নামা ৪:১৯)

(২১) שׂ = সয়ো সয়ারিম হা সেইকেম -- হে পুরদ্বার সকল, মস্তক তোল। (জবুর ২৪:৭)

(২২) שׁ = শেম এসেথ আবরাহাম সারি -- ইবরাহিমের স্ত্রীর নাম সারী। (পয়দায়েশ ১১:২৯)

(২৩) תּ = টাম্‌মো দিভরেই ইয়োভ -- আইউবের বাক্য সমাপ্ত। (আইউব ৩১:৪০)

১.১০ ছয়টি হিব্রু consonants বা ব্যঞ্জনবর্ণ בּ, גּ, דּ, כּ, פּ, תּ, প্রায়ই দেখতে পাওয়া যাবে যে, এর মধ্যে একটি বিন্দু ব্যবহার করা হয়েছে বা কোন কোন সময় বিন্দু ব্যবহার করা হয় নি। এই বিন্দুকে হিব্রু ভাষায় <u>ডেগেস লেইন</u> (dagesh lane) বলা হয়ে থাকে। এই বিন্দু সাধারণত ব্যবহার করা হয়ে থাকে যদি এই অক্ষর দিয়ে কোন নতুন শব্দ লেখা শুরু হয়ে থাকে বা কোন শব্দের ভিতরে শব্দাংশ (syllable) লেখবার জন্যও এই বিন্দু ব্যবহার করা হয়ে থাকে।

যে অক্ষরগুলো বিন্দু বা ডেগেস লেইন গ্রহণ করে সেগুলোকে একত্রে মনে রাখবার জন্য আমরা একটি নাম ব্যবহার করতে পারি যেমন: <u>বাগেড কাফেট</u>।

বা = בּ, গে = גּ, দ = דּ, কা = כּ, পে = פּ, ট = תּ| যখন অক্ষরগুলোতে ডেগেস লেইন বা বিন্দু ব্যবহার করা হয়ে থাকে তখন এর উচ্চারণ একটু শক্ত বা কড়া

হয় এবং যখন বিন্দু ব্যবহার করা হয় না তখন এর উচ্চারণ একটু নরম হয়ে থাকে যেমন:

בּ = ব, কিন্তু ב = ভ; גּ = গ, কিন্তু ג = ঘ; דּ= দ, কিন্তু ד= দ;

כּ = ক, কিন্তু כ =খ; פּ = প, কিন্তু פ = ফ; תּ = ট, কিন্তু ת = থ বা ঠ।

১:১১ ו (ভাব) অক্ষরটি উচ্চারণ ‘ভ’ এর মত। যেমন: ভাইন। তবে একে আর এক ভাবে উচ্চারণ করা যায় তাহল ‘ওয়া’ বা ו যেমন ‘উই’। ‘ভ’ এর মত একই উচ্চারণ হয় ב Gi ক্ষেত্রে যখন তাতে ডেগেস লেইন বা বিন্দু থাকে না।

১:১২ পাঁচটি অক্ষর আছে যার দুই রকম গঠন আছে। প্রথমটিকে বলে ‘সাধারণ গঠন’ regular form অন্যটিকে বলে ‘শেষের গঠন’ বা final form এই পাঁচটি অক্ষর যখন কোন শব্দের শেষে বসে তখন এর শেষের গঠনটি ব্যবহার করা হয়ে থাকে।

সাধারণ গঠন:	כ	מ	נ	פ	צ
শেষের গঠন:	ך	ם	ן	ף	ץ

১:১৩ হিব্রু অক্ষরমালায় পাঁচটি consonants বা ব্যঞ্জনবর্ণ আছে যাদেরকে গাটারেল (gutturals) বলা হয়ে থাকে কারণ এই পাঁচটি অক্ষর গলার ভিতর থেকে উচ্চারিত হয়ে থাকে বলে এই নাম দেয়া হয়েছে। অক্ষরগুলো হল: א ה ח ע মাঝে মাঝে ר অক্ষরটিও এই গাটারেলের আওতায় পরে থাকে।

১:১৪ এক নজরে হিব্রু অক্ষরমালার গাণিতিক মূল্য শিক্ষা করুন। একটি বিষয় জানতে হবে যে, হিব্রু অক্ষরমালায় বাংলা সংখ্যার মত কোন সংখ্যা নেই যদিও অনেক পরে ইংরেজী সংখ্যা তাদের ভাষায় ব্যবহার করা শুরু করেছে কিন্তু হিব্রু অক্ষরমালার যে গাণিতিক মূল্য আছে তাই তারা যুগ যুগ ধরে ব্যবহার করে আসছিল। নিচে প্রতিটি অক্ষরের গাণিতিক মূল্য দেখুন। ডান দিক থেকে পড়ুন।

অনুশীলন ১

প্রতিটি অনুশীলন এমনভাবে লিখতে চেষ্টা করা হয়েছে যেন যারা কিতাবুল

পাঠ ১

মোকাদ্দসের হিব্রু ভাষা অধ্যয়ন করতে চাইবেন তারা যেন খুব সাধারণ ভাবেই এই ভাষা রপ্ত করতে পারেন। আমাদের উদ্দেশ্য একটাই যেন হিব্রু ভাষায় যে কিতাবুল মোকাদ্দস আছে তা আমরা পাঠ করতে পারি এবং তার অর্থ সহজ ভাবেই আমাদের ভাষায় হৃদয়াঙ্গম করতে পারি। সেজন্য প্রতিটি অনুশীলনে চেষ্টা করা হয়েছে পবিত্র হিব্রু কিতাবুল মোকাদ্দস থেকে এর উদাহরণ সংগ্রহ করতে যেন এর সংগে নিবির ভাবে আমাদের পরিচয় ঘটে।

১. পুরো একটি লাইনে এক একটি অক্ষর লিখতে লিখতে লাইনটি ভরে ফেলুন। এতে আপনার লিখবার অভ্যেস গড়ে উঠবে এবং অক্ষরটি আপনার মানষপটে গেঁথে থাকবে। **א א א א א א א א א א אא א אא א אא א א**

২. **א** থেকে শুরু করে **ת** পর্যন্ত অক্ষরগুলো সঠিক ভাবে উচ্চারণ করুন এবং আপনার নোটবুকে চারকোনা ঘর করে তার ভিতরে মাফ অনুসারে অক্ষরটিকে লিখতে চেষ্টা করুন। বার বার লিখুন তাতে আপনার অভ্যেস গড়ে উঠবে এবং আপনার হাতের লেখা সুন্দর হবে।

৩. নিন্ম বর্ণিত পদটির অক্ষরগুলো (ইহিস্কেল ৩৮:১২) উচ্চারণ করতে চেষ্টা করুন। এই আয়াতটির মধ্যে হিব্রু অক্ষরমালর সব কয়টি অক্ষরই রয়েছে।

לִשְׁלֹל שָׁלָל וְלָבֹז בַּז לְהָשִׁ֫יב יָדְךָ עַל חֳרָבוֹת נוֹשָׁבֹת
וְאֶל עַם מְאֻסָּף מִגּוֹיִם עֹשֶׂה מִקְנֶה וְקִנְיָן יֹשְׁבֵי עַל
טַבּוּר הָאָרֶץ

৪. প্রতিটি consonant উচ্চারণ করে হিব্রু অক্ষর দিয়ে লিখতে চেষ্টা করুন যেমন ১:৮ শিখেছেন: উদাহরণস্বরূপ: **אלף** আলেফ; **בית** বৈৎ; ইত্যাদি।

৫. কোন কোন অক্ষর দেখতে প্রায়ই একই রকম এবং সেজন্য খুব সহজেই বিভ্রান্তি হতে পারে এবং একটির সংগে অন্যটি গুলিয়ে যেতে পারে। নিন্মলিখিত অক্ষরগুলো ভালভাবে লক্ষ্য করুন এবং প্রতিটি অক্ষর ভালভাবে মুখস্থ করুন এবং হাতে লিখে প্রাকটিস্ করুন।

(১) בּ, כ, פּ, (২) ף, ק (৩) גּ, נ (৪) ך, ן

(৫) ד, ר (৬) ז, ו, י (৭) ס, ם (৮) ט, מ

(৯) ה, ח, ת (১০) ע, צ, ץ

৬. কোন কোন অক্ষরের উচ্চারণের শব্দ প্রায় একই রকমের। একই রকমের উচ্চারণের যে যে অক্ষরগুলো আছে তা বুঝতে চেষ্টা করুন এবং অক্ষরগুলো চিনে নিতে চেষ্টা করুন।

(১) ס, שׂ - 'স', সাব্বাত বা 'S' as in Set

(২) כּ, ק - 'ক' কাফেলা বা 'K' as in Keep

(৩) ט, ת - 'ট' টাটা বা 'T' as in Tall

(৪) ב, ו - 'ভ' ভাল বা 'V' as in Vine

(৫) ח, כ - 'খ' খবর বা 'CH' as in Bach

(৬) א, ע - 'আ' এই অক্ষরটি অনেকটাই অনুচ্চারিত কিন্তু বাংলায় আমরা אָמֵן 'আমিন' עָשָׂה 'আসা' লিখতে পারি।

৭. নিচে কতগুলো Proper name বা নাম বাচক বিশেষ্য বা দেওয়া হল। Proper noun গুলো উচ্চারণ করতে চেষ্টা করুন এবং যদি হিব্রু কিতাবুল মোকাদ্দস থাকে তা থেকে খুঁজে বেড় করুন।

(১) בֵּית לֶחֶם (বৈৎলেহেম, মীখা ৫:১)

(২) גָּד (গাদ, পয়দায়েশ ৩০:১১)

(৩) דָּוִד (দাউদ, ১ শামুয়েল ১৬:২৩)

(৪) הָגָר (হাজেরা, পয়দায়েশ ১৬:১)

(৫) כְּנַעַן (কেনান, পয়দায়েশ ১২:৫)

(৬) יִשְׂרָאֵל (ইসরাইল, পয়দায়েশ ৩৫:১০)

(৭) לָבָן (লাবন, পয়দায়েশ ২৪:২৯)

(৮) מֹשֶׁה (মূসা, হিজরত ২:১০)

(৯) נבכדנאצר (নবূখদ্‌নিৎসর, ২ বাদশাহ্‌নামা ২৪:১)

(১০) נתן (নাথন, ২ শামু ৭:৩)

(১১) סדם (সদোম, পয়দায়েশ ১৩:১৩)

(১২) פארן (পারণ, দ্বি:বি ১:১)

(১৩) קדשׁ (কাদেশ, পয়দায়েশ ১৪:৭)

(১৪) שׁם (সাম, পয়দায়েশ ৯:২৩)

(১৫) תמר (তামর, পয়দায়েশ ৩৮:৬)

৮. উপরে বর্ণিত অক্ষরগুলো জোরে জোরে উচ্চারণ করুন। যেমন ם মেম; ח খেৎ বা হে; ל লামেদ; ת টেট; י ইয়ুদ; בּ বেৎ ।

৯. এবার আপনার মুখস্থ করার জন্য পবিত্র তৌরাত শরীফের দশ হুকুম-নামার প্রথম হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। প্রতিটি অধ্যায় অনুশীলন করার সময় যদি একটি করে হুকুম মুখস্থ করে যান তবে দশটি হুকুমই আপনি হিব্রু ভাষায় মুখস্থ করতে পারবেন। ডান দিক থেকে পড়বেন।

לֹא יִהְיֶה־לְךָ אֱלֹהִים אֲחֵרִים עַל־פָּנָי

পানাই আল অহেরিম এলোহিম লকা ইহয়ে লো

আমার সাক্ষাতে অন্য কোন দেবতা তোমার অবশ্যই থাকবে না

আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক। (হিজরত ২০:৩)

পাঠ ২

স্বরবর্ণ (Vowles)

প্রাচীন হিব্রু ভাষায় কোন লিখিত স্বরবর্ণ পদ্ধতি নেই। ভাষা পড়া ও বলা হত মৌখিক ঐতিহ্যের উপর– যে ঐতিহ্য বংশ পরম্পরায় একপুরুষ থেকে তার পরবর্তী পুরুষের মধ্যে হস্তান্তরিত হয়েছে। এইভাবেই প্রাচীন ঐতিহ্য পুরুষে পুরুষে টিকে আছে।

হিব্রু ভাষায় সাধারণত তিন শ্রেণীর স্বরবর্ণ আছে। এই শ্রেণীগুলোর নাম হল 'এ' 'আই বা ই' ও 'ও বা ইউ'। এই তিন শ্রেণীর প্রত্যেক শ্রেণীর জন্য আবার দীর্ঘ বা অনতিদীর্ঘ স্বরবর্ণ আছে। কোন কোন পুস্তকে আবার এদেরকে পূর্ণ স্বরবর্ণ বা অর্ধ স্বরবর্ণ বলা হয়। অনতিদীর্ঘ স্বরবর্ণের জন্য বর্ণান্তরীত (transliteration) রূপ নেই কিন্তু দীর্ঘ স্বরবর্ণের জন্য বর্ণান্তরীত রূপ রোমান হরফে পাওয়া যায়।

তবে সেই প্রাচীন কাল থেকেই হিব্রু ভাষায় কোন কোন consonants বা ব্যঞ্জনবর্ণ স্বরবর্ণ সহায়ক বা indicators হিসাবে কাজ করে আসছে যদিও এই অক্ষরগুলো সব সময়ই স্বরবর্ণের মর্যাদা লাভ করে আসছে। এইভাবে א (আলেফ) এবং ה (হে) এ দু'টি অক্ষর 'এ' শ্রেণীর স্বরবর্ণের সহায়ক হিসাবে এবং י (ইয়ুদ) 'ই বা আই' শ্রেণীর স্বরবর্ণের সহায়ক হিসাবে এবং ו (ভাভ বা ওয়া) অক্ষরটি 'ও বা ইউ' শ্রেণীর স্বরবর্ণের সহায়ক হিসাবে কাজ করে আসছে। প্রাচীন হিব্রু ব্যকারণবিদগণ এই স্বরবর্ণের সহায়ক অক্ষরগুলোকে matres lections, বা "mothers of reading" হিসাবে মর্জদা দিয়েছেন। স্বরবর্ণের সহায়ক হিসাবে י (ইয়ুদ) ও ו (ওয়া) এই দু'টি ব্যঞ্জনবর্ণের বহুল ব্যবহার সেই প্রাচীন কাল থেকে লক্ষ্য করা গেছে। হিব্রু ভাষা যখন চলমান ভাষা থেকে হারিয়ে যাচ্ছিল তখন মেসোরেটিক নামে এক শ্রেণীর শাস্ত্রবিদ এই স্বরবর্ণ পদ্ধতি আবিস্কার করেন যেন হিব্রু ভাষার পাক-কিতাবের সঠিক উচ্চারণ ও অর্থ রক্ষা করা যায়।

স্বরবর্ণ গঠনে তৎকালীন অঞ্চলের চলমান ভাষার অর্থাৎ প্যালেষ্টাইন অঞ্চলে ব্যবহৃত 'বিন্দু ও চিহ্ন' সমূহ হিব্রু ভাষায় গ্রহণ করা হয়। মাত্র হোলেম (ֹ) ও সুরেখ (וּ) ছাড়া সব স্বরবর্ণই সাধারণত অক্ষরের নিচে অবস্থান করে। এতে

পাঠ ২

মেসোরেটিকবিদদের সুবিধে হয়েছে প্রাচীন ডকুমেন্ট বা পাক-কিতাবের যে সব স্ক্রোল ছিল তার আয়াতন বৃদ্ধি না করেই ঐতিহ্যগত ভাবে যে উচ্চারণ চলে আসছিল তা পরবর্তী বংশধরদের জন্য রক্ষা করা।

হিব্রু স্বরবর্ণগুলো নিম্নরূপে প্রকাশ করা যায়ঃ

ִ	হিরেক	(חִירֶק)	= ই, ি
ֵ	ছেড়ে	(צֵרֵי)	= এ, ে
ֶ	সিগোল	(סֶגֹל)	= এ, ে
ֻ	কিব্বূস্ছ	(קִבֻּץ)	= উ, ু
וּ	সুরেখ	(שׁוּרֶק)	= উ, ু
וֹ	হোলেম	(חוֹלֶם)	= ও, ো
ָ	কোমেটস্ছ	(קָמֶץ)	= আ, া
ַ	পাথেথ	(פַּתַח)	= আ, া, যা,
ְ	শেওয়া/শেভা	(שְׁוָ)	= নেই তবে (ে) খুব সংক্ষিপ্ত ভাবে
ֱ	হাতেপ সিগোল		= নেই তবে (ে) খুব সংক্ষিপ্ত ভাবে
ֳ	হাতেপ কোমেটসছ		= নেই তবে (ও, ো) খুব সংক্ষিপ্ত ভাবে
ֲ	হাতেপ পাথিথ		= নেই তবে (এ, ে) খুব সংক্ষিপ্ত ভাবে

পাঠ ২

ছকের সাহায্যে স্বরবর্ণ (Vowels)

শ্রেণী	চিহ্ন	নাম	ইং ও বাং এর ভাওয়েল নমুনা		ইংরেজী হিব্রু ও বাংলায় এর উদাহরণ			
‘এ’ শ্রেণীর ভাওয়াল	ָ	কোমেট্‌স	ä	আ	אָ	a hat	אָב	আব
	ַ	পাটেহ	ă (a)	এ্যা	אַ	a father	יַד	আদ
	ֶ	সিগোল	ĕ	ে এ	אֶ	e met	פֶּה	পে
‘আই’ ও ‘ই’ শ্রেণীর ভাওয়াল	ִ	হিরিক	i	ি ই	אִ	i pin	הִק	হিক
	ֵ	ছেরে	ē	ি ই	אֵ	e they	שֵׁם	সেম
	ִי	হিরিক-ইয়ুদ	î	ি ই		i unique	אִישׁ	ইস
	ֵי	ছেরে-ইয়ুদ	ê	ই	אֵי	e they	בֵּית	বেইথ
‘ও’ এবং ‘ইউ’ শ্রেণীর ভাওয়েল	ָ	কোমেট-হাতুফ	ŏ	ও ে া	א	o not	כָּל	কল
	ֻ	কিব্বুট্‌স	ū	ে া	א	u put	הֻק	হুক
	ֹ	হোলেম (অসম্পুর্ণ)	ō	ও	א	o roll	רֹב	রউব
	וֹ	হোলেম (সম্পূর্ণ)	ô	ও	אוֹ	o roll	קוֹל	কওল
	וּ	সুরেখ	û	ঔ	אוּ	u true	קוּם	কঔম

পাঠ ২

স্বরবর্ণ প্রসংগে যেসব বিষয়গুলো মনে রাখতে হবে:

২.১ এখানে যে সব স্বরবর্ণ দেওয়া হল তাকে আমরা সম্পূর্ণ স্বরবর্ণ বলতে পারি। এছাড়াও কিছু অর্ধ স্বররর্ণ আছে। সেসব স্বরবর্ণ নিয়ে আমরা পরে আলোচনা করব।

২.২ এই কথা মনে রাখতে হবে যে, ব্যকারণের উদ্দেশ্যেই এই সব স্বরবর্ণ বা স্বরবর্ণকে long vowels ও short vowels এই দুই ভাগে ভাগ করা হয়েছে। স্বরবর্ণের এই পার্থক্য বিশেষভাবে noun ও verbs গঠনের ক্ষেত্রে গুরত্বপূর্ণ।

২.৩ উপরে যে ছকে শব্দ বা উচ্চারণ দেওয়া হয়েছে তা মাত্র মৌখিক হিব্রু ভাষা মোটামুটি বুঝবার জন্য। প্রায়ই মৌখিক ভাষায় স্বরবর্ণ-শব্দের খুব একটা পার্থক্য বুঝা যায় না। এর মধ্যে হিরেক-ইয়ুদ ও হিরেক এবং সুরেখ ও কিব্বুট্স এর পার্থক্য খুব একটা বুঝা যায় না, যেমন কোমেট ও পাতেহ এর পার্থক্য লক্ষ্য করা যায় না।

২.৪ হোলেম ও হোলেম-ভাব এবং সুরেখ ছাড়া আর সব স্বরবর্ণই ব্যঞ্জনবর্ণের বা consonants অক্ষরের নিচে অবস্থান করে।

২.৫ স্বরবর্ণকে এমনভাবে সাজানো হয়েছে যেন তা consonants-এর মধ্যে স্থাপন করা যায় এবং তাতে কিতাবের আকার যেন বৃদ্ধি না পায়। কিতাবের আকার কতখানি হবে তা নির্ভর করে ব্যঞ্জনবর্ণের বা consonants-এর উপর স্বরবর্ণের উপর নয়। অন্য কথায় বলতে গেলে বলতে হয় স্বরবর্ণ যুক্ত পাক-কিতাবের আয়াতন যতখানি হবে স্বরবর্ণ ছাড়াও এর আয়াতন ঠিক ততখানি হবে। এর মানে হল, ইয়ুদের মধ্যে যে ছেরে-ইয়ুদ ও হিরেক ইয়ুদ আছে এবং ভাব এর মধ্যে যে হোলেম-ভাব ও সুরেখ আছে তা স্বরবর্ণ হিসাবে মার্ক করার আগে ইতিমধ্যেই হিব্রু কিতাব বা Text এর স্বরবর্ণের মধ্যে ছিল। সেজন্য স্বরবর্ণ নয় কিন্তু ব্যঞ্জনবর্ণই কিতাবের আকার নির্ধারণ করে।

২.৬ কোমেট্স (ָ) এবং কোমেট্স-হাতুফ (ָ) দেখতে একই রকম যদিও একটি ব্যবহার করা হয়ে থাকে long 'এ' শ্রেণীর স্বরবর্ণ হিসাবে এবং অন্যটি short 'ও' শ্রেণীর স্বরবর্ণ হিসাবে। কোমেট্স-হাতুফ ব্যবহার হয় যখন হোলেম নিচুস্বরে ব্যবহার করা হয়ে থাকে।

২.৭ যখন হোলেম (ֹ) ঐ অক্ষরের পূর্বে বসে তখন শিন שׁ উপরে যে বিন্দু আছে সেটার সংগে তা এক হয়ে গিয়ে মাত্র একটি বিন্দু হয় এবং একটি বিন্দুই দু'টি

উদ্দেশ্যে ব্যবহার করা হয়ে থাকে। উদাহরণস্বরূপ মাঝে মাঝে מֹשֶׁה মোসে মানে মূসা লিখা হয়ে থাকে। একই ভাবে শিন שׁ এর পরে যে হোলেম ব্যবহার করা তাও দুই বিন্দু একটি বিন্দু হয়ে দু'টি উদ্দেশ্যে ব্যবহার করা হয়ে থাকে, যেমন שֹׂנֵא শোনে মানে শত্রু। যাহোক, কোন কোন ভারসন হোলেম এবং সিন ও শিন এর উপরের বিন্দু আলাদা আলাদা ভাবেই লিখে থাকে। যেমন বিবলিয়া হিবরাইকা স্টুটগারটিনসিয়া (BHS) তেমনি একটি ভারসন। এটিতে মোসে বানান লিখা হয়েছে এ ভাবে: מֹשֶׁה, আবার সোনে (শত্রু) লিখা হয়েছে এভাবে שֹׂנֵא।

২.৮ হোলেম (ֹ) এবং হোলেম-ভাব (וֹ) কোন শব্দে কোন রকম পরিবর্তন ছাড়া একই উচ্চারণের জন্য ব্যবহার করা হয়ে থাকে। যেমন: טֹבִים তোভিম טוֹבִים তৌভিম। একই শব্দ দুই ভাবে লেখা হয়ে থাকতে পারে।

অর্ধ স্বরবর্ণ বা অনতিদীর্ঘ স্বরবর্ণ

এ পর্যন্ত আমরা পূর্ণ স্বরবর্ণ নিয়ে আলোচনা করেছি। হিব্রু ভাষায় পূর্ণ স্বরবর্ণের পাশাপাশি কিছু অর্ধ স্বরবর্ণ লক্ষ্য করা যায়। প্রকৃত পক্ষে এই অর্ধ স্বরবর্ণ পূর্ণ স্বরবর্ণের প্রতিনিধিত্ব করে। এই অর্ধ স্বরবর্ণ ভাল করে বুঝতে গেলে আমাদের অবশ্যই শেভা (ְ) বা শেওয়া (שְׁוָא) দিয়ে শুরু করতে হবে। এর পরে আমরা আমাদের আলোচনায় এটিকে শেভা নামেই উলেখ করব।

মূলতঃ দুই শ্রেণীর শেভা লক্ষ্য করা যায়। প্রথমটি হল vocal বা স্বরযুক্ত শেভা আর দ্বিতীয়টি হল silent বা নীরব শেভা। আমরা বিশেষ করে স্বরযুক্ত শেভার উপরই জোর দিব। স্বরযুক্ত শেভা দেখতে প্রায় ইংরেজির কোলন এর মত, কিন্তু এটি ব্যঞ্জনবর্ণের নিচে অবস্থান করে। এটি হয় শব্দের প্রথম অক্ষরের নিচে অথবা কোন শব্দের syllable এর শুরুতে ব্যবহৃত হয়ে থাকে। তৌরাত শরীফের প্রথম স্বরবর্ণ যুক্ত শব্দ হল בְּרֵאשִׁית বেরেসিথ "প্রথমেই" (পয়দায়েশ ১:১) একটি স্বরযুক্ত শেভা ব্যবহার করা হয়েছে। উদাহরণ হিসেবে বলতে গেলে স্বরযুক্ত শেভার শব্দ সংক্ষিপ্ত 'এ' বা ' ্ ' এর মত। যেমন בְּרִית (বেরিথ)। বাংলায় এই শব্দের অর্থ নিয়ম বা চুক্তি যাকে আমরা ইংরেজীতে কভনেন্ট বলে থাকি।

পাঠ ২

সাধারণ স্বরযুক্ত শেভা তিনটি অনতিদীর্ঘ স্বরবর্ণ বা short vowels এর সংগে মিশে compound শেভার সৃষ্টি করতে পারে। compound শেভা এখনও অর্ধ স্বরবর্ণ হিসেবেই পরিচিত, তাই তারা সব সময়ই স্বরযুক্ত শেভা হিসাবে অবস্থান করে, নীরব বা silent শেভা নয়। যে সমস্ত গাটারেল অর্থাৎ (א, ה, ח, ע এবং মাঝে মাঝে ר) সাধারণ স্বরযুক্ত শেভার সংগে উচ্চারণে অসুবিধা হয় বলে কম্পাউন্ড শেভা গঠিত হয়েছে। সেজন্য সাধারণতঃ সাধারণ স্বরযুক্ত শেভা গাটারেল অক্ষরের নিচে দেখা যায় না কারণ তা তিনটি কম্পাউন্ড শেভার যে কোন একটিতে রূপান্তিত হয়ে থাকে।

যে তিনটি অনতিদীর্ঘ স্বরবর্ণ কম্পাউন্ড শেভার মধ্যে পাওয়া যায় তারা হলঃ পাতেহ, সিগোল, এবং কোমেট-হাতুফ।

◌ַ যোগ = ◌ֲ ‘হাতুফ-পাতেহ’ বলা হয়

◌ֶ যোগ = ◌ֱ ‘হাতুফ-সিগোল’ বলা হয়

◌ָ যোগ = ◌ֳ ‘হাতুফ-কোমেট’ বলা হয়।

‘হাতুফ-পাতেহ’ (◌ֲ) এর শব্দ দ্রুত বলা পাতেহ এর মত এবং ‘হাতুফ-সিগোল’ (◌ֱ) এর শব্দ দ্রুত বলা সিগোলের মত এবং ‘হাতুফ-কোমেট’ (◌ֳ) এর শব্দ দ্রুত বলা কোমেট্স-হাতুফের মত। লক্ষ্যণীয় বিষয় হল যে, হাতুফ-কোমেট্স সব সময়ই ‘ও’ শ্রেণীর স্বরবর্ণ অর্ধ-স্বরবর্ণ, কখনও তা ‘এ’ শ্রেণীর স্বরবর্ণ হয় না।

নিম্নে গাটারেলের সংগে কম্পাউন্ড শেভা দিয়ে শব্দ হলে তা নিম্নরূপ হবেঃ

(১) אֲנִי ‘আনি’ মানে ‘আমি’। এখানে আ এর উচ্চারণ দ্রুত হবে।

(২) אֱנוֹשׁ ‘এনোশ’ মানে ‘মানুষ বা মানব জাতি’। এখানে এ এর উচ্চারণ দ্রুত হবে।

(৩) חֳלִי ‘হোলি’ মানে ‘অসুস্থতা’ । এখানে হো এর উচ্চারণ দ্রুত হবে।

নিচে তৌরাত শরীফের ১ম খণ্ড পয়দায়েশ ১:১-৩ আয়াত পূর্ণ ও অর্ধ vowel সহ দেওয়া হল। আপনি এই পদগুলোর অক্ষরের মধ্যে যে সব vowel ব্যবহার করা

পাঠ ২

হয়েছে সেখান থেকে vowel গুলো খুঁজে বের করুন ও উচ্চারণ করুন।

1 בְּרֵאשִׁ ית בָּרָא אֱלֹהִים אֵ ת הַשָּׁמַ יִם
וְאֵ ת הָאָ רֶץ׃

১ আদিতে আল্লাহ্ আসমান ও দুনিয়া সৃষ্টি করলেন।

2 וְהָאָ רֶץ הָיְתָ ה תֹ הוּ וָבֹהוּ וְחֹשֶׁךְ
עַל־פְּנֵ י תְהוֹם וְרוּחַ אֱלֹהִים מְרַחֶ פֶת
עַל־פְּנֵ י הַמָּ יִם׃

২ দুনিয়া আকারবিহীন ও শূন্য ছিলো এবং অন্ধকার জলধির উপরে ছিলো, আর আল্লাহ্‌র রূহ্ পানির উপরে অবস্থিতি করছিলেন।

3 וַיֹּאמֶר אֱלֹהִ ים יְהִ י אוֹר וַ יְהִי־אוֹר׃

৩ আর আল্লাহ্ বললেন, দীপ্তি হোক; তাতে দীপ্তি হল।

অনুশীলন ২

১. প্রতিটি স্বরবর্ণের বা vowels এর নাম মুখস্থ করুন। প্রতিটি স্বরবর্ণ আলাদা আলাদা করে কাগজে লিখতে চেষ্টা করুন।

২. প্রতিটি অক্ষর প্রতিটি স্বরবর্ণ দিয়ে লিখুন। স্বরবর্ণের চার্ট থেকে সাহায্য নিন।

উদাহরণস্বরূপ: אָ אַ אֵ אֵי אֶ אִי אִ אֹ אוֹ אָ אוּ אֻ

৩. স্বরবর্ণ দিয়ে অক্ষরগুলোকে উচ্চারণ করতে থাকুন যতক্ষণ না পর্যন্ত আপনি স্বরবর্ণের শব্দের সংগে ভালভাবে পরিচিত না হবেন।

בַ בָ בֶ בִי בוֹ בוּ בֵ בֻ בְ
כֶ כַ כָ כוּ כִי כֵ כוֹ כֻ כְ

חוֹ חָ חֻ חֵ חִי חוּ חֶ חַ חְ
כַּ כּוֹ כְּ כִּי כֵּ כָּ כֻּ כּוּ כֶּ
אַךְ בָּךְ אֵיךְ לָךְ כַּךְ רַךְ לָךְ
בְּךָ לְךָ אוֹתְךָ שִׁמְךָ בָּנֶיךָ לְךָ
חָכָם מֶלֶךְ כּוֹכָב עֵינֶיךָ אָנֹכִי

৪. নিম্ন লিখিত শব্দগুলো স্বরবর্ণ অনুসারে উচ্চারণ করুন ও বাংলায় লিখতে চেষ্টা করুন।

יָם, הַר, יָד , יוֹם , לֵב, עַם, קוֹל, דָּם, רַב, שַׂר, אֵל, שָׁלוֹם
סוּס, אֵת, פֶּה, אֵם, אֱמֹר, כֻּל, בְּרִית, נָתַן, הָיָה, אָדָם .

৫. নিচে হিব্রু বর্ণমালায় পূর্ণ স্বরবর্ণ ব্যবহার করে লেখা হয়েছে। বর্ণমালাগুলো স্বরবর্ণ ব্যবহার করে সঠিক ভাবে উচ্চারণ করুন এবং বাংলায় শুদ্ধ করে লিখতে চেষ্টা করুন।

(১) אָלֶף আলেফ (২) בֵּית (৩) גִּימֶל (৪) דָּלֶת
(৫) הֵא (৬) וָו (৭) זַיִן (৮) חֵית
(৯) טֵית (১০) יוֹד (১১) כַּף (১২) לָמֶד
(১৩) מֵם (১৪) נוּן (১৫) סָמֶךְ (১৬) עַיִן
(১৭) פֵּא (১৮) צָדֵי (১৯) קוֹף (২০) רֵישׁ
(২১) שִׂין (২২) שִׁין (২৩) תָּו

৬. আপনি দ্বিতীয় পাঠে পয়দায়েশ ১:১-৩ আয়াতের vowels এর ব্যবহার লক্ষ্য করেছেন। এখানেও পয়দায়েশের ১:১-৩ আয়াত দেওয়া হল কিন্তু এখানে vowels নেই। আপনি আগে দেওয়া আয়াতগুলো দেখে দেখে স্বরবর্ণগুলো বা vowels বসান।

পাঠ ২

1 בראשית ברא אלהים את השמים
ואת הארץ׃
2 והארץ היתה תהו ובהו וחשך
על־פני תהום ורוח אלהים מרחפת
על־פני המים׃
3 ויאמר אלהים יהי אור ויהי־אור׃

৭. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার দ্বিতীয় হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের অধ্যায় আপনি প্রথম হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার দ্বিতীয় হুকুমটি মুখস্থ করুন।

4 לֹא תַעֲשֶׂה־לְךָ פֶסֶל ׀ וְכָל־תְּמוּנָה אֲשֶׁר

লো . থাএসে-লেকা পেসেল ভাকাল-টিমোনা এসের

না . তুমি অবশ্যই তৈরী করবে কোন মূর্তি এবং কোন আকৃতি যা

בַּשָּׁמַיִם ׀ מִמַּעַל וַאֲשֶׁר בָּאָרֶץ מִתָּחַת וַאֲשֶׁר

বাস্‌সামাইম মিম্মায়াল ভায়াসের বায়ারেস্‌ছ মিটাহাথ ভায়াসের

বেহেশতে তার উপরে এবং যা পৃথিবীর উপরে তার নিচে এবং যা

בַּמַּיִם ׀ מִתַּחַת לָאָרֶץ

বামাইম মিটাহাথ লায়ারেট্‌ছ

পানিতে বা তার নিচে দুনিয়াতে

হিজরত ২০:৪ তুমি তোমার জন্য খোদিত মূর্তি নির্মাণ কোরো না; উপরিস্থ বেহেশতে, নিচস্থ দুনিয়াতে ও দুনিয়ার নিচের পানির মধ্যে যা যা আছে, তাদের কোন মূর্তি নির্মাণ কোরো না।

৮. এবার পয়দায়েশের ১:৪-৬ আয়াত দেওয়া হল। স্বরবর্ণ দেখে দেখে বানান করে করে পাঠ করুন। এতে আপনার পাঠ করার অভ্যেস গড়ে উঠবে।

4 וַיַּ֥ רְא אֱלֹהִ֛ ים אֶת־הָא֖וֹר כִּי־ט֑וֹב וַיַּבְדֵּ֣ל
אֱלֹהִ֔ים בֵּ֥ ין הָא֖וֹר וּבֵ֥ ין הַחֹֽשֶׁךְ׃

৪ তখন আল্লাহ্ দীপ্তি উত্তম দেখলেন এবং আল্লাহ্ অন্ধকার থেকে দীপ্তি পৃথক করলেন।

5 וַיִּקְרָ֨ א אֱלֹהִ֤ ים׀ לָאוֹר֙ י֔וֹם וְלַחֹ֖שֶׁךְ קָ֣ רָא
לָ֑יְלָה וַֽ יְהִי־עֶ֥ רֶב וַֽ יְהִי־בֹ֖קֶר י֥וֹם אֶחָֽ ד׃ פ

৫ আর আল্লাহ্ দীপ্তির নাম দিবস ও অন্ধকারের নাম রাত্রি রাখলেন। আর সন্ধ্যা ও সকাল হলে তা প্রথম দিবস হল।

6 וַיֹּ֣ אמֶר אֱלֹהִ֔ים יְהִ֥ י רָקִ֖ יַע בְּת֣וֹךְ הַמָּ֑יִם
וִיהִ֣ י מַבְדִּ֔יל בֵּ֥ ין מַ֖ יִם לָמָֽ יִם׃

৬ পরে আল্লাহ্ বললেন, পানির মধ্যে বিতান হোক ও পানিকে দুই ভাগে পৃথক করুক।

ভাওয়েল বা স্বরবর্ণ ব্যবহারের বিশেষ অনুশীলন শিক্ষা করা

স্বরবর্ণের ব্যবহার ও উচ্চারণ করে পাঠ করার সুবিধার জন্য এই শিক্ষামালাটি এখানে সংযোজন করা হয়েছে। এর সংগে স্বরবর্ণ ব্যবহার করে যেসব প্রাথমিক শব্দ ও বাক্য গঠন করা যায় তার তার নমুনা এখানে শিক্ষা করার জন্য দেওয়া হয়েছে। ধারাবাহিক ভাবে এই শিক্ষামালাটুকু ব্যবহার করতে পারলে হিব্রু স্বরবর্ণ ব্যবহারের অনেক ধারনা লাভ করা যাবে।

בַּ אַ בָ בַּ אָ אַ בָּ אָ אַ בָ

בָא בַּא אָב בָּא אָב בָּא

পাঠ ২

আস	בָּא
বাবা	אָב

বাবা আস।	אָב בָּא:

בִ בֵ בֵּ בִּ אֵ אִ מִ מֵ םָ מַ

אֵי אִי בִי בִּי מִי אֵם אִם

মা	אֵם
কে	מִי
আমার মা	אֵמִי
আমার বাবা	אָבִי

কে আসে?	מִי בָּא?
আমার বাবা আসে।	אָבִי בָּא:

הָ הִ הֵ נַ נֵ נֵי בֵּן בָּה הַב

הַן הֵן נָה נִה נֵה נָב מָה מִן

הִי נָא נֵי הִיא נִיא נָבָה בָּנָה

পাঠ ২

আমি	אֲנִי
কোথায়	אֵי
পুত্র	בֵּן
সে (স্ত্রীলিঙ্গ)	הִיא
নবী	נָבִיא
আসে (স্ত্রীলিঙ্গ)	בָּאָה
কি	מַה or מָה
বা	הַ or הָ

আমার বাবা কোথায়?	אֵי אָבִי
আমি একজন বাবা।	אֲנִי אָב
সে কে?	מִי הִיא
নবী আসে।	הַנָּבִיא בָּא
নবী কে?	מָה נָבִיא
আমার বাবা আসে।	בְּנִי בָּא

পাঠ ২

לֵ וַ לִ לָ וֶ וִי לִי לָי וַי וֵי

וֶו וֵל וַל לֵה הֵל לָה הָל

לִבָּה לַיִל לֵבְמָה מָלֵא מְלָה

לַיְלָה	রাত্রি
אֵל	আল্লাহ্
מַיִם	পানি
אָמֵן	আমিন
הִנֵּה	এখানে
יָם	সাগর
הִנֵּנִי	আমি এখানে
לִי	আমার প্রতি

לַיְלָה בָּא	রাত্রি আসে।
בְּנִי בָּא לִי	আমার পুত্র আমার কাছে আসে।
אֵם בָּאָה בַּלַּיְלָה	মা রাত্রে আসে।
אָבִי וְאִמִּי הִנֵּה	আমার মা ও আমার বাবা এখানে।
מַיִם בַּיָּם	সাগরে পানি আছে।

পাঠ ২

שַׁ שִׁ שֵׁ רֵ רִ רַי שׁוֹ שֵׁי שֶׁי רוֹ

שָׁר שַׁר שִׁיר שׁוֹר שִׁר רָשׁ רוֹשׁ

נֵר יַר רַב מִשׁ שַׁב שִׁים הֶשׁ שֶׁל

שָׁלוֹם	শান্তি
שָׁמַיִם	আকাশমণ্ডল
אָמַר	বলেছে (পুলিঙ্গ)
בָּרָא	সৃষ্টি করা (পুলিঙ্গ)
אָמְרָה	বলেছে (স্ত্রীলিংগ)
יוֹם	দিন
אוֹר	আলো
רַבִּי	হুজুর বা গুরু
שֵׁם	নাম

שְׁמִי לֵוִי	আমার নাম লেবি।
מַה שְּׁמוֹ	তার নাম কি।
שְׁמוֹ אַבְרָהָם	তার নাম ইবরাহিম।
שַׂר שָׁלוֹם	শান্তির শাসনকর্তা।
בָּרָא אֵל שָׁמַיִם	আল্লাহ্ আকাশমণ্ডল সৃষ্টি করেছেন।

পাঠ ২

טָ עִ אֵט טוֹ עוּ טֶא עֶא עֶט

הוֹ הוּ בּוֹ בּוּ לוֹ לוּ מוּ רוּ

בֵּע בֶּט שׁוּל טוֹב טוּע עוּט

עֶרֶב	সন্ধ্যা
טוֹב	ভাল
יִשְׂרָאֵל	ইসরাইল
עַל	উপরে, উপর
הִיא	সে (স্ত্রীলিঙ্গ)
הוּא	সে (পুলিঙ্গ)

עֶרֶב טוֹב	শুভ সন্ধ্যা।
מִי בָּא בָּעֶרֶב	সন্ধ্যায় কে আসে?
הִיא בָּאָה בָּעֶרֶב	সে সন্ধ্যায় আসে (স্ত্রীলিঙ্গ)।
הוּא בָּא בָּעֶרֶב	সে সন্ধ্যায় আসে (পুলিঙ্গ)।
שָׁלוֹם עַל יִשְׂרָאֵל	ইসরাইলের উপরে শান্তি।
מַה שְּׁמוֹ	তার নাম কি?
שְׁמוֹ יִשְׂרָאֵל	তার নাম ইসরাইল।

পাঠ ২

דָ דֵ דַ ד דוֹ תִ תַ ת תוֹ תֱ

תֹד תֱד דֶת דֵת דַד תוּד

בַּת דָב אֱל תַל מִיד דוֹת

মূসা	מֹשֶׁה
আল্লাহ্, দেবতা	אֱלֹהִים
দেওয়া হয়েছে (পুংলিঙ্গ)	נָתַן
সাববাত	שַׁבַּת
শিক্ষা, আইন-কানুন	תּוֹרָה
আমাদের প্রতি	לָנוּ

শুরু, আরম্ভ	רֵאשִׁית
ছাত্র	תַּלְמִיד
ছাত্রী	תַּלְמִידָה
অধ্যয়ন (পুং)	לוֹמֵד
অধ্যয়ন (স্ত্রী)	לוֹמֶדֶת

শান্তিপূর্ণ সাব্বাত।	שַׁבַּת שָׁלוֹם
এবং তারা সাববাত পালন করে।	וְשָׁמְרוּ אֶת הַשַּׁבָּת
মূসা আমাদের তৌরাৎ দিয়েছেন।	נָתַן מֹשֶׁה לָנוּ אֶת הַתּוֹרָה
শুরুতেই আল্লাহ্ সৃষ্টি করেছেন।	בְּרֵאשִׁית בָּרָא אֱלֹהִים
একজন ছাত্র তৌরাৎ অধ্যয়ন করে।	תַּלְמִיד לוֹמֵד אֶת הַתּוֹרָה
একজন ছাত্রী তৌরাৎ অধ্যয়ন করে।	תַּלְמִידָה לוֹמֶדֶת תּוֹרָה

পাঠ ২

צִ צֹ צָ צֶ קִ קֹ קֳ קֱ קְ קֲ

אן קֵן צַק צִק קֹן רַק רֶן

צִן צֶא צֹה קָא קָה קֹן הן

הָיָה	অস্তিত্ব (পুলিঙ্গ)
אֶרֶץ	ভূমি, পৃথিবী

পয়দায়েশ ১:১৪

וַיֹּאמֶר אֱלֹהִים יְהִי מְאֹרֹת בִּרְקִיעַ הַשָּׁמַיִם
לְהַבְדִּיל בֵּין הַיּוֹם וּבֵין הַלָּיְלָה וְהָיוּ
לְאֹתֹת וּלְמוֹעֲדִים וּלְיָמִים וְשָׁנִים

כִ כֶ כֵּ כֹּ כְ חַ חֶ חֵ חִ חֹ חְ

הַךְ כֹּחַ כָּח חֵךָ חֵךּ כִּח חִךָ

רֹחַ רְחַ רַךָ אַךְ חָךְ חַךָ אַח

כֵּן	হ্যাঁ, সুতরাং
עֵשֶׂב	ঘাস
עֵץ	গাছ, কাঠ

পাঠ ২

পয়দায়েশ ১:৫
וַיִּקְרָא אֱלֹהִים לָאוֹר יוֹם וְלַחֹשֶׁךְ קָרָא לָיְלָה וַיְהִי עֶרֶב וַיְהִי בֹקֶר יוֹם אֶחָד

פֱּ פֳּ פֶּ פֵּ זֻ זֵ זָ זִ זוֹ פּוֹ פִּי

זָה זֵא אַף אֵז הֶז זֶא פֶּז זֶף

פַּח פָּן שֳׁז שַׁז כַּף זֵךְ קֻף

אֲשֶׁר	কোনটি, কে
עָשָׂה	তৈরি, করা (পুংলিঙ্গ)
פָּנִים	মুখমণ্ডল, চেহারা

পয়দায়েশ ১:১১
וַיֹּאמֶר אֱלֹהִים תַּדְשֵׁא הָאָרֶץ דֶּשֶׁא עֵשֶׂב מַזְרִיעַ זֶרַע עֵץ פְּרִי עֹשֶׂה פְּרִי לְמִינוֹ אֲשֶׁר זַרְעוֹ בוֹ עַל הָאָרֶץ וַיְהִי כֵן

পাঠ ৩

গোড়ার কিছু বিষয় যা জানতে হবে

৩.১ মাক্কেফ (מַקֵּף)

মাক্কেফ হল ইংরেজী হাইফেন (-) এর মত একটি চিহ্ন যা দু'টি শব্দ বা এর একাধিক শব্দকে একটি পদের মধ্যে যুক্ত করে। যখন এই শব্দগুলো মাক্কেফের মাধ্যমে সংযুক্ত হয় তখন এটির উচ্চারণ একটি ইউনিট হিসাবে উচ্চারিত হয় এবং শেষ শব্দটির উপরে জোর দেওয়া হয়। এটি সিলেবল সমূহকে সংযুক্ত করার জন্য নয় কিন্তু ভিন্ন ভিন্ন শব্দ সমূহকে একত্রিত করার জন্য ব্যবহৃত হয়। এই মাক্কেফ ব্যবহারের ফলে কোন কোন স্বরবর্ণ পরিবর্তন হতে পারে। যেমন: כֹּל "সমস্ত" כָּל (কোমেট-হাতুফ) হয়ে যায় যখন তা মাক্কেফের পূর্বে বসে, যেমন (পয়দায়েশ ৬:৫)। তেমনি ভাবে מָה শব্দের অর্থ হল "কি" কিন্তু এটি যখন মাক্কেফ দিয়ে সংযুক্ত করা হয় তখন তা হয়ে যায় מַה যেমন: כָּל־הַיּוֹם מַה־יִּקְרָא־לוֹ 'সে সেগুলোর কি নাম রাখবে' (পয়দায়েশ ২:১৯)।

প্রায় বেশীর ভাগ ক্ষেত্রেই মাক্কেফ নিম্নলিখিত monosyllabic বা যে শব্দের মধ্যে একটিই সিলেবল সেই রকম শব্দ সমূহের সংগে ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

(১) אֶל প্রতি	(২) אִם যদি	(৩) גַּם যদিও
(৪) כֹּל সমস্ত	(৫) לֹא না	(৬) מָה কি
(৭) מִי কে	(৮) מִן হতে বা থেকে	(৯) עַד প্রতি
(১০) עַל উপর	(১১) עִם সংগে	(১২) פֶּן অন্ততঃ পক্ষে

মাক্কেফ যুক্ত কিছু শব্দ বা শব্দসমূহ:

עַל־הָאָדָם; מִן־הָאֲדָמָה; כָּל־הָעֵץ; עַל־הָאָרֶץ;
כָּל־יְמֵי־שֵׁת; מִן־הָאָדָם

৩.২ মাপ-পিখ্ (Mappik)

মাপ-পিখ্ হল একটি বিন্দু যা הּ অক্ষরের মধ্যে বসে যখন অক্ষরটি কোন শব্দের শেষে অবস্থান করে এবং এটি একটি ব্যঞ্জনবর্ণ হিসাবে মর্যাদা লাভ করে, যেমন (הּ)। লক্ষ্য করুন, যখন হে (הּ) কোন শব্দের মধ্যে বসে এবং তা গাটারেল ব্যঞ্জনবর্ণ হিসাবেই কোন শব্দের শেষে অবস্থান করে তখন এটির মধ্যে এই বিন্দু ব্যবহৃত হয়ে থাকে। তখন এটি আর silent স্বরবর্ণ হিসাবে ব্যবহার হয় না কিন্তু উচ্চারিত হয়। যেমন: גָּבַהּ (গাবাহ)।

৩.৩ ডাইরেক্ট অবজেক্ট Direct Object এর চিহ্ন אֵת এথ

Direct Object হল এমন একটি শব্দ যা একজন ব্যক্তির বা জিনিষের প্রতিনিধিত্ব করে যার উপর ভিত্তি করে verbs তার কার্য সমাধা করে। Direct Object ডেফিনিটও হতে পারে বা ইনডেফিনিটও হতে পারে। যদি তা ডেফিনিট হয় তবে তার পূর্বে একটি אֵת (এথ) নামক একটি partical বসে। এই পারটিক্যাল Direct Object এর চিহ্ন হিসাবে ব্যবহৃত হয়ে থাকে তাই এটির কোন অনুবাদ হয় না। এই চিহ্নটি একক শব্দ হিসাবে বা মাক্কেফ দ্বারা যুক্ত হয়েও ব্যবহৃত হতে পারে। যদি তা মাক্কেফের দ্বারা যুক্ত হয়ে ব্যবহৃত হয় তবে তার স্বরবর্ণ চিহ্ন ছেরে (ֵ) এর পরিবর্তে সিগোল (ֶ) ব্যবহৃত হয়ে থাকে। যেমন পয়দায়েশ ১:১ আয়াতে মাক্কেফ ছাড়া ব্যবহৃত হয়েছে, אֵ֥ת הַשָּׁמַ֖יִם আবার পদায়েশ ১:৪ আয়াতে মাক্কেফ সহ ব্যবহৃত হয়েছে, যেমন: אֵ֥ת הָא֖וֹר אֶת־הָאוֹר

৩.৪ ডেগেশ ফরটি (Dagesh Forte)

আমরা পূর্বে দেখেছি যে, ডেগেশ লেইন হল এমন একটি বিন্দু যা ছয়টি ব্যঞ্জন বর্ণের বা কনসোনেন্টের (בּ גּ דּ כּ פּ תּ) মধ্যে বসে জানিয়ে দেয় যে, অক্ষরগুলোকে এখন একটু কঠিন ভাবে বা শক্ত ভাবে উচ্চারণ করতে হবে। ডেগেশ ফরটির চিহ্ন দেখতে প্রায় ডেগেশ লেইনের মত একই রকম কিন্তু সম্পূর্ণ ভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে থাকে। এই বিন্দু যখন কোন ব্যঞ্জনবর্ণ ধারণ করে তখন সেই একটি ব্যঞ্জনবর্ণ দু'টি বা দৈত কনসোনেন্টের উচ্চারণ সৃষ্টি করে। মাত্র পাঁচটি অক্ষর (א ה

ח ע ר) ছাড়া আর সব অক্ষরের মধ্যেই এই বিন্দু চিহ্ন বসতে পারে। নিম্ন লিখিত তিনটি নিয়ম দ্বারা আমরা ডেগেশ লেইন থেকে ডেগেশ ফরটির পার্থক্য নির্ণয় করতে পারি।

(১) বাগেদ-কাফেট অক্ষর ছাড়া অন্য যে কোন অক্ষরের মধ্যে বিন্দু ব্যবহার করা হয়ে থাকে তাকেই আমরা ডেগেশ ফরটি বলে থাকি। এই ডেগেশ ফরটি যখন অক্ষরের মধ্যে বসে তখন অক্ষরটিকে দৈত অক্ষর হিসাবে উচ্চারণ করতে হয়।

(২) বাগেদ কাফেট অক্ষর সমূহের মধ্যে যখন বিন্দু চিহ্ন বসে তখনই তা ডেগেশ লেইন হয় এবং সেই অক্ষর তৎক্ষণাৎ কোন স্বরবর্ণের পূর্বে বসে না।

(৩) বাগেদ কাফেট অক্ষর সমূহের মধ্যে যখন বিন্দু বসে তখন তা ডেগেশ ফরটি হতে পারে যদি তা তৎক্ষণাৎ কোন স্বরবর্ণের পূর্বে বসে।

এইভাবে কোন ডেগেশ যখন কোন শব্দের মধ্যে বসে যেমন בְּרִית (বেরিট) এটি একটি ডেগেশ লেইন কারণ কোন স্বরবর্ণের পূর্বে বসে নাই। সেজন্য এই উচ্চারণ একটু কড়া হয়ে থাকে। অপর পক্ষে, ডেগেশ বা বিন্দু যখন הַבֵּן -র (হাব্‌বেন) মধ্যে বসে তখন এটি ডেগেশ ফরটি কারণ বিন্দুযুক্ত অক্ষরটির পূর্বে একটি স্বরবর্ণ ব্যবহৃত হয়েছে, অবশ্য এটির উচ্চারণও কড়া হয়ে থাকে এবং দৈত্য উচ্চারণ হয়ে থাকে।

৩.৫ নীরব সেভা (Silent Sheva)

আমরা এর পূর্বে শিখেছি যে, হিব্রু ভাষায় সেমি-স্বরবর্ণ বা অর্ধ স্বরবর্ণের ব্যবহার হয়ে থাকে যাকে আমরা vocal সেভা বা সরব সেভা বলে অবিহিত করে থাকি। আমরা শিখেছি যে, হিব্রুতে সাধারণ ভোকাল সেভা (◌ְ) এবং কম্পাউন্ড সেভার (, ◌ֱ , ◌ֳ) ব্যবহার আছে।

হিব্রু ভাষায় স্বরযুক্ত (vocal) সেভার যেমন ব্যবহার আছে তেমনি নীরব (Silent) সেভার ব্যবহারও আছে। নীরব সেভা ঠিক সরব সেভার চিহ্নের মতই লেখা হয়ে থাকে (◌ְ) কিন্তু সম্পূর্ণ ভিন্ন উদ্দেশ্যেই ব্যবহার করা হয়ে থাকে। একটি স্বরযুক্ত সেভা তা সে সাধারণই হোক বা কম্পাউন্ডই হোক সে একটি ব্যঞ্জনবর্ণের নিচে অবস্থান করে একটি সিলেবলের আরম্ভ করে। অপরদিকে একটি নীরব সেভা এমন একটি ব্যঞ্জনবর্ণের নিচে অবস্থান করে যেখানে সিলেবলটি শেষ হয়। তাই এই নীরব

সেভা একটি সিলেবল ডিভাইডার (/) হিসাবেও কাজ করতে পারে।

যখন দু'টি সেভা পাশাপাশি কোন শব্দের সংযুক্ত (adjacent) ব্যঞ্জনবর্ণের নিচে অবস্থান করে তখন প্রথম সেভা সবসময়ই নীরব থাকে এবং দ্বিতীয় সেভা থাকে স্বরযুক্ত বা ভোকাল। অন্য ভাবে বলতে গেলে বলতে হয়, প্রথম চিহ্নটি সিলেবলের শেষ নির্দেশ করে অপরদিকে দ্বিতীয় চিহ্নটি নতুন সিলেবলের শুরুতেই বসে। উদাহরণস্বরূপ: יִמְשְׁלוּ (ইম্‌সলু) এখানে מְ নিচে যে সেভা আছে তা নীরব সেভা, অপর পক্ষে שְׁ যে সেভা আছে তা স্বরযুক্ত সেভা।

যখন একটি সেভা কোন দ্বৈত ব্যঞ্জনবর্ণের (যে ব্যঞ্জনবর্ণে ডেগেশ ফরটি আছে) নিচে অবস্থান করে তা সব সময়ই স্বরযুক্ত। যেমন: קִטְּלוּ (কিট্‌-টলু)। এখানে טּ মধে ডেগেশ ফরটি ব্যবহার করা হয়েছে বিধায় এর নিচে যে সেভা טְּ আছে তা অবশ্যই স্বরযুক্ত হবে। একটি বিশেষ ক্ষেত্রে যেমন শেষের কাফ (ך) অক্ষরটিতে সাধারণতঃ যে নীরব সেভা ব্যবহার করা হয় তা একটু উঁচু (ךְ)। অন্যান্য যে শেষের (final) অক্ষর আছে তা থেকে এটার একটু পৃথক অবস্থান আছে। যেমন: לֵךְ (লেখ) বা מֶ֫לֶךְ (মে-লেখ)।

৩.৬ একসেন্ট (Accents)

যে সব হিব্রু ভাষাবিদ পণিডতগণ হিব্রুভাষার পাক-কিতাবে স্বরবর্ণ সংযুক্ত করেছেন তারাই আবার একটি একসেন্ট সিষ্টেম-এর চিহ্ন সৃষ্টি করেছেন যাতে সঠিক ভাবে (অর্থাৎ যেখানে গলার স্বর উচু করতে হবে বা নিচু করতে হবে বা থামাতে হবে) পাক-কিতাব পাঠ বা আবৃত্তি করা যায়। হিব্রু কিতাবুল মোকাদ্দসের প্রতিটি শব্দে টোন সিলেবলের উপরে একসেন্ট চিহ্ন ব্যবহার করা হয়েছে। মাত্র যে সব শব্দ মাক্কিফ দ্বারা সংযুক্ত করা হয়েছে সেখানে কিছু ব্যতিক্রম দেখা যায়। কোন কোন দীর্ঘ শব্দে প্রাথমিক একসেন্ট এর সংগে দ্বিতীয় একসেন্টেরও ব্যবহার দেখা যায়। বর্তমানে যে হিব্রু কিতাবুল মোকাদ্দস আমাদের হাতে আছে তাতে ২৭টি গদ্যের একসেন্ট ও ২১টি কবিতার একসেন্ট রয়েছে। বিশেষ করে এই একসেন্টগুলো জবুর, আইউব, এবং মেসাল কিতাবে লক্ষ্য করা যায়।

হিব্রু একসেন্ট তিনটি উদ্দেশ্যে কাজ করে থাকে:

পাঠ ৩

(১) একসেন্ট শব্দের মধ্যে টোন সিলেবল (tone syllable) চিহ্ন স্থাপন করে থাকে এবং এটি সাধারণতঃ একটি শব্দের মধ্যে শেষ সিলেবল হয়ে থাকে। যে শব্দে শেষ সিলেবল ছাড়া অন্য যে কোন সিলেবেলে যদি একসেন্ট বসে তখন তা মূনহা (֣) দিয়ে মার্ক করা হয়। যেমনঃ זָ֣יִ֣ן דָ֣לֶ֣ת אָ֣לֶ֣ף

যদি কোন শব্দ এই মূনহা চিহ্ন ছাড়া থাকে তবে এটা ধরে নেওয়া যেতে পারে যে শব্দটির শেষ সিলবলটিতে একসেন্টে আছে। যেমনঃ מֹשֶׁה דָוִד אַתָּה

(২) হিব্রু একসেন্টগুলো সিনাগগে বা মজলিস-খানায় পাক-কিতাব আবৃত্তি করতে তাদের পরিচালনা করে। এটা লক্ষ্যণীয় যে, সিনাগগে তারা যে পাক-কিতাব পাঠ বা আবৃত্তি করত তাতে কোন স্বরবর্ণ ও একসেন্ট চিহ্ন নেই, তারা এসব চিহ্ন তাদের স্মৃতি থেকে ব্যবহার করত।

(৩) হিব্রু একসেন্টগুলো যতি চিহ্নের কাজও করে। এই চিহ্নগুলো পবিত্র শাস্ত্রের বাক্যগুলোর গঠন সম্বন্ধে একটি পরিস্কার ধারনা দান করে। এগুলো যখন যতি চিহ্ন হিসাবে কাজ করে তখন তা হয় শব্দের মধ্যে স্বর বিভাগ (disjunctive) করে বা সংযুক্ত করে (conjunctive)। এতে তারা হিব্রু বাক্যের এক একটি অংশ বুঝতে সাহায্য করে যা পাক-কিতাব ব্যাখ্যার জন্য খুবই দরকারী।

প্রতিটি হিব্রু বাক্য বা আয়াতের মধ্যে প্রধানতঃ দু'টি disjunctive একসেন্ট রয়েছে। আয়াতের দু'টি হালভেস (halves) কোথায় গিয়ে শেষ হবে এগুলো তা-ই জানিয়ে দেয়। আয়াতটির প্রথম অর্ধেক যেখানে গিয়ে শেষ হল, তা যে একসেন্ট চিহ্ন দিয়ে বুঝানো হয় তাকে বলে এটনাহ্ (֑)। এটি আয়াতের প্রথম অর্ধেক যেখানে শেষ হয় তার শেষ শব্দের একসেন্ট সিলেবলের নিচে বসে। যেমনঃ אֱלֹהִ֑ים (পয়দায়েশ ১:১)।

দ্বিতীয় প্রধান disjunctive একসেন্টকে বলা হয় সিলুক (ֽ)। এটি আয়াতের শেষ অর্ধেক শেষ শব্দের একসেন্টটেড সিলেবলের নিচে বসে। এর পরই আয়াতটির শেষ চিহ্ন (:) দিয়ে জানিয়ে দেওয়া হয় যে আয়াতটির এখানেই শেষ। যেমনঃ הָאָֽרֶץ׃ (পয়দায়েশ ১:১)। এখানে অবশ্যই স্মরণ রাখতে হবে যে, আয়াতটির দু'টি বিভাগ ঠিক করবার জন্য আয়াতটির দীর্ঘতার উপর নির্ভর করা হয় নি কিন্তু

আয়াতটির অর্থের উপর নির্ভর করেই করা হয়েছে।

একটি শব্দ সে এট্‌না বা সিলুক যা দিয়েই মার্ক করা হোক না কেন তা একটি pause হিসাবে ধরা হয়ে থাকে। এর মানে হল আবৃত্তিকার সেখানে আবৃত্তির pause দিয়ে থাকেন। এই রকম pause যখন শব্দের মধ্যে ব্যবহার করা হয়ে থাকে তখন সেখানে স্বরবর্ণও পরিবর্তন হয়ে থাকে। তাই সাধারণতঃ শব্দগুলো দু'টি ভাবেই দেখা যায় একটি সাধারণ গঠন (regular form) বা আরেকটি বিরাম গঠন pause form। কিছু নমুনা নিচে দেওয়া হল:

	Regular form		**pause form**	
(১)	אֳנִי	আমি	אָ֑נִי	(ইয়ারমিয়া ১৭:১৮)
(২)	אֶ֣רֶץ	পৃথিবী	אָֽרֶץ	(হিজরত ১৫:১২)
(৩)	אַתָּה	তুমি	אָֽתָּה	(ইশাইয় ৪৪:১৭)
(৪)	בַּ֣יִת	ঘর-বাড়ী	בָּ֑יִת	(১ খান্দাননামা ১৭:১২)
(৫)	הֶ֣בֶל	হেবল	הָ֑בֶל	(পয়দায়েশ ৪:২)

৩:৭ মেটেগ (מֶתֶ֣ג)

মেটেগ একটি দ্বিতীয় মর্যাদার একসেণ্ট যা শব্দের মধ্যে মাঝে মাঝে প্রাথমিক একসেণ্টর সংগে ব্যবহার করা হয়ে থাকে। এটি দেখতে সিল‍ুকের মতই কিন্তু সহজেই এর পার্থক্য বুঝা যায় কারণ সিল‍ুক মাত্র টোন সিলেবলে পদের শেষ শব্দের ব্যবহার করা হয়ে থাকে।

মেটেগ অনেক উদ্দেশ্যেই ব্যবহার করা হয়ে থাকে কিন্তু নিম্নলিখিত কারণগুলো এর মধ্যে অন্যতম।

এটি মাঝে মাঝে দীর্ঘস্বরের স্বরবর্ণকে চিহ্নিত করার জন্য একটি শব্দের টোন সিলেবলের দু'টি বা এর অধিক সিলেবলের পূর্বে ব্যবহার করা হয়ে থাকে। এটি ব্যবহার করা হয় যেন এই দীর্ঘ স্বরবর্ণটিকে যখন উচ্চারণ করা হয় তখন তা সঠিক ভাবে জোর (stress) দেওয়া হয় । যেমন: לָֽרָקִ֖יעַ (পয়দায়েশ ১:৮) ;

לְמִ ינֵהֶ ם (পয়দায়েশ ১:২১)।

এটি প্রায়ই অনতিদীর্ঘ স্বরবর্ণের অর্থাৎ কম্পাউন্ড সেভার ঠিক পূর্বে ব্যবহার করা হয় । যেমন: נַ עֲשֶׂ ה (পয়দায়েশ ১:২৬); לַ עֲבֹד (পয়দায়েশ ৩:২৩)|

এছাড়া এটি দীর্ঘ বা অনতিদীর্ঘ যে কোন স্বরবর্ণের অর্থাৎ ঠিক সাধারণ স্বরযুক্ত সেভার পূর্বে ব্যবহার করা হয়। যেমন: וְחַ יְתוֹ (পয়দায়েশ ১:২৪); יָ לְדָה (পয়দায়েশ ৪:২২)।

এটি অপরিবর্তীত দীর্ঘস্বর স্বরবর্ণের সংগে মাক্কিফের ঠিক পূর্বে ব্যবহার করা হয়ে থাকে। যেমন: פְּנֵ י־הָ אֲדָמָ ה (পয়দায়েশ ২:৬); כִּ י־עָפָ ר (পয়দায়েশ ৩:১৯)।

এটি লক্ষ্যণীয় যে, সাধারণতঃ মেটেগ স্বরবর্ণের বাঁ দিকে লেখা হয়ে থাকে যেমন, וַ יְהִי (পয়দায়েশ ১:৩), কিন্তু কোন কোন সময় হিব্রু ভাষার পাক-কিতাবে (BHS) মাঝে মাঝে স্বরবর্ণের ডান পাশেও লিখা হয়ে থাকে যেমন, וַיְהִי, (পয়দায়েশ ১:৭)। তবে এতে এর কার্যক্রমকে কোনভাবেই ক্ষতিগ্রস্ত করে না।

৩:৮ দুর্বল অক্ষর (Weak Letters)

א এবং ה দু'টি অক্ষরই সিলেবলের শুরুতে ব্যঞ্জনবর্ণ হিসাবে তাদের কাজ চালিয়ে থাকে কিন্তু সিলেবলের শেষে মাঝে মাঝে নীরব হয়ে পড়ে এবং তাদের কনসোনেন্টের মর্যাদা হারিয়ে ফেলে মাত্র স্বরবর্ণ অক্ষর হিসাবে (matres lectionis) ব্যবহৃত হয়ে থাকে। এটা যখন ঘটে তখন א এবং ה এ দু'টি অক্ষরই তাদের সিলেবল আর বন্ধ করতে পারে না।

א সবসময়ই সিলেবলের শেষে নীরব থাকে সেটা অক্ষরের মধ্যেই হোক বা শেষে হোক। ה মাত্র নীরব থাকে যখন এটি কোন শব্দের শেষে কনসোসেণ্ট হিসেব ব্যবহৃত হয়ে থাকে। যেমন: בְּרֵאשִׁ ית (পয়দায়েশ ১:১); הָיְתָ ה (পয়দায়েশ ১:২); תַּ דְשֵׁ א (পয়দায়েশ ১:১১); הַיַּבָּשָׁה (পয়দায়েশ ১:৯)।

৩:৯ সিলেবল সমূহ (The Syllables)

হিব্রু শব্দের প্রতিটি ব্যঞ্জনবর্ণকে অবশ্যই একটি স্বরবর্ণ sound বা নীরব সেভা অনুসরণ করে। অবশ্য এর ব্যতিক্রম হয় যখন א শেষ কনসোসেন্ট হিসেবে সিলেবলের শেষে বসে এবং অক্ষরটির কোন শব্দ বা উচ্চারণ হয় না। স্বরবর্ণ sound সর্বদাই হয় পূর্ণ স্বরবর্ণ বা অর্ধ স্বরবর্ণের হয়। আবার অর্ধ স্বরবর্ণ হয় সাধারণ না হয় কম্পাউন্ড হয়ে থাকে।

কিছু উদাহরণ:

בְּרֵאשִׁית (পয়দায়েশ ১:১)। এখানে א সিলেবলের শেষে বসেছে বলে তা উচ্চরণহীন বা silent তাই এর পরে কোন স্বরবর্ণ বা silent সেভা নেই। ת শব্দের শেষ অক্ষর এবং একই ভাবে কোন স্বরবর্ণ বা নীরব সেভা নেই কিন্তু বাকি যে তিনটি অক্ষর রয়েছে তার প্রতিটিতেই স্বরবর্ণ sound রয়েছে।

אֱלֹהִים (পয়দায়েশ ১:১)। প্রথম তিনটি ব্যঞ্জনবর্ণে স্বরবর্ণ sound রয়েছে। শেষ অক্ষর ם কোন রকম স্বরবর্ণ বা নীরব সেভা ছাড়াই ব্যবহৃত হয়েছে।

וַיַּבְדֵּל (পয়দায়েশ ১:৪)। এই অক্ষরটি একটু জটিল। এর মধ্যে পাঁচটি ব্যঞ্জনবর্ণ রয়েছে এবং তিনটি স্বরবর্ণ একটি নীরব সেভা রয়েছে। ב অক্ষরটির নিচে যে সেভা রয়েছে তা অবশ্যই silent থাকবে কারণ এর পরেই রয়েছে বিন্দু সহ বা-গে-দ-কা-ফে-ট অক্ষর (ד)। মাত্র শেষ অক্ষর (ל) ছাড়া প্রতিটি অক্ষরে স্বরবর্ণ বা সিলেবল ডিভাইডার রয়েছে।

একটি হিব্রু শব্দের সমস্ত সিলেবল অবশ্যই একটি ব্যঞ্জনবর্ণ দিয়ে শুরু হয় আর সেটা অক্ষর সমূহের যে কোন অক্ষর হতে পারে। এই নিয়মের হয়তো কিছুটা ব্যতিক্রম হতে পারে যখন কোন শব্দ וּ স্বরবর্ণ দিয়ে শুরু হয়, যেমন- וּבֵין (পয়দায়েশ ১:৪)।

একটি হিব্রু সিলেবলের মধ্যে অবশ্যই একটি পূর্ণ স্বরবর্ণ থাকতে হবে। কিন্তু একটি পূর্ণ স্বরবর্ণের সংগে একটি অর্ধ স্বরবর্ণও থাকতে পারে আর এই ক্ষেত্রে অর্ধ স্বরবর্ণের কনসোনেন্টের নিচে অবস্থান করে একটি সিলেবল শুরু করতে পারে। একটি শব্দে কয়টি স্বরবর্ণ থাকবে তা শব্দটির মধ্যে কয়টি পূর্ণ স্বরবর্ণ রয়েছে তার

উপরই নির্ভর করে। যেমন:

בְּרֵא/שִׁית - এই শব্দের মধ্যে দুইটি পূর্ণ স্বরবর্ণ রয়েছে এবং সেজন্য এতে দু'টি সিলেবল রয়েছে। এতে একটি অর্ধ স্বরবর্ণও রয়েছে যেটি প্রথম অক্ষরের নিচে অবস্থান করে একটি সিলেবল শুরু করেছে।

בְּרִית - এই শব্দের মধ্যে একটি পূর্ণ স্বরবর্ণ ও একটি অর্ধ স্বরবর্ণ রয়েছে সেজন্য এতে মাত্র একটি সিলেবল।

אֱלֹ/הִים - এই শব্দটির মধ্যে দু'টি পূর্ণ স্বরবর্ণ রয়েছে, সেজন্য এতে দু'টি সিলেবল রয়েছে। א এর নিচে যে অর্ধ স্বরবর্ণ রয়েছে সেজন্য এটি একটি সিলেবল হতে পারে না সেজন্য এটি প্রথম সিলেবলের সংগে রয়েছে।

হিব্রু সিলেবলকে দুই ভাগে ভাগ করা যায়- হয় এটি হবে 'ওপেন' (open) বা 'ক্লোসড্' (closed) সিলেবল। যে সিলেবল একটি স্বরবর্ণের মধ্যে শেষ হয় তাকে ওপেন সিলেবল বলা হয়। যে স্বরবর্ণের মধ্যে ওপেন সিলেবল আছে সাধারণতঃ সেটি দীর্ঘ হয়ে থাকে। তবে এটি অনতিদীর্ঘও হতে পারে যদি তা একসেন্টটেড হয়ে থাকে বা এটি এমন একটি কনসোনেন্টের সংগে যায় যেটির মধ্যে একটি স্বরযুক্ত সেভা থাকে।

যে সিলেবল একটি কনসোসেন্টটে গিয়ে শেষ হয় তাকে ক্লোসড্ সিলেবল বলা হয়। যখন একটি ডেগেশ ফরটি একটি অক্ষরের মধ্যে থাকে তখন সেই অক্ষরটি দ্বৈত বা দুইটি তাই তার আগের সিলেবলটি সবসময়ই ক্লোসড্। সাধারণত ক্লোসড্ সিলেবলে যে স্বরবর্ণ থাকে তা short হয়ে থাকে, কিন্তু তা long হতে পারে যদি তা একসেন্টেড্ হয়।

উদাহরণ:

(১) בְּרֵא/שִׁית - প্রথম সিলেবলটি ওপেন, কারণ কারণ এটি א দিয়ে শেষ হয়েছে, এবং א কখনো ক্লোসড্ সিলেবল হয় না। দ্বিতীয় সিলেবলটি ת শেষ হয়েছে এবং তা একটি ক্লোসড্ সিলেবল। একটি শেষ ব্যঞ্জনবর্ণ যেটি একটি সিলেবলকে ক্লোজ করে দেয় সেটি কোন সিলেবল ডিভাইডার (silent সেভা) থাকে না যদি না তা একটি শেষ কাফ (ךְ) হয়।

পাঠ ৩

(২) הַשָּׁמַ֫יִם - এই শব্দের মধ্যে চারটি পূর্ণ স্বরবর্ণ রয়েছে এবং তাতে বুঝা যায় যে এটি চারটি সিলেবল রয়েছে। שּׁ এর মধ্যে একটি ডেগেশ ফরটি রয়েছে বিধায় এটি দুইটি অক্ষরের মর্যাদা লাভ করে তাই এর প্রথম সিলেবল হল הַשׁ। এতে একটি ব্যঞ্জনবর্ণ রয়েছে বলে এটি একটি ক্লোসড্ সিলেবল আর স্বরবর্ণটি একটি অনতিদীর্ঘ স্বরবর্ণ তাই এটি একটি ক্লোসড্ সিলেবল যেটিতে কোন একসেন্ট নেই।

এর দ্বিতীয় সিলেবলটি হল שָׁ। এটিতে একটি স্বরবর্ণ রয়েছে তাই এটি একটি ওপেন সিলেবল এবং স্বরবর্ণটি long বলে এবং একসেন্ট ব্যবহার করা হয় নি বলে যে কেউ এটিকে একটি ওপেন সিলেবল হিসাবে ধরে নিতে পারে। এই শব্দের তৃতীয় সিলেবল হল מַ֫। এতে একটি অনতিদীর্ঘ স্বরবর্ণ আছে তবুও এটি একটি ওপেন সিলেবল কারণ এটির নিচে একটি একসেন্ট চিহ্ন আছে।

এর শেষ সিলেবলটি হল יִם। এটি একটি ক্লোজড্ সিলেবল কারণ এতে অনতিদীর্ঘ স্বরবর্ণ আছে এবং কোন একসেন্ট নেই।

(৩) יָֽלְדָה - এখানে দু'টি পূর্ণ স্বরবর্ণ বলে দেয় যে এখানে দু'টি সিলেবল আছে। নিচে যে সেভা আছে তা একটি ভোকাল সেভা কারণ স্বরবর্ণের মধ্যে একটি মেটেগ ব্যবহার করা হয়েছে। এছাড়াও এর পরে যে ד এর মধ্যে ডেগেশলেইন নেই। তাই יָֽ প্রথম সিলেবল একটি দীর্ঘ স্বরবর্ণের সংগে একটি ওপেন সিলেবল এবং এটি একটি মেটেগ দাবী করে কারণ এর পরেই রয়েছে একটি ভোকাল সেভা। এই শব্দের দ্বিতীয় সিলেবল হল לְדָה যার মধ্যে রয়েছে একটি অর্ধ স্বরবর্ণ ל নিচে এবং পূর্ণ স্বরবর্ণ ד এর নিচে। এটি একটি ওপেন সিলেবল কারণ শব্দের শেষে ה কখনও কে-াসড্ সিলেবল হয় না যদি না এটি মাপ্পিক (הּ) চিহ্ন বহন করে। দ্বিতীয় সিলেবলটি একটি টোন সিলেবল এবং এর দীর্ঘ স্বরবর্ণ রয়েছে।

(৪) נַֽעֲשֶׂה - এই শব্দটির মধ্যেও দু'টি স্বরবর্ণ রয়েছে বলে বুঝা যায় এতে দু'টি সিলেবল রয়েছে। যেহেতু কম্পাউন্ড সেভা সব সময়ই ভোকাল তাই נַ এবং עֲ মধ্যে একটি সিলেবল চলে আসে। সুতরাং প্রথম সিলেবলটি হল נַֽ, এটি একটি অনতিদীর্ঘ স্বরবর্ণ নিয়ে একটি ওপেন সিলেবল কিন্তু এটি একটি মেটেগ দাবী করে কারণ এর

পরেই রয়েছে একটি স্বরযুক্ত সেভা। যদিও একটি অনতিদীর্ঘ স্বরবর্ণ সাধারণতঃ একটি ওপেন সিলেবল হয় না, কিন্তু তা ওপেন সিলেবল হতে পারে যদি তার পরেই একটি ভোকাল সেভা সহ একটি ব্যঞ্জনবর্ণ থাকে। শব্দের দ্বিতীয় সিলেবল হল עֲשֶׂה। এটিও একটি ওপেন সিলেবল কারণ শব্দের শেষ যে অক্ষর ה রয়েছে এবং তাতে কোন মাক্কিক নেই। এখানে স্বরবর্ণটি অনতিদীর্ঘ কিন্তু এটি একটি ওপেন সিলেবল অনুমোদন করে যা শব্দের মধ্যে একটি টোন সিলেবল হিসাবে কাজ করে।

৩.১০ গাটারেল (The Gutturals)

হিব্রু অক্ষরগুলোর মধ্যে যে সব গাটারেল রয়েছে তারা হল: א, ה, ח, ע, এবং মাঝে মাঝে ר গাটারেল হিসাবে কাজ করে থাকে। এই অক্ষরগুলোর কিছু বিশেষ চারিত্রিক বৈশিষ্ট রয়েছে যা অন্যান্য অক্ষরগুলো থেকে এদের পৃথক করে রাখে।

ক. গাটারেল অক্ষরগুলোর দ্বৈত উচ্চারণ হয় না। এর মানে হল, এরা ডেগেশ ফরটি গ্রহণ করে না। যখন কোন গাটারেল ডেগেশ ফরটি গ্রহণ করে না তখন এর পূর্ববর্তী অনতিদীর্ঘ স্বরবর্ণ একটি ওপেন ও এমন সিলেবলে পরিণত হয় যেটিতে একসেন্ট ব্যবহার হয় না তাই এটির স্বর দীর্ঘায়িত হয়ে থাকে।

(১) যদি তা পাতেহ (ַ) হয় তবে তা দীর্ঘায়িত হয়ে কোমেট (ָ) হয়

(২) যদি তা হিরেক (ִ) হয় তবে তা দীর্ঘায়িত হয়ে ছেরে (ֵ) হয়

(৩) যদি তা কিব্বুস (ֻ) হয় তবে তা দীর্ঘায়িত হয়ে হোলেম (ֹ) হয়।

একেই বলা হয় "compensatory lengthenngÓ বা "ক্ষতিপূরণ-দানে দীর্ঘায়িত স্বরবর্ণ"।

লক্ষ্য করুন, যদি ה বা ח গাটারেল একটি ডেগেশ ফরটিকে প্রত্যাখান করে তবে পূর্ববর্তী অনতিদীর্ঘ স্বরবর্ণ যে দীর্ঘায়িত করবেই এমন নয়। এমন যদি ঘটে তবে ה এবং ח দ্বৈত স্বরে উচ্চারিত হয় এবং এর পূর্ববর্তী সিলেবল ক্লোসড্ সিলেবল হিসাবে ব্যবহৃত হয়।

খ. গাটারেলসমূহ তাদের পূর্বে এবং পরে 'এ' শ্রেণীর স্বরবর্ণসমূহ গ্রহণ করে

থাকে। যে সব গাটারেলকে শক্তিশালী গাটারেল বলা হয়ে থাকে (הּ, ח এবং ע) তাদের ক্ষেত্রেই এরকম হয়ে থাকে। যখন এই গাটারেলগুলোর একটি কোন শব্দের শেষে বসে এবং এর পূর্ববর্তী স্বরবর্ণ যখন অপরিবর্তনীয় হয় তখন যদি সেটি 'এ' ক্লাশ স্বরবর্ণ না হয় তখন আরেকটি অনতিদীর্ঘ 'এ' sound স্বরবর্ণ ও গাটারেলের মধ্যে প্রবেশ করে। এই অনতিদীর্ঘ 'এ' স্বরবর্ণকে 'পাতেহ ফারটিভ' বলা হয়, কারণ তা খুবই দ্রুত উচ্চারিত হয়। পাতেহ ফারটিভ একটি পূর্ণ স্বরবর্ণ নয় বলে একটি শব্দের মধ্যে আরেকটি বাড়তি সিলেবল হিসাবে ধরা হয় না । যেমনঃ

וְרוּחַ ভেরূহা (পয়দায়েশ ১:২), רָקִיעַ রাকিয় (পয়দায়েশ ১:৬),

נֹחַ নূহ্ (পয়দায়েশ ৬:৯) גָּבֹהַּ গাবোহ্ (১ শামুয়েল ৯:২)।

গ. গাটারেল সব সময়ই সাধারণ সেভা গ্রহণ করার চেয়ে কম্পাউন্ড সেভা গ্রহণ করতে চায়। এই কম্পাউন্ড সেভা সাধারণতঃ হাতুফ-পাতেহ (ֲ)। যে শব্দের প্রথম অক্ষর א হয়, সেটি প্রায়ই হাতুফ-সিগোল (ֱ) গ্রহণ করে। খুব কমক্ষেত্রেই গাটারেল হাতুফ-কোমেট (ֳ) গ্রহণ করে থাকে। কম্পাউন্ড সেভা সহ গাটারেল ব্যবহারের কিছু উদাহরণ নিম্নে দেওয়া হলঃ

אֲשֶׁר (অসের) কে, কোনটি, কি, חֲלוֹם (হোলৌম) স্বপ্ন,

אֱלֹהִים (এলোহিম) খোদা, חֳלִי (হোলি) রোগ।

গাটারেল কম্পাউন্ড সেভাকে খুব শক্তভাবে গ্রহণ করতে চায়; যদি কোন গাটারেলের নিচে কোন নীরব সেভা থাকে তবে গাটারেল তা পরিবর্তন করে কম্পাউন্ড সেভা করে নেয়। যখন এই রকম কোন পরিবর্তন হয় তবে গাটারেলের পূর্বে যে অনতিদীর্ঘ স্বরবর্ণ থাকে তা অনতিদীর্ঘ স্বরবর্ণ হিসাবেই স্থির থাকে যদিও তা ওপেন ও তাতে কোন একসেন্ট থাকে না। কোন কোন সময়ে তা মেটেগ চিহ্ন গ্রহণ করে তার উচ্চারণ ঠিক রাখবার জন্য। এছাড়া, গাটারেলের পূর্বে যে স্বরবর্ণ থাকে তা কম্পাউন্ড সেভা যে গাটারেলকে অনুসরণ করে সেই একই ক্লাশের হয়ে থাকে। যেমনঃ

נַֽעֲבֹד (না-অবোদ) מָֽעֳמָד (মো-অমাদ)

পাঠ ৩

נַ ֲ חֲלָה (না-হোলা)   אֶ ֱ עֱשֶׂה (এ-এসে)

শব্দমালা

এখন থেকে প্রতি অধ্যায়েই কিছু শব্দমালা দেওয়া হবে। এর উদ্দেশ্য হল যেন আপনি ধীরে ধীরে আপনার শব্দ-ভান্ডার গড়ে তুলতে পারেন। আপনি যত এই শব্দ এবং এর অর্থ আয়ত্ত করতে পারবেন হিব্রু ভাষা ততই আপনার কাছে সহজ বলে মনে হবে।

אָב বাবা (পূর্বপুরুষ)	אָח ভাই	אִישׁ পুরুষ মানুষ
בֵּן ছেলে (পুত্র)	הַר পাহাড় বা পর্বত	טוֹב ভাল
יוֹם দিন	קוֹל আওয়াজ	שֵׁם নাম
אֵם মা	בַּת কন্যা	לֵב হৃদয়

অনুশীলন

(১) সেই সব অক্ষরগুলোর নিচে দাগ দিন অথবা চিহ্নিত করুন যে অক্ষরটির মধ্যে **ডেগেশ ফরটি** আছে।

(১) אַתָּה   (২) גִּבּוֹר   (৩) דִּבֵּר   (৪) הִנֵּה

(৫) חַיָּה   (৬) יַרְדֵּן   (৭) כִּסֵּא   (৮) מִשְׁפָּט

(৯) שִׁבֵּר   (১০) שִׁשִּׁי

২. নিচে ইউসা ১:১ দেওয়া হল। উচ্চারণ করে পাঠ করতে চেষ্টা করুন।

וַיְהִ֗י אַחֲרֵ֛י יְהוָה֙ אֶל־יְהוֹשֻׁ֣עַ בִּן־נ֔וּן מְשָׁרֵ֥ת

מֹשֶׁ֖ה מ֣וֹת מֹשֶׁ֖ה עֶ֣בֶד יְהוָ֑ה וַיֹּ֥אמֶר לֵאמֹֽר׃

৩. যে সমস্ত গাটারেল অক্ষর আছে তা লিখতে চেষ্টা করুন ও মুখস্থ করুন।

৪. এমন তিন জোড়া শব্দ লিখুন যে শব্দের মধ্যে মাক্কেফ রয়েছে।

পাঠ ৩

৫. নিচে পয়দায়েশ ১:৩ আয়াত দেওয়া হল। এই আয়াতে যে ভোকাল বা সরব সেভা ও নীরব সেভা আছে তা খুঁজে বের করে তার নিচে দাগ দিন।

וְהָאָ֗רֶץ הָיְתָ֥ה תֹ֙הוּ֙ וָבֹ֔הוּ וְחֹ֖שֶׁךְ עַל־פְּנֵ֣י
תְה֑וֹם וְר֣וּחַ אֱלֹהִ֔ים מְרַחֶ֖פֶת
עַל־פְּנֵ֥י הַמָּֽיִם׃

৬. নিচে আদি ১:4-৫ আয়াত দেওয়া হল। যে সমস্ত শব্দের মধ্যে এটনা (֑) ও সুলেখ (֔) রয়েছে তা খুঁজে বের করে তার নিচে দাগ দিন।

4 וַיַּ֧רְא אֱלֹהִ֛ים אֶת־הָא֖וֹר כִּי־ט֑וֹב וַיַּבְדֵּ֣ל
אֱלֹהִ֔ים בֵּ֥ין הָא֖וֹר וּבֵ֥ין הַחֹֽשֶׁךְ׃
5 וַיִּקְרָ֨א אֱלֹהִ֤ים ׀ לָאוֹר֙ י֔וֹם וְלַחֹ֖שֶׁךְ קָ֣רָא
לָ֑יְלָה וַֽיְהִי־עֶ֥רֶב וַֽיְהִי־בֹ֖קֶר י֥וֹם אֶחָֽד׃

৭. নিচের শব্দগুলো সিলেবল দিয়ে ভাগ করুন। বলতে চেষ্টা করুন কোনটা ওপেন সিলেবল এবং কোনটি ক্লোসড্ সিলেবল, কোনটি দীর্ঘ স্বরবর্ণ আর কোনটি অনতিদীর্ঘ স্বরবর্ণ।

(১) תִּכְתֹּב (১) כַּלָּה (৩) יָדַיִם (৪) דְּרָכִים

(৫) חֹשֶׁךְ (৬) הֶעֱמִיד (৭) יָשְׁבוּ (৮) בְּהֶרֶךְ

(৯) שָׁלוֹם (১০) מִבּוֹא

৮. নিচের শব্দগুলোর মধ্যে চারটি নীরব সেভা ও এগারটি ভোকাল বা সরব সেভা রয়েছে। শব্দের মধ্য থেকে এগুলো খুঁজে বেড় করতে চেষ্টা করুন।

(১) בְּרִית (২) נֶעֱבַד (৩) עָבְדוּ (৪) יִכְתְּבוּ

(৫) לְךָ (৬) וְדִבַּרְתִּי (৭) תַּלְמִידֵי (৮) כְּכוֹכְבֵי

(৯) בְּדִבְרֵי (১০) בְּגָדִים

৯. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার তৃতীয় হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের অধ্যায় আপনি দ্বিতীয় হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার তৃতীয় হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০: ৭ আয়াত

7 לֹא תִשָּׂא	אֶת־שֵׁם־יְהוָה	אֱלֹהֶיךָ
লো টিসসা	এথ সেম ইয়াওয়ে	এলোহেইকা
না তুমি অবশ্যই নিবে	মাবুদের নাম	তোমার আল্লাহ্‌

כִּי לֹא יְנַקֶּה	יְהוָה	אֵת אֲשֶׁר־יִשָּׂא
কী লো ইনাকে	ইয়াওয়ে	এথ আসের-ইসা
. না শাস্তির হাত থেকে রেহাই পাবে	মাবুদ	যে নেবে

אֶת־שְׁמוֹ	לַשָּׁוְא׃
এথ সমৌ	লাসাভ
তাঁর নাম	অকারণে

হিজরত ২০:৭ : তোমার আল্লাহ্‌ মাবুদের নাম অনর্থক নিও না, কেননা যে কেউ তাঁর নাম অনর্থক নেয়, মাবুদ তাকে দোষী করবেন।

১০. আপনার সাধারণ পাঠ হিসাবে পয়দায়েশ ১: ৭-৯ আয়াত দেওয়া হল। তৃতীয় অধ্যায়ে আপনি যে সব পাঠ শিখেছেন তা মনে রেখে স্বরবর্ণ দেখে দেখে পাঠ করতে চেষ্টা করুন। এই পাঠের অর্থের জন্য কিতাবুল মোকাদ্দস থেকে বাংলা অনুবাদ দেওয়া হল।

7 וַיַּעַשׂ אֱלֹהִים אֶת־הָרָקִיעַ וַיַּבְדֵּל
בֵּין הַמַּיִם אֲשֶׁר מִתַּחַת לָרָקִיעַ וּבֵין

הַמַּ֫יִם אֲשֶׁ֖ר מֵעַ֣ל לָֽרָקִ֑יעַ וַֽיְהִי־כֵֽן׃

৭ আল্লাহ্ এরূপে বিতান করে বিতানের ঊর্ধ্বস্থিত পানি থেকে বিতানের নিম্নস্থিত পানি পৃথক করলেন; তাতে সেরূপ হল।

8 וַיִּקְרָ֧א אֱלֹהִ֛ים לָֽרָקִ֖יעַ שָׁמָ֑יִם
וַֽיְהִי־עֶ֥רֶב וַֽיְהִי־בֹ֖קֶר י֥וֹם שֵׁנִֽי׃ פ

৮ পরে আল্লাহ্ বিতানের নাম আসমান রাখলেন আর সন্ধ্যা ও সকাল হলে দ্বিতীয় দিবস হল।

9 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֗ים יִקָּו֨וּ הַמַּ֜יִם מִתַּ֤חַת הַשָּׁמַ֙יִם֙
אֶל־מָק֣וֹם אֶחָ֔ד וְתֵרָאֶ֖ה הַיַּבָּשָׁ֑ה וַֽיְהִי־כֵֽן׃

৯ পরে আল্লাহ্ বললেন, আসমানের নিচস্থ সমস্ত পানি এক স্থানে সংগৃহীত হোক ও স্থল সপ্রকাশ হোক; তাতে সেরূপ হল।

পাঠ ৪

৪.১ নির্দিষ্ট বিশেষণ (The definite Article)

হিব্রু ভাষায় কোন অনির্দিষ্ট indefinite বিশেষণ বা আর্টিক্যাল নেই। যখন কোন definite আর্টিক্যাল থাকে না তখন এটি নির্দেশ করে যে এটি definite নয়। যেমন: אִישׁ (ইস) একজন মানুষ; בַּת (বেথ) একটি কন্যা; בֵּן (বেন) একটি পুত্র; יוֹם (ইয়োম) একটি দিন

৪.২ হিব্রু ভাষায় definite আর্টিক্যাল কখনো ইংরেজির মত একাকী বসে না কিন্তু সব সময়ই নাউনের পূর্বে শব্দের সংগেই ব্যবহৃত হয়ে থাকে এবং তখন এটি একটি শব্দ হিসাবে লেখা হয় ও উচ্চারিত হয়। আর্টিক্যাল ব্যবহারের মধ্য দিয়েই নাউনটি যে definite তা স্থিরকৃত হয়। কোন লিংগ ও বচন দ্বারা কোন আর্টিক্যাল প্রভাবিত হয় না, সবার ক্ষেত্রেই তা সমান ভাবে ব্যবহৃত হয়ে থাকে।

৪.৩ নিম্নে definite আর্টিক্যালের নিয়মাবলি দেয়া হল:

(১) সাধারণতঃ ה হল এর আর্টিক্যাল, তবে এর সংগে পাতেহ (ַ = הַ) + ডেগেশ ফরটি ব্যবহৃত হয়ে থাকে। শব্দের প্রথম অক্ষরটি গাটারেল নয় এমন সমস্ত শব্দের পূর্বে তা ব্যবহৃত হয়।

উদাহরণ: יָד (আদ) হাত — הַיָּד (হাআদ) হাতটি

קוֹל (কউল) স্বর — הַקּוֹל (হাকউল) স্বরটি

לֵב (লেব) হৃদয় — הַלֵּב (হালেব) হৃদয়টি

(২) যখন কোন আর্টিক্যাল এমন কোন নাউনের পূর্বে যুক্ত হয়, যে শব্দটির অক্ষর একটি গাটারেল তখন আর্টিক্যালের গঠনটি 'ক্ষতিপূরণ-দানে' (compensate) একটু পরিবর্তন হয় কারণ গাটারেল অক্ষরের মধ্যে কোন ডেগেশ ফরটি থাকতে পারে না বলে এর দ্বৈত উচ্চারণ প্রত্যাখান করে। এর ফলে যে পরিবর্তন আসতে পারে তা নিচে দেওয়া হল:

পাঠ ৪

ক. ה এবং ח এর পূর্বে সাধারণতঃ הַ আর্টিক্যাল বসে। কিন্তু এ দু'টি অক্ষর গাটারেল বলে এর মধ্যে কোন ডেগেশ ফরটি বসতে পারে না। এই পরিস্থিতিতে এই অক্ষর দুটির উচ্চারণ দ্বৈত বলে ধরে নেওয়া হয়।

যেমন: חֶרֶב (হে-রেভ) ছোরা הַחֶרֶב (হাহে-রেভ) ছোরাটি;

הֵיכָל (হিকাল) এবাদত-খানা הַהֵיכָל (হাহিকাল) এবাদত-খানাটি

খ. א, ע এর ר - এই গাটারেল অক্ষরগুলোর পূর্বে সাধারণতঃ আর্টিক্যাল হিসাবে הָ (ה + কোমেট) বসে। এর কারণ হল, গাটারেল ডেগেশ ফরটি প্রত্যাখান করে বলে এর পূর্বে যে অনতিদীর্ঘ স্বরবর্ণ আছে তা দীর্ঘায়িত হয় অর্থাৎ পাতেহ (ַ) থেকে কোমেটস্ (ָ) হয়। একে 'ক্ষতিপূরণ দানে দীর্ঘায়িত' স্বরবর্ণ বলা হয়।

যেমন: רֹאשׁ (রোশ) মাথা הָרֹאשׁ (হারোশ) মাথাটি

אָב (আভ) আব্বা הָאָב (হাআভ) আব্বা

עִיר (ইর) শহর הָעִיר (হাইর) শহরটি

গ. חָ এর পূর্বে এবং একসেন্ট হয় না এমন הָ এবং עָ এর পূর্বে আর্টিক্যাল হয় הֶ + সিগোল (ה + ֶ)।

উদাহরণ: חָכָם (হাকাম) জ্ঞানী লোক הֶחָכָם (হেহাকাম) জ্ঞানী লোকটি

עָפָר (আফার) ধুলা הֶעָפָר (হেআফার) ধুলা

הָרִים (হা-রিম) পাহাড় הֶהָרִים (হে-হা-রিম) পাহাড়টি

(৩) যখন কোন আর্টিক্যাল কোন নাউনের সংগে যুক্ত হয়ে শব্দ গঠন করে আর তার প্রথম অক্ষর ইয়ুদ এবং স্বরবর্ণ হিসাবে সাধারণ সেভা (יְ) nq তখন সাধারণ ভাবে আর্টিক্যাল হয় הַ (ה + ַ) কিন্তু তাতে কোন ডেগেশ ফরটি থাকে না। একই

পাঠ ৪

নিয়ম হয় যখন কোন শব্দের প্রথম অক্ষর হয় מְ এবং + সাধারণ সেভা (מְ) কিন্তু সাধারণ সেভা যুক্ত অন্যান্য অক্ষরের বেলায় এই নিয়ম কার্যকরী হয় না। যেমন:

יְלָדִים (ইলাদিম) শিশু-সন্তান הַיְלָדִים (হাইলাদিম) শিশু-সন্তানটি

יְאֹר (অ-অর) নদী הַיְאֹר (হাঅ-অর) নদীটি

מְסִלָּה (মেসিল্-লাহ্) রাজপথ הַמְסִלָּה (হামেসিল-লাহ্) রাজপথটি

কিন্তু অক্ষরের প্রথম যদি מְ থাকে তবে এর ব্যতিক্রম লক্ষ্য করুন:

מְלָכִים (মেলাকিম) বাদশাহ্গণ הַמְּלָכִים(হাম্-মলাকিম) নির্দিষ্ট বাদশাহ্গণ

מְקֹמוֹת (মেকোমউথ) স্থানসমূহ הַמְּקֹמוֹת (হাম্-মকোমথ) নিদ্দিষ্ট স্থানসমূহ

(৪) এমন কিছু এক বচনের নাউন আছে যখন এর সংগে definite আর্টিক্যাল যুক্ত হয় তখন আভ্যন্তরিণ কিছু পরিবর্তন লক্ষ্য করা যায়। সবচেয়ে বহুল ব্যবহৃত শব্দগুলো নিচে দেওয়া হল।

אֶרֶץ (আরেট্স্) দুনিয়া הָאָרֶץ (হা-আরেট্স্) দুনিয়া

הַר (হার) הָהָר (হাহার) পাহাড়টি

עַם (আম) লোক הָעָם (হাআম) নির্দিষ্ট লোক

גַּן (গান) পুরুষ-পরম্পরা הַגָּן (হাগ্-গাম) নিদিষ্ট পুরুষপরম্পরা

פַּר (পার) ষাড় הַפָּר (হাপ-পার) ষাড়টি

חַג (হাগ) উৎসব הֶחָג (হেহাগ) নির্দিষ্ট উৎসব

אֲרוֹן (আরোন) শরীয়ত-সিন্দুক הָאָרוֹן (হাআরোন) শরীয়ত-সিন্দুকটি

শব্দমালা

אֶרֶץ (আরেটস্) দুনিয়া/পৃথিবী בְּרִית (বেরিথ) চুক্তি বা নিয়ম

পাঠ ৪

דָּבָר (দাভার) কালাম, বিষয়, জিনিষ

דֶּרֶךְ (দেরেখ) পথ

חֶרֶב (হেরেভ) ছোড়া

כֹּהֵן (কোহেন) ইমাম

מֶלֶךְ (মেলেক) বাদশাহ্‌

שָׁלוֹם (শালোম) শান্তি

שָׁנָה (শানা) বৎসর

অনুশীলন

১. নিম্নলিখিত শব্দগুলোর মধ্যে ডেফিনিট আর্টিক্যাল [הַ] যোগ করে অনুবাদ করুন।

(১) אֶרֶץ	(২) עָפָר	(৩) אָב	(৪) הַר
(৫) עִיר	(৬) עַם	(৭) גַּן	(৮) פַּר
(৯) הָרִים	(১০) יְאֹר	(১১) חַג	(১২) אֲרוֹן
(১৩) חָכָם	(১৪) יְלָדִים	(১৫) מְסִלָּה	(১৬) מְלָכִים
(১৭) מְקֹמוֹת	(১৮) רֹאשׁ	(১৯) אֶחָד	(২০) פְּרִי

২. হিব্রু ভাষায় লিখুন:

মানুষটি;	একজন বাবা;	দিনটি;	মাথাটি;	শহরটি;
শান্তি;	চুক্তি;	ছোরাটি;	দুনিয়া;	বৎসর;
বাদশাহ্‌;	পাহাড়টি;	ভাই;	ইমাম;	লোক।

৩. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার চতুর্থ হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের অধ্যায় আপনি তৃতীয় হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার চতুর্থ হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:৮

8 זָכ֛וֹר ֩ אֶת־י֥ וֹם הַשַּׁבָּ֖ ת לְקַדְּשׁ֑ וֹ

জাকোর ইয়োম - এথ হাসাব্বাথ লকাদ্‌দসৌ

স্বরণ কর দিনটি সাব্বাত আলাদা করে রাখো পবিত্র বলে

হিজরত ২০:৮
তুমি বিশ্রামদিন স্মরণ করে পবিত্র কোরো।

৪. পাঠের এই পর্যায় থেকে পয়দায়েশের প্রথম অধ্যায় থেকে ১:১০-১৩ আয়াত তুলে দেওয়া হল জোড়ে জোড়ে সঠিক উচ্চারণ করে পাঠ করার জন্য। এখন থেকে পাঠ করতে থাকলে আপনি ক্রমশই ভালভাবে হিব্রু পাক-কিতাব পাঠ করতে পারবেন।

10 וַיִּקְרָ֨א אֱלֹהִ֤ים ׀ לַיַּבָּשָׁה֙ אֶ֔רֶץ וּלְמִקְוֵ֥ה
הַמַּ֖יִם קָרָ֣א יַמִּ֑ים וַיַּ֥רְא אֱלֹהִ֖ים כִּי־טֽוֹב׃

১০ তখন আল্লাহ্‌ স্থলের নাম ভূমি ও জলরাশির নাম সমুদ্র রাখলেন; আর আল্লাহ্‌ দেখলেন যে, তা উত্তম।

11 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֗ים תַּֽדְשֵׁ֤א הָאָ֨רֶץ֙ דֶּ֔שֶׁא
עֵ֚שֶׂב מַזְרִ֣יעַ זֶ֔רַע עֵ֣ץ פְּרִ֞י עֹ֤שֶׂה פְּרִי֙ לְמִינ֔וֹ
אֲשֶׁ֥ר זַרְעוֹ־ב֖וֹ עַל־הָאָ֑רֶץ וַֽיְהִי־כֵֽן׃

১১ পরে আল্লাহ্‌ বললেন, ভূমি তৃণ, বীজোৎপাদক ওষধি ও বীজসহ নিজ নিজ জাতি অনুযায়ী ফলের উৎপাদক ফলবৃক্ষ ভূমির উপরে উৎপন্ন করুক; তাতে সেরূপ হল।

12 וַתּוֹצֵ֨א הָאָ֜רֶץ דֶּ֠שֶׁא עֵ֣שֶׂב מַזְרִ֤יעַ זֶ֨רַע֙
לְמִינֵ֔הוּ וְעֵ֧ץ עֹֽשֶׂה־פְּרִ֛י אֲשֶׁ֥ר זַרְעוֹ־ב֖וֹ

לְמִינֵ֑הוּ וַיַּ֥ רְא אֱלֹהִ֖ ים כִּי־טֽוֹב׃

১২ ফলতঃ ভূমি তৃণ, নিজ নিজ জাতি অনুযায়ী বীজোৎপাদক ওষধি ও নিজ নিজ জাতি অনুযায়ী সবীজ ফলের উৎপাদক বৃক্ষ উৎপন্ন করলো; আর আল্লাহ্ দেখলেন যে, সেসব উত্তম।

13 וַֽיְהִי־עֶ֥ רֶב וַֽיְהִי־בֹ֖קֶר י֥וֹם שְׁלִישִֽׁ י׃ פ

১৩ আর সন্ধ্যা ও সকাল হলে তা তৃতীয় দিবস হল।

পাঠ ৫

৫.১ Prepositions (প্রিপজিশন) বা পদান্বয়ী অব্যয় পদ

অন্যান্য ভাষার তুলনায় হিব্রু ভাষায় খুব কমই প্রিপজিশন আছে। আর্টিক্যালের মতই অনেক প্রিপজিশন শব্দের সংগে অর্থাৎ নাউনের বা বিশেষ্য পদের সংগে যুক্ত। অন্যান্য যে প্রিপজিশন আছে তা স্বাধীন ভাবে কাজ করে এবং এদের কার্যবলি অনেকটা ইংরেজী প্রিপজিশনের মতই।

৫.২ হিব্রু ভাষায় তিনটি প্রিপজিশন আছে যেগুলো শব্দের পূর্বে বসে অক্ষরের সংগে মিশে গিয়ে একটি শব্দই তৈরি করে। এগুলো হল: בְּ , כְּ এবং לְ। যখন 'ভিতরে, দ্বারা, সংগে (in, by, with) ইত্যাদি অর্থ প্রকাশ করে তখন בְּ ব্যবহৃত হয়ে থাকে। যখন 'হিসাবে, মত, অনুযায়ী' (as, like, according to) ইত্যাদি অর্থ প্রকাশ করে থাকে তখন כְּ ব্যবহার করা হয়ে থাকে। যখন 'প্রতি, জন্য, কাছে, নিকটে' (to, for , at) ইত্যাদি অর্থ প্রকাশ করে থাকে তখন לְ ব্যবহার করা হয়ে থাকে।

(১) যে সব শব্দে ব্যঞ্জনবর্ণে পূর্ণ স্বরবর্ণ ব্যবহার হয় তখন তার পূর্বে সাধারণ সেভা সহকারে প্রিপজিশন ব্যবহার হয়ে থাকে। অবশ্য কোন কোন বিশেষ ক্ষেত্রে কোন শব্দের টোন সিলেবলের পূর্বেও ব্যবহার হয়ে থাকে। যেমন:

בְּשֵׁם নামে (নাম+ এ)

לְשָׁלוֹם শান্তির জন্য (শান্তির + জন্য)

כְּדָבָר কালাম অনুযায়ী (কালাম + অনুযায়ী)

בְּאָב বাবার সংগে (বাবার+ সংগে)

בְּרוּחַ আত্মার দ্বারা (আত্মার + দ্বারা)

בְּבֵן ছেলের সংগে (ছেলের + সংগে)।

(২) যে সব শব্দ সাধারণ সরব সেভা দিয়ে শুরু হয় তার পূর্বে যখন কোন

প্রিপজিশন বসে তখন সেই প্রিপজিশনের নিচে হিরিক (ִ) বসে কারণ দু'টি সরব সেভা কখনো একত্রে বসে না। যখন এরকম অবস্থার সৃষ্টি হয় তখন অর্থাৎ শব্দের সরব সেভা আর প্রিপজিশনের সরব সেভা একত্র হয় তখন প্রথম সেভাটি হিরিকে (ִ) পরিণত হয়। যেমন:

כִּבְרִית চুক্তি অনুযায়ী; בִּדְבָרִים কালামের সংগে;

לִפְרִי ফলের জন্য; בִּשְׁאוֹל শিয়োলের মধ্যে বা শিয়োলে।

একটি বিষয়ে লক্ষ্য রাখতে হবে যে, যদি কোন শব্দের প্রথম অক্ষর ইয়ুদ ও তার নিচে সাধারণ সেভা (יְ) থাকে আর এই রকম শব্দের আগে প্রিপজিশন যুক্ত হয় তবে অন্যান্য পরিবর্তনও এর সংগে যুক্ত হয়। প্রথমতঃ প্রিপজিশনের সেভা হিরিকে পরিবর্তন হয়। এই হিরিক পরে ইয়ুদের সংগে যুক্ত হয়ে হিরিক-ইয়ুদ গঠিত হয়। তখন এই ইয়ুদ তার কনসোনেণ্টাল মূল্য হারিয়ে ফেলে, ফলে এর নিচে যে সেভা আছে তা হারিয়ে যায়। যেমন:

יְרוּשָׁלַ‍ִם + בְּ = בִּירוּשָׁלַ‍ִם জেরুজালেমে

יְהוּדָה + בְּ = בִּיהוּדָה এহূদায় বা এহূদার মধ্যে

(৩) যখন কোন নাউনের (শব্দের) প্রথম অক্ষর কম্পাউন্ড সেভা দিয়ে শুরু হয় আর এর পূর্বে কোন প্রিপজিশন যুক্ত হয় তখন প্রিপজিশন কম্পাউন্ড সেভার সংগে খাপ খায় এমন একটি short স্বরবর্ণ গ্রহণ করে। এতে যে পরিবর্তন হয় তা এমন: হাতুপ-পাতেহের (ֲ) পূর্বে পিপজিশন পাতেহ (ַ) গ্রহণ করে; হাতুপ-সিগোলের (ֱ) পূর্বে এটি সিগোল (ֶ) গ্রহণ করে; হাতুপ-কোমেটস্ (ֳ) এর পূর্বে কোমেটস্-হাতুফ (ָ) গ্রহণ করে। কম্পাউন্ড সেভার পূর্বে স্বরবর্ণ সাধারতঃ মেটেগ (ֽ) সহকারে লিখা হয়।

যেমন: כַּאֲשֶׁר যে অনুসারে; בֶּאֱמֶת সত্যে; לָחֳלִי অসুস্থতার জন্য।

অবশ্য লক্ষণীয় যে, মাঝে মঝে א এর সংগে যদি হাতুফ-সিগোল (אֱ) থাকে, তবে প্রিপজিশন একটি ছেরে (ֵ) গ্রহণ করে এবং হাতুফ-সিগোল (ֱ) বাদ পরে

যায়। যেমন: אֱלֹהִים(לְ) = לֵאלֹהִים খোদার জন্য; אֱמֹר(לְ) לֵאמֹר বলার জন্য বা বলছে।

(৪) যদি কোন প্রিপজিশন এমন কোন শব্দের সংগে যুক্ত হয় যার একটি ডেফিনিট আর্টিক্যাল অর্থাৎ הַ আছে তখন আর্টিক্যাল הַ অক্ষরটি নাউন থেকে বাদ পরে এবং তার পরিবর্তে প্রিপজিশন অক্ষরটি স্থির থাকে। যেমন:

ক. אִישׁ লোক לְאִישׁ একটি লোকের জন্য;
הָאִישׁ লোকটি לָאִישׁ লোকটির জন্য।

খ. בְּרִית চুক্তি כִּבְרִית একটি চুক্তি অনুসারে
הַבְּרִית চুক্তিটি כַּבְּרִית চুক্তিটি অনুসারে

গ. הֵיכָל এবাদত-খানা בְּהֵיכָל এবাদত-খানার মধ্যে
הַהֵיכָל এবাদত-খানাটি בַּהֵיכָל এবাদত-খানাটির মধ্যে

(৫) যখন কোন প্রিপজিশন এক সিলেবল বিশিষ্ট এবং 'এ' ক্লাশের একসেণ্ট আছে এমন নাউনের পূর্বে বসে তখন প্রিপজিশনের নিচে প্রায়ই কোমেটস্ ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

לָעַד অনন্ত কালের প্রতি לָמַּ֫יִם পানির প্রতি

৫.৩ উপরে যে সব প্রিপজিশন নিয়ে এতক্ষণ আলোচনা করলাম এছাড়াও কিছু প্রিপজিশন আছে যেগুলো শব্দের সংগে যুক্ত হয় না কিন্তু তারা আলাদা বা স্বাধীন শব্দ হিসাবেই নাউনের পূর্বে ব্যবহৃত হয়ে থাকে। এরা ইংরেজী প্রিপজিশনের মতই ব্যবহৃত হয়। এর মধ্যে যেগুলো বহুল ব্যবহৃত হয় তা নিম্নে দেওয়া হল:

אֶל প্রতি, মধ্যে, সামনে; לִפְנֵי পূর্বে, সম্মুখে;
עַל উপরে, উপর, বিষয়ে מִן হতে, থেকে, মধ্য থেকে;
עִם সংগে; בֵּין মধ্যে, মাঝামাঝি; עַד পর্যন্ত, প্রতি;
תַּ֫חַת নিচে, পরিবর্তে; אַחֲרֵי পিছনে, পরে; אֵ֫צֶל পাশে, কাছে।

৫.৪ מִן (হতে, থেকে, মধ্য থেকে) প্রিপজিশনটি আরেকটু ব্যাখ্যা করার প্রয়োজন আছে। অন্যান্য স্বাধীন প্রিপজিশন হতে এর নিয়ম একটু আলাদা। নিম্নে এর নিয়মাবলী উলেখ করা হল।

(১) কোন নাউন যার ডেফিনিট আর্টিক্যাল আছে এমন অবস্থায় מִן তার পূর্ণ গঠন নিয়ে মাক্কিফ (־) সহকার শব্দের পূর্বে অবস্থান করে। যেমন:

מִן־הָאָרֶץ পৃথিবী থেকে; מִן־הַיּוֹם দিনটি থেকে;

מִן־הַבַּיִת ঘরটি থেকে מִן־הָעֵץ গাছটি থেকে।

(২) যে সমস্ত নাউন ডেফিনিট নয় অর্থাৎ যার পূর্বে আর্টিক্যাল নেই এমন সব শব্দ যেটি গাটারেল অক্ষর দিয়ে শুরু হয় নি তাদের ক্ষেত্রে מִן পরিবর্তন হয়ে מ+ ִ হয় এবং এর পরবর্তী ব্যঞ্জনবর্ণে ডেগেশ ফরটি ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

בַּיִת এর পূর্বে מִן বসে তবে তা হয়ে যায়- מִבַּיִת একটি বাড়ী থেকে;

מֶלֶךְ এর পূর্বে מִן বসে তবে তা হয়ে যায়- מִמֶּלֶךְ একজন বাদশাহ্ থেকে;

יוֹם এর পূর্বে מִן বসে তবে তা হয়ে যায়- מִיּוֹם একটি দিন হতে।

লক্ষণীয় বিষয় এই যে, מִן যখন কোন সাধারণ সেভা সহকারে কোন ইয়ুদ এর পূর্বে বসে তখন מִי হয়ে যায়, যেমন: מִיהוּדָה এহুদা থেকে; מִירוּשָׁלַיִם জেরুজালেম থেকে।

(৩) যে সমস্ত নাউন ডেফিনিট নয় এবং যার প্রথম ব্যঞ্জনবর্ণটি একটি গাটারেল তখন প্রিপজিশন מִן লিখা হয় מ + ֵ = מֵ হয়। এই ক্ষেত্রে হিরিক (ִ) দীর্ঘায়িত হয়ে ছেড়ে (ֵ) হয় কারণ গাটারেল দ্বৈত অক্ষর গ্রহণ করে না। যেমন:

אִישׁ এর সংগে যদি מִן বসে তবে তা হয়- מֵאִישׁ একজন মানুষ হতে

הַר এর সংগে যদি מִן বসে তবে তা হয়- מֵהַר একটি পাহাড় থেকে

חֶרֶב এর সংগে যদি מִן বসে তবে তা হয়- מֵחֶרֶב একটি ছোরা থেকে

עִיר এর সংগে যদি מִן বসে তবে তা হয়- מֵעִיר একটি শহর থেকে

רֹאשׁ এর সংগে যদি מִן বসে তবে তা হয়- מֵרֹאשׁ একটি মাথা থেকে

শব্দমালা

(১) אוֹר আলো	(২) בַּיִת বাড়ী, গৃহ	(৩) בַּת কন্যা
(৪) דָּם রক্ত	(৫) חֹשֶׁךְ অন্ধকার	(৬) יָם সমুদ্র
(৭) מָקוֹם স্থান	(৮) נָבִיא নবী	(৯) בֹּקֶר সকাল
(১০) יֵשׁ সেখানে	(১১) לֹא না	(১২) עֵץ গাছ
(১৩) עֶרֶב সন্ধ্যা	(১৪) מֶלֶךְ বাদশাহ্	(১৫) הֵיכָל এবাদত-খানা

অনুশীলন

১. জোড়ে জোড়ে পড়ুন এবং শব্দের প্রথমে হিব্রু প্রিপজিশনগুলো অনুসারে শব্দের অনুবাদ করুন।

כְּדָבָר, מֵאִישׁ, בַּמָּקוֹם, לַבֵּן, בָּעִיר, מֵרֹאשׁ, מֵחֹשֶׁךְ, מֵאוֹר, בַּדָּם, מִן־הָעִיר, מִנָּבִיא, כַּדָּבָר, לְיָד; מִן־הַמֶּלֶךְ, לַבְּרִית,

২. হিব্রু প্রিপজিশনগুলো লিখুন এবং একেকটি প্রিপজিশনের বাংলায় কতগুলো অর্থ হয় তা লিখুন।

৩. স্বাধীন বা যে প্রিপজিশনগুলো আলাদা শব্দ হিসাবে নাউনের পূর্বে বসে নিচে তা দেওয়া হল। আপনি এখন ৪ ও ৫ নং পাঠের শব্দমালা থেকে শব্দ বেছে নিয়ে স্বাধীন প্রিপজিশনগুলোর পূর্বে বসিয়ে অনুবাদ করুন।

নাউন + אֶל প্রতি, মধ্যে, সামনে; নাউন + לִפְנֵי পূর্বে, সম্মুখে;

নাউন + עַל উপরে, উপর, বিষয়ে নাউন + מִן হতে, থেকে, মধ্য থেকে; নাউন + עִם সংগে; নাউন + בֵּין মধ্যে, মাঝামাঝি;

নাউন + עַד পর্যন্ত, প্রতি; নাউন + תַּחַת নিচে, পরিবর্তে; নাউন + אַחֲרֵי পিছনে, পরে; নাউন + אֵצֶל পাশে, কাছে।

৪. নিচে যে সব শব্দ দেওয়া হল তার সংগে לְ প্রিপজিশনটি যুক্ত করে লিখুন। যেখানে বা-গে-ড-কা-ফে-ড অক্ষর আছে সেখানে যে পরিবর্তন হবে তাও লিখুন।

אֱמֶת מָקוֹם בְּרִית פְּרִי אִשָּׁה רוּחַ דָּבָר שָׁלוֹם הֵיכָל

৫. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার পঞ্চম হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের পাঠে আপনি তৃতীয় হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার চতুর্থ হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:১২ আয়াত

12 כַּבֵּד אֶת־אָבִיךָ וְאֶת־אִמֶּךָ לְמַעַן יַאֲרִכוּן

কাবেদ আবিকা-এথ ভাএথ ইমেকা লমায়ান আআরিকৌন

সম্মান কর তোমার পিতাকে এবং তোমার মাতাকে যেন দীর্ঘ হয়

יָמֶיךָ עַל הָאֲדָמָה אֲשֶׁר־יְהוָה אֱלֹהֶיךָ

ইয়ামেইকা আল হাঅদামা আসের-ইয়াওয়ে এলোহিকা

তোমার দিন উপর জমির যা মাবুদ তোমার আল্লাহ্‌

נֹתֵן לָךְ׃

নিথেন লাক

দেন তোমাকে

হিজরত ২০:১২ আয়াত

"তোমার পিতা ও মাতাকে সমাদর কোরো, যেন তোমার আল্লাহ্‌ মাবুদ তোমাকে যে দেশ দেবেন, সেই দেশে তোমার দীর্ঘ পরমায়ু হয়।

৬. পয়দায়েশ ১: ১৪-১৭ আয়াত জোড়ে জোড়ে সঠিক উচ্চারণ করে পাঠ করুন।

14 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֗ים יְהִ֤י מְאֹרֹת֙ בִּרְק֣יַע הַשָּׁמַ֔יִם
לְהַבְדִּ֕יל בֵּ֥ין הַיּ֖וֹם וּבֵ֣ין הַלָּ֑יְלָה וְהָי֤וּ לְאֹתֹת֙
וּלְמ֣וֹעֲדִ֔ים וּלְיָמִ֖ים וְשָׁנִֽים׃

১৪ পরে আল্লাহ্ বললেন, রাত্রি থেকে দিনকে পৃথক করবার জন্য আসমানের বিতানে জ্যোতির্গণ হোক; সেই সমস্ত চিহ্নের জন্য, ঋতুর জন্য এবং দিবসের ও বছরের জন্য হোক।

15 וְהָי֤וּ לִמְאוֹרֹת֙ בִּרְק֣יַע הַשָּׁמַ֔יִם
לְהָאִ֖יר עַל־הָאָ֑רֶץ וַֽיְהִי־כֵֽן׃

১৫ এছাড়া, দুনিয়াতে দীপ্তি দেবার জন্য দীপ বলে তা আসমানের বিতানে থাকুক; তাতে সেরূপ হল।

16 וַיַּ֣עַשׂ אֱלֹהִ֔ים אֶת־שְׁנֵ֥י הַמְּאֹרֹ֖ת הַגְּדֹלִ֑ים
אֶת־הַמָּא֤וֹר הַגָּדֹל֙ לְמֶמְשֶׁ֣לֶת הַיּ֔וֹם וְאֶת־הַמָּא֤וֹר
הַקָּטֹן֙ לְמֶמְשֶׁ֣לֶת הַלַּ֔יְלָה וְאֵ֖ת הַכּוֹכָבִֽים׃

১৬ ফলতঃ আল্লাহ্ দিবসের উপরে কর্তৃত্ব করতে এক মহাজ্যোতি ও রাত্রির উপরে কর্তৃত্ব করতে তা অপেক্ষা ক্ষুদ্র এক জ্যোতি– এই দুই বৃহৎ জ্যোতি এবং নক্ষত্রসমূহ সৃষ্টি করলেন।

17 וַיִּתֵּ֥ן אֹתָ֛ם אֱלֹהִ֖ים בִּרְק֣יַע הַשָּׁמָ֑יִם לְהָאִ֖יר
עַל־הָאָֽרֶץ׃

১৭ আর দুনিয়াতে দীপ্তি দেবার জন্য, দিবস ও রাত্রির উপরে কর্তৃত্ব করবার জন্য।

পাঠ ৬

וְ ‘ভাব’ (ওয়া) সংযোগ অব্যয় বা কনজাংশন (The Vav Conjunction)

হিব্রু ভাষায় সংযোগ অব্যয় וְ (এবং, আর, ও) বাংলার মত একাকী পৃথক শব্দ হিসাবে ব্যবহৃত হয় না কিন্তু শব্দের পূর্বে যুক্ত হয়ে একই শব্দ হিসাবে ব্যবহৃত হয়। নিম্নে ‘ভাব’ সংযোগ অব্যয় এর নিয়মাবলি দেওয়া হল।

৬.১ এটি সাধারণতঃ ভাব (ওয়া) + সাধারণ সেভা = וְ দিয়ে ভাব সংযোগ অব্যয় গঠিত হয়। সাধারণত শব্দের প্রথম অক্ষর בּ, מ, বা פּ ছাড়া অন্য যে শব্দের প্রথম অক্ষরে পূর্ণ স্বরবর্ণ থাকে তার পূর্বে וְ (ভাব) ব্যবহৃত হয়। যেমন: וְהָאָרֶץ (ভেহাআরেট) এবং পৃথিবী; וְחֹשֶׁךְ (ভেহোসেক) এবং অন্ধকার; וְלַחֹשֶׁךְ (ভেলাহো-সেক) এবং অন্ধকারের প্রতি।

৬.২ বিশেষ করে যে সব শব্দের পূর্বে בּ, מ, বা פּ অক্ষর থাকে তার পূর্বে ‘ভাব’ সংযোগ অব্যয় হিসাবে וּ (সুরেখ) ব্যবহৃত হয়ে থাকে। এছাড়া শুধু মাত্র ইয়ুদ (י) ছাড়া যে সব ব্যঞ্জনবর্ণে সাধারণ সেভা ব্যবহৃত হয় সেখানেও וּ ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

וּנְקֵבָה এবং মহিলা; וּבְרִית এবং চুক্তি;

וּבֵין এবং মাঝে; וּפְרִי এবং ফল;

וּמִן এবং থেকে।

৬.৩ যখন কোন শব্দের পূর্বে יְ (ইয়ুদ + সাধারণ সেভা) তখন וְ ও יְ চুক্তিবদ্ধ হয়ে וִי (ভাব + হিরিক-ইয়ূদ) গঠন করে।

যেমন: יְרוּשָׁלַיִם + וְ হয়ে যায় וִירוּשָׁלַיִם ‘এবং জেরুজালেম’;

יְהוּדָה + וְ হয়ে যায় וִיהוּדָה ‘এবং এহুদা’;

יְהִי + וְ হয়ে যায় וִיהִי ‘এবং এ হোক’।

৬.৪ যদি কোন শব্দের ব্যঞ্জনবর্ণ কম্পাউন্ড সেভা দিয়ে শুরু হয় তখন এর পূর্বে ভাব সংযোগ অব্যয় একটি short স্বরবর্ণ গ্রহণ করে যা কম্পাউন্ড সেভার সংগে সম্পর্ক রক্ষা করে। উলে-খ্য যে, স্বরবর্ণের পাশে কম্পাউন্ড সেভার পূর্বে একটি মেটেগ (ֽ) ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

וַֽאֲנִי এবং আমি (পয়দায়েশ ৬:১৭)

וֶֽאֱמֶת এবং সত্য (পয়দায়েশ ২৪:৪৯)

וָֽחֳלִי এবং অসুস্থতা (হেদায়েত ৬:২)।

৬.৫ এক সিলেবল শব্দ বিশিষ্ট শব্দসমূহ অথবা একসেন্টেড শব্দসমূহে ভাব সংযোগ অব্যয় প্রায়ই וָ (ভাব + কোমেটস্) ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

טוֹב וָֽרָע ভাল ও মন্দ (পয়দায়েশ ২:৯)

תֹהוּ וָבֹהוּ ঘোর ও শূন্য (পয়দায়েশ ১:২)

בְּהֵמָה וָרֶמֶשׂ গৃহপালিত পশু, সরীসৃপ (পয়দায়েশ ১:২৪)।

৬.৬ আল্লাহ্‌র নামের সংগে যখন ভাব (וְ) সংযোগ অব্যয় যুক্ত হয় তখন বিশেষ বিধি বা নিয়ম অনুসরণ করা হয়।

সাধারণত אֱלֹהִים (এলোহিম) ও יהוה (ইহোয়া বা যিহোভা) এই দু'টি নাম প্রায়ই হিব্রু পাক-কিতাবে ব্যবহৃত হয়েছে, ইংরেজিতে যাকে অনুবাদ করা হয়েছে Lord ও LORD বাংলা কিতাবুল মোকাদ্দসে 'আল্লাহ্' 'দেবতাগণ' ও 'মাবুদ' ব্যবহার করা হয়েছে।

אֱלֹהִים এর গঠন বহুবচন এবং এটি বহু বচনে ব্যবহৃত নাম কিন্তু সাধারণত বেশীর ভাগ স্থানে এটি এক বচনের নাউন হিসাবেই কাজ করে থাকে। কিন্তু এটি বহুবচনের ব্যবহৃত হয় যখন এর সংগে modifiers ও বহুবচনের verbs ব্যবহৃত হয়। এটি হিব্রু পাক-কিতাবে 'জাতিগণের আল্লাহ্' 'দেবতাগণ' এ রকম ক্ষেত্রে বহুবচনে ব্যবহার করা হয়েছে বনি-ইসরাইলদের আল্লাহ্ হিসাবে তা এক বচনে

ব্যবহার করা হয়েছে। אֱלֹהִים ডেফিটিন আর্টিক্যাল সহ ও আর্টিক্যাল ছাড়া হাএলোহিম (הָאֱלֹהִים) এই উভয় অবস্থাতেই হিব্রু পাক-কিতাবে দেখতে পাওয়া যাবে।

এলোহিমের সংগে যখন ভাব সংযোগ অব্যয় যুক্ত হয় (אֱלֹהִים + וְ) তখন א তার কনসোনেন্টের মর্যাদা হারিয়ে ফেলে এবং কম্পাউন্ড সেভাও হারিয়ে וֶאלֹהִים (ভেলোহিম) রূপ ধারণ করে। কিন্তু א কখনো closed সিলেবল হয় না বলে এর পূর্ববর্তী স্বরবর্ণ একটি ওপেন ও unaccented সিলেবল তাই এটি দীর্ঘায়িত হয়ে থাকে (সিগোল ֶ থেকে ֵ সেরে হয়ে থাকে)। এর ফলে শেষে এর গঠন দাড়ায় এ রকম- וֵאלֹהִים ভেলোহিম ‘এবং আল্লাহ্’।

יהוה নামটি বনি-ইসরাইলদের সংগে আল্লাহ্‌র বিশেষ চুক্তির বা কভনেন্টের নাম। বনি-ইসরাইলদের সেই প্রাচীন কাল থেকেই এই নামটি ইহুদীদের মধ্যে খুবই পবিত্র নাম বলে পালিত হয়ে আসছে। সেইজন্য যারা নিজেদেরকে আল্লাহ্‌ভক্ত পাঠক বলে মনে করে তারা এই নামটি উচ্চারণ করে না কিন্তু এর পরিবর্তে আদোনাই אֲדֹנָי মানে, ‘আমার আল্লাহ্’ বলে থাকে। যখন মেসোরেটিক পন্ডিতগণ সঠিক উচ্চারণের জন্য পাক-কিতাবে স্বরবর্ণ পয়েন্ট বা চিহ্ন যুক্ত করলেন তখন তারা ‘আদোনাই’ এর স্বরবর্ণ יהוה এর ব্যঞ্জনবর্ণে যুক্ত করলেন। তারা একটু পরিবর্তন করলেন যথা কম্পাউন্ড সেভার পরিবর্তে ইয়ূদের নিচে সাধারণ সেভা (יְ) ব্যবহার করলেন কারণ এটি গাটারেল নয় বলে। এর ফলে এর গঠন দাড়ায় יְהֹוָה (অথবা সাধারণ ভাবে יְהוָה), এটি সব সময়ই ’আদোনাই’ হিসাবে উচ্চারিত হয়ে থাকে।

কোন কোন সময় আল্লাহ্‌র দু’টি নাম একত্রে হিব্রু পাক-কিতাবে দেখা যায় যেমন, אֲדֹנָי יהוה (আদোনাই ইয়াওয়ে)। যেহেতু প্রথম নামটির উচ্চারণ আদোনাই পাঠ করে আর দ্বিতীয়টিও আদোনাই বলতে হয়, তাই দু’টি আদোনাই একসংগে শুনতে বেমানান লাগে। তাই মেসোরেটিক পন্ডিতগণ יהוה প্রথমটি স্বরবর্ণ পয়েন্ট אֱלֹהִים থেকে গ্রহণ করেছেন একটু পরিবর্তন করে। এর ফলে এর গঠন দাড়ায় יֱהֹוִה, পরে এটি একটু সহজ করে יְהוִה লেখা হয় যার উচ্চারণ করা হয়ে

থাকে ‘এলোহিম’। তাই এরকম অবস্থায় দু’টি নাম একত্রে উচ্চারিত হয় ‘আদোনাই এলোহিম’। যখন এর সংগে ভাব সংযোগ অব্যয় וְ যুক্ত হয় তখন এর গঠন হয় এ রকম– יְהוָה ,וַ এবং এটি উচ্চারিত হয়ে থাকে וַאדֹנָי (ভাআদোনাই)।

শব্দমালাঃ

(১) אַחֲרֵי (আহেরেই) পরে, পিছনে (২) אֶל (এল) প্রতি, ভিতরে, সামনে

(৩) בֵּין (বেইন) মধ্যে, মাঝে (৪) לִפְנֵי (লিফ্‌নেই) সামনে, সম্মুখে

(৫) מִן (মিন) থেকে, হতে (৬) עַד (আদ) পর্যন্ত, যতক্ষণ

(৭) עִם (ইম) সংগে, সাথে (৮) עַל (আল) উপরে, উপর, সম্বন্ধে

(৯) תַּחַת (টাহাথ) নিচে, পরিবর্তে (১০) אֵין (এইন) সেখানে নয়

(১১) בֹּקֶר (বোখের) সকাল (১২) יָד (আদ) হাত

(১৩) יוֹם (ইয়োম) দিন (১৪) יֵשׁ (ইয়েস) সেখানে, ওখানে

(১৫) לֹא (লো) না (১৬) לַיְלָה (লাইলা) রাত্রি

(১৭) מָקוֹם (মাকোম) স্থান, জায়গা (১৮) עֵץ (এট্‌স্‌) গাছ

(১৯) עֶרֶב (এরেভ) সন্ধ্যা (২০) פְּרִי (পেরি) ফল

অনুশীলন

১. নিম্নলিখিত শব্দসমূহের পূর্বে לְ যুক্ত করুন। প্রথমে আর্টিক্যাল ছাড়া ব্যবহার করুন এবং পরে আর্টিক্যাল সহ ব্যবহার করুন। যে সমস্ত বাগেদকাফেট অক্ষর আছে সেখানে প্রিপজিশন বসাবার জন্য যে সব পরিবর্তন করতে হবে তা করুন।

যেমন בֵּן মানে হল ‘ছেলে’। এর সংগে প্রিপজিশন যুক্ত করলে হয় - לְבֵן ‘ছেলের প্রতি’। הַבֵּן মানে হল ‘ছেলেটি’। আর לַבֵּן মানে হল ‘ছেলেটির প্রতি’।

שָׁלוֹם	דָּבָר	רוּחַ
אִשָּׁה	פְּרִי	בְּרִית
מָקוֹם	אֱמֶת	הֵיכָל

২. নিম্ন লিখিত শব্দসমূহের পূর্বে מִן প্রিপজিশন বসিয়ে এর অনুবাদ করতে চেষ্টা করুন।

(১) בַּיִת (১০) הַבַּיִת
(২) אֱמֶת (১১) אִשָּׁה
(৩) יְרוּשָׁלַיִם (১২) אֱלֹהִים
(৪) פְּרִי (১৩) יָד
(৫) הַר (১৪) רֹאשׁ
(৬) אֶרֶץ (১৫) הָאָרֶץ
(৭) חֹשֶׁךְ (১৬) הַחֹשֶׁךְ
(৮) הָעִיר (১৭) הַהֵיכָל
(৯) רוּח (১৮) הָרוּח

৩. নিম্নলিখিত শব্দ বা শব্দসমূহের মধ্যে ভাব (וְ) সংযোগ অব্যয় যুক্ত করুন এবং এগুলোর অনুবাদ করতে চেষ্টা করুন। উদাহরণস্বরূপ: בְּשֵׁם = וּבְשֵׁם "এবং একটি নাম দ্বারা"।

(১) בְּשֵׁם (৮) לִבְרִית
(২) כְּדָבָר (৯) יְהוּדָה
(৩) כַּדָּבָר (১০) בִּיהוּדָה
(৪) בְּרִית (১১) אֱמֶת
(৫) מֵאֱמֶת (১২) פְּרִי

(৬) לְאִשָּׁה (১৩) לְשָׁלוֹם
(৭) בַּהֵיכָל (১৪) אֱלֹהִים

৫. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার ষষ্ঠ হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের পাঠে আপনি পঞ্চম হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার ষষ্ঠ হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:১৩ আয়াত

13 לֹ֖א תִּרְצָֽח׃
. লো টিরছাহ
. না তুমি অবশ্যই খুন করবে

হিজরত ২০:১৩ 'নরহত্যা কোরো না।'

৬. পয়দায়েশ ১: ১৮-২১ আয়াত জোড়ে জোড়ে সঠিক উচ্চারণ করে পাঠ করুন।

18 וְלִמְשֹׁל֙ בַּיּ֣וֹם וּבַלַּ֔יְלָה וּֽלֲהַבְדִּ֔יל בֵּ֥ין הָא֖וֹר
וּבֵ֣ין הַחֹ֑שֶׁךְ וַיַּ֥רְא אֱלֹהִ֖ים כִּי־טֽוֹב׃

১৮ এবং দীপ্তি থেকে অন্ধকার পৃথক করবার জন্য আল্লাহ্‌ ঐ জ্যোতিসমূহকে আসমানের বিতানে স্থাপন করলেন। আল্লাহ্‌ দেখলেন যে, সেসব উত্তম।

19 וַֽיְהִי־עֶ֥רֶב וַֽיְהִי־בֹ֖קֶר י֥וֹם רְבִיעִֽי׃

১৯ আর সন্ধ্যা ও সকাল হলে চতুর্থ দিবস হল।

20 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֔ים יִשְׁרְצ֣וּ הַמַּ֔יִם שֶׁ֖רֶץ נֶ֣פֶשׁ חַיָּ֑ה

וְעוֹף֙ יְעוֹפֵ֣ף עַל־הָאָ֔רֶץ עַל־פְּנֵ֖י רְקִ֥יעַ הַשָּׁמָֽיִם׃

২০ পরে আল্লাহ্‌ বললেন, পানি নানাজাতীয় জীবন্ত প্রাণিবর্গে প্রাণিময় হোক, এবং ভূমির ঊর্ধ্বে আসমানের বিতানে পক্ষীসমূহ উড়ে বেড়াক।

21 וַיִּבְרָ֣א אֱלֹהִ֔ים אֶת־הַתַּנִּינִ֖ם הַגְּדֹלִ֑ים וְאֵ֣ת
כָּל־נֶ֣פֶשׁ הַֽחַיָּ֣ה ׀ הָֽרֹמֶ֡שֶׂת אֲשֶׁר֩ שָׁרְצ֨וּ הַמַּ֜יִם
לְמִֽינֵהֶ֗ם וְאֵ֨ת כָּל־ע֤וֹף כָּנָף֙ לְמִינֵ֔הוּ וַיַּ֥רְא אֱלֹהִ֖ים
כִּי־טֽוֹב׃

২১ তখন আল্লাহ্‌ বৃহৎ তিমিদের, ও যে নানাজাতীয় জীবন্ত প্রাণিবর্গে পানি প্রাণিময় আছে সেই সবের এবং নানা জাতীয় পক্ষীর সৃষ্টি করলেন। পরে আল্লাহ্‌ দেখলেন যে, সেসব উত্তম।

পাঠ ৭

বিশেষ্য পদ বা নাউনের উৎসসমূহ:

৭.১ উৎস বা origin অনুসারে হিব্রু নাউন হয়তো তিনটি শ্রেণীতে বিভক্ত।

[ক] আদি বিশেষ্য পদ বা primitive nouns: এই পর্যায়ের নাউনের উৎস এখন আর জানা যায় না। এই নাউনগুলোর সংখ্যা খুবই কম। যেমন:

אָב বাবা, পিতা;	יוֹם দিন;	בֵּן পুত্র, ছেলে;
אֵם মা, আম্মা;	לַיְלָה রাত্রি;	יָד হাত;
דָּם রক্ত;	פֶּה মুখ;	שֵׁם নাম।

[খ] সবচেয়ে বেশী হিব্রু নাউন (Noun) এসেছে ক্রিয়াপদ (Verbs) থেকে। যেমন:

דָּבָר "কালাম" শব্দটি এসেছে דִּבֵּר থেকে যার মানে হল "সে বলেছে"

זֶרַע "বীজ" শব্দটি এসেছে זָרַע থেকে যার মানে হল "সে বুনেছে"

מֶלֶךְ "বাদশাহ্" এসেছে מָלַךְ থেকে যার মানে হল "সে শাসন করেছে"

עֶבֶד "চাকর" এসেছে עָבַד থেকে যার মানে হল "সে সেবা করেছে"

עוֹף "পাখী" এসেছে עוּף থেকে যার মানে হল "উড়া"

[গ] কিছু হিব্রু নাউন অন্যান্য নাউন থেকে এসেছে। পয়দায়েশের প্রথম শব্দটি এই স্তরের মধ্যে পরে। শব্দটি হল רֵאשִׁית "আদিতে" শব্দটি এসেছে רֹאשׁ থেকে যার মানে হল "মাথা" বা "প্রধান"। অন্যান্য উদাহরণ হিসেবে নিম্নলিখিত শব্দগুলো উলে-খ করা যায়।

בּוֹקֵר "পালক বা রাখাল" এসেছে בָּקָר থেকে যার মানে হল "একটি পাল"

כֹּרֵם “আংগুর ক্ষেতের কৃষক” এসেছে כֶּרֶם যার মানে হল “একটি আংগুর খেত”

יִשְׂרְאֵלִי “ইসরাইলীয়” এসেছে יִשְׂרָאֵל যার মানে হল “ইসরায়েল”

নাউন: লিঙ্গ

৭.২ হিব্রু নাউন হয় পুংলিঙ্গ অথবা স্ত্রী লিঙ্গ। নাউনটি কি লিঙ্গ একেবারে সঠিকভাবে জানতে হলে ডিকশনারী দেখা প্রয়োজন। পুংলিঙ্গ চিহ্নিত করাই কঠিন কারণ এই লিঙ্গ কোন বিশেষ নিয়ম-নীতি বা প্যার্টান গ্রহণ করে না।

৭.৩ তুলনামূলক ভাবে স্ত্রীলিঙ্গ একটু সহজেই নির্ধারণ করা যায়। নিম্নলিখিত গাইডলাইন তা নির্ধারণ করার জন্য সাহায্য করবে।

১. যে সমস্ত নাউন স্ত্রী লোক বা স্ত্রী জন্তু-জানোয়ার নির্দেশ করে তা স্ত্রীলিঙ্গ হবে। যেমন: אֵם মা; בַּת কন্যা; אִשָּׁה স্ত্রীলোক; מַלְכָּה রাণী, ইত্যাদি।

২. যে সব নাউন শেষের অক্ষর ָה দিয়ে শেষ হয় তা সাধারণত স্ত্রীলিঙ্গ বলে নির্দেশিত হয়। যেমন:

אֲדָמָה মাটি, পৃথিবী; בְּהֵמָה গরু-ছাগলের পাল;

אָכְלָה খাদ্য; יַבָּשָׁה শুকনা ভূমি;

שָׁנָה বৎসর; תּוֹרָה শরীয়ত, নিয়ম।

৩. কিছু কিছু পুরুষলিঙ্গ নাউনের সংগে ָה যুক্ত করে স্ত্রীলিঙ্গ করা হয়ে থাকে। যেমন:

מֶלֶךְ বাদশাহ্ מַלְכָּה রানী;

נָבִיא নবী נְבִיאָה মহিলা-নবী;

סוּס ঘোড়া סוּסָה ঘুড়ি;

שַׂר রাজকুমার שָׂרָה রাজকুমারী।

৪. যে সমস্ত নাউন শব্দ ת দিয়ে শেষ হয় তা সাধারণতঃ স্ত্রীলিঙ্গ হয়ে থাকে। যেমন:

אָחוֹת বোন; בַּת কন্যা; דַּעַת জ্ঞানী עֵת সময়;
אֱמֶת সত্য; דֶּלֶת দরজা;
בְּרִית নিয়ম, চুক্তি; מַלְכוּת রাজ্য

৫. যে সমস্ত নাউন শরীরের অঙ্গ-প্রতঙ্গের জোড়া নির্দেশ করে তা সাধারণত স্ত্রীলিঙ্গ হয়ে থাকে।

যেমন: יָד হাত; עַיִן চোখ; רֶגֶל পায়ের পাতা।

নাউন: সংখ্যাবাচক

হিব্রু নাউনের সংগে যুক্ত সংখ্যাবাচক শব্দকে তিনটি শ্রেণীতে ভাগ করা যায়: একবচন, দ্বিবচন ও বহুবচন।

৭.৪ বেশীর ভাগ একবচন নাউনকে তাদের শব্দ গঠনের শেষাংশ দেখে বুঝতে পারা যায় না। উদাহরণ হিসাবে লিঙ্গের আলোচনা যেখানে করা হয়েছে সেই অংশটুকু পাঠ করে দেখা যেতে পারে।

৭.৫ বহু বচনের নাউনের শব্দের শেষাংশের গঠন দেখে বুঝতে পারা যায় যে, এটি বহু বচন।

১. পুংলিঙ্গের বহুবচনের শব্দের শেষাংশের গঠন

ক. বেশীরভাগ পুংলিঙ্গের বহুবচন শব্দের শেষাংশ সাধারণতঃ ִים (হিরিক-ইয়ুদ, ও শেষে মেম) হয়ে থাকে। নিত্তের উদাহরণগুলো লক্ষ্য করুন।

এক বচন	**বহুবচন**
סוּס ঘোড়া	סוּסִים ঘোড়াগুলো
עֵץ গাছ	עֵצִים গাছগুলো
הַר পাহাড়	הָרִים পাহাড়গুলো

דָּבָר কালাম   דְּבָרִים কালামগুলো

סֵפֶר বই   סְפָרִים বইগুলো

খ. কিছু কিছু পুংলিঙ্গ বহুবচনের শব্দের শেষে וֹת ব্যবহৃত হয়ে থাকে যা সাধারণত স্ত্রীলিঙ্গের বহুবচনের শেষে ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

אָב পিতা   אָבוֹת পিতাগণ

מָקוֹם স্থান   מְקוֹמוֹת স্থানসমূহ থেকে

קוֹל শব্দ   קוֹלוֹת শব্দসমূহ

שֵׁם নাম   שֵׁמוֹת নামসমূহ

২. স্ত্রীলিঙ্গের বহুবচনের শব্দের শেষাংশের গঠন:

ক. বেশীর ভাগ স্ত্রীলিঙ্গের বহুবচনের শব্দের শেষাংশের গঠন וֹת ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

סוּסָה খচ্চর   סוּסוֹת স্ত্রী-খচ্চর

תּוֹרָה আইন   תּוֹרוֹת আইনগুলো

מִצְוָה নিয়ম-কানুন   מִצְוֹת নিয়ম-কানুনগুলো

רוּחַ রূহ্   רוּחוֹת রূহ্গুলো

אֵם মা   אִמּוֹת মায়েরা

בַּת কন্যা   בָּנוֹת কন্যারা

אֶרֶץ পৃথিবী, ভূমি   אֲרָצוֹת ভূমিসমূহ

খ. কিছু কিছু স্ত্রীলিঙ্গের বহুবচনের শব্দের শেষাংশে ִים ব্যবহৃত হয়ে থাকে যা সাধারণত পুলিঙ্গের বহুবচনের ক্ষেত্রে ব্যবহার করা হয়। যেমন:

אִשָּׁה স্ত্রীলোক;   נָשִׁים স্ত্রীলোকেরা;

পাঠ ৭

עִיר শহর; עָרִים শহরগুলো।

৩. কিছু কিছু নাউন আছে যার বহু বচনের শব্দের শেষাংশ পুরুষলিঙ্গের মত (ִים) অথবা স্ত্রীলিংঙ্গের শব্দের শেষাংশের (וֹת) এর মত হয়ে থাকে। যেমন:

דוֹר বংশ পরম্পরা דוֹרִים অথবা דוֹרוֹת বংশ পরম্পরাসমূহ

שָׁנָה বৎসর שָׁנִים অথবা שְׁנוֹת বৎসরসমূহ

দ্বৈত নাউন

৭.৬ তৃতীয় শ্রেণীর হিব্রু নাউনের মধ্যে আছে দ্বৈত নাউন। এই নাউনের মধ্যে আছে সাধারণত যা যুগল হিসাবে ব্যবহৃত হয়ে থাকে, বিশেষ করে দেহের যে দ্বৈত অংগপ্রত্যংগ আছে তার বেলায় ব্যবহৃত হয়ে থাকে।

১. সাধারণতঃ দৈত নাউনের বহুবচনের শেষাংশ সাধারণত ַ ִים দিয়ে লেখা হয়ে থাকে। যেমন:

এক বচন		দ্বিবচন	
אֹזֶן	কান (স্ত্রীলিঙ্গ)	אָזְנַיִם	কান (এক জোড়া)
יָד	হাত (স্ত্রীলিঙ্গ)	יָדַיִם	হাত (এক জোড়া)
כָּנָף	পাখা (স্ত্রীলিঙ্গ)	כְּנָפַיִם	পাখা (এক জোড়া
נַעַל	জুতা (স্ত্রীলিঙ্গ)	נַעֲלַיִם	জুতা (এক জোড়া)
עַיִן	চোখ (স্ত্রীলিঙ্গ)	עֵינַיִם	চোখ (এক জোড়া)
קֶרֶן	শিং (স্ত্রীলিঙ্গ)	קַרְנַיִם	শিং (এক জোড়া)
רֶגֶל	পা (স্ত্রীলিঙ্গ)	רַגְלַיִם	পা (এক জোড়া)
שָׂפָה	ঠোঁট (স্ত্রীলিঙ্গ)	שְׂפָתַיִם	ঠোঁট (এক জোড়া)

৭.৭ কোন কোন নাউন আছে যার শব্দের শেষাংশ ঠিক দ্বৈত নাউনের শেষাংশের মত যদিও অর্থের দিক থেকে তা দ্বৈত নয়। যেমন:

מַיִם পানি; יְרוּשָׁלַיִם যিরুশালেম;

পাঠ ৭

שָׁמַיִם আকাশ, বেহেশত; מִצְרַיִם মিসর।

শব্দ মালা

(১) אֲדָמָה মাটি, পৃথিবী; (১০) אֲדֹנָי খোদা, প্রভু

(২) יְהוָה মাবুদ; (১১) בְּהֵמָה গরু-ছাগলের পাল

(৩) בָּשָׂר মাংস, মাংসিক, দেহ (১২) בְּתוֹךְ লোকের মাঝে, মধ্যে

(৪) גַּם এছাড়াও (১৩) דֶּרֶךְ পথ

(৫) יַבָּשָׁה শুকনা ভূমি (১৪) כִּי জন্য, যে, কারণ

(৬) כֹּל সব, সকলে (১৫) כֵּן এইভাবে, সুতরাং

(৭) מְאֹד অতিরিক্ত (১৬) מִצְוָה হুকুম

(৮) נֶפֶשׁ প্রাণ, জীবন্ত প্রাণী (১৭) עָפָר ধূলা

(৯) שָׂדֶה জমি, ক্ষেত্র (১৮) שָׁמַיִם বেহেশত, আকাশ

অনুশীলন

১. নিম্নলিখিত শব্দগুলোর সংগে বহুবচনের endings সমূহ ব্যবহার করুন এবং এর লিঙ্গ নির্ণয় করুন।

(১) אָב	(৫) דָּבָר	(৯) סוּסָה
(২) אִשָּׁה	(৬) הַר	(১০) סֵפֶר
(৩) בֵּן	(৭) מֶלֶךְ	(১১) רוּחַ
(৪) בַּת	(৮) סוּס	(১২) שֵׁם

২. নিম্ন লিখিত শব্দগুলোতে বহুবচন বা দ্বি বচনের endings সমূহ যুক্ত করে অনুবাদ করুন।

(১) אִישׁ	(৬) כָּנָף
(২) אֵם	(৭) עַיִן
(৩) אֶרֶץ	(৮) עִיר
(৪) יָד	(৯) עֵץ
(৫) יוֹם	(১০) תּוֹרָה

৩. নিম্ন লিখিত বাক্যগুলো পুলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ ও এর বচন অনুসারে অনুবাদ করুন।

(১) הָאֲנָשִׁים וְהַסּוּסִים	(২) הַמִּצְוֹת אֲשֶׁר בַּסֵּפֶר
(৩) הַנָּשִׁים אֲשֶׁר בַּבַּיִת	(৪) הַמְּלָכִים וְהַנְּבִיאִים
(৫) הַבְּהֵמָה בַּשָּׂדֶה	(৬) הֶעָרִים וְהֶהָרִים
(৭) הַבָּנוֹת וְהָאִמּוֹת	

৩. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুমের সপ্তম হুকুমটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের পাঠে আপনি ষষ্ঠ হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার সপ্তম হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:১৪ আয়াত

14 לֹא תִּנְאָף׃

টিনয়াফ লো

তুমি অবশ্যই জেনা করবে না

হিজরত ২০:১৪ ‘জেনা কোরো না।’

৬. পয়দায়েশ ১: ২২-২৫ আয়াত জোড়ে জোড়ে সঠিক ভাবে উচ্চারণ করে পাঠ করুন।

22 וַיְבָרֶךְ אֹתָם אֱלֹהִים לֵאמֹר פְּרוּ וּרְבוּ

וּמִלְאוּ אֶת־הַמַּיִם בַּיַּמִּים וְהָעוֹף יִ רֶב בָּאָ רֶץ׃

২২ আর আল্লাহ্‌ সেই সকলকে দোয়া করে বললেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও, সমুদ্রের পানি পরিপূর্ণ করো, এবং দুনিয়াতে পক্ষীসমূহের বৃদ্ধি হোক।

23 וַ יְהִי־עֶ רֶב וַ יְהִי־בֹקֶר יוֹם חֲמִישִׁ י׃ פ

২৩ আর সন্ধ্যা ও সকাল হলে পঞ্চম দিবস হল।

24 וַיֹּאמֶר אֱלֹהִ ים תּוֹצֵ א הָאָ רֶץ נֶ פֶשׁ חַיָּה
לְמִינָהּ בְּהֵמָ ה וָרֶמֶשׂ וְחַ יְתוֹ־אֶ רֶץ לְמִינָהּ וַ יְהִי־כֵ ן׃

২৪ পরে আল্লাহ্‌ বললেন, ভূমি নানাজাতীয় প্রাণিবর্গ, অর্থাৎ নিজ নিজ জাতি অনুযায়ী গৃহপালিত পশু, সরীসৃপ ও বন্য পশু উৎপন্ন করুক; তাতে সেরূপ হল।

25 וַיַּ עַשׂ אֱלֹהִים אֶת־חַיַּת הָאָ רֶץ לְמִינָהּ
וְאֶת־הַבְּהֵמָה לְמִינָהּ וְאֵ ת כָּל־רֶמֶשׂ הָ אֲדָמָ ה
לְמִינֵהוּ וַיַּ רְא אֱלֹהִ ים כִּי־טוֹב׃

২৫ ফলতঃ আল্লাহ্‌ নিজ নিজ জাতি অনুযায়ী বন্য পশু ও নিজ নিজ জাতি অনুযায়ী গৃহপালিত পশু ও নিজ নিজ জাতি অনুযায়ী যাবতীয় ভূচর সরীসৃপ সৃষ্টি করলেন; আর আল্লাহ্‌ দেখলেন যে, সেসব উত্তম।

পাঠ ৮

বিশেষণ (Adjective): লিঙ্গ ও বাচক (Gender and Number)

৮.১ বিশেষণ বা adjective এর কাজ হল nounকে বর্ণনা করা বা এর পরিধিকে সীমাবদ্ধ করা। অন্যান্য ভাষার সংগে তুলনা করলে হিব্রু ভাষাতে খুব কম সংখ্যক Adjective রয়েছে। নিম্নে খুব পরিচিত কিছু পুংলিঙ্গ একবচনের কিছু শব্দ দেওয়া হল।

גָּדוֹל / גָּדֹל বৃহৎ, মহৎ	עַז শক্তিশালী
זָקֵן বৃদ্ধ	קָדוֹשׁ / קָדֹשׁ পবিত্র
חָדָשׁ নতুন	קָטֹן ছোট
חָזָק শক্তিশালী	קָרוֹב / קָרֹב কাছে
חַי জীবন্ত	קָשֶׁה কঠিন, শক্ত, শক্ত-ঘাড়
חָכָם জ্ঞানী	רַב অনেক, বড়
טוֹב/טֹב ভাল	רָחוֹק / רָחֹק দূরে, দূর
יָפֶה সুন্দর	רַע মন্দ
יָשָׁר সোজা, সঠিক	תָּמִים নিখুঁত, সম্পূর্ণ
מַר তিক্ত, তিতা।	

৮.২ যে সব বহুবচনের adjective পুংলিঙ্গের জন্য ব্যবহার করা হয় তা সাধারণত শব্দের শেষে ִים ব্যবহার হয় এবং স্ত্রীলিঙ্গের একবচনের ক্ষেত্রে ָה ব্যবহার হয় ও বহুবচনের ক্ষেত্রে וֹת ব্যবহার হয়। এসব adjective শব্দের শেষাংশের গঠন প্রায় একই রকম থাকে, নরচর হয় না। উদাহরণস্বরূপ:

אָב טוֹב একজন ভাল পিতা

পাঠ ৮

אָבוֹת טוֹבִים ভাল পিতাগণ

נָשִׁים טוֹבוֹת ভাল স্ত্রীলোক

৮.৩ যখন কোন শব্দে বচন ও সংখ্যার endings যুক্ত হয় তখন সেই শব্দে নির্দিষ্ট কিছু পরিবর্তন সাধিত হয়ে থাকে শব্দের ধ্বনিতে ও পুংলিঙ্গের একবচনের একজেকটিভস্ এর গঠন প্রকৃয়ায়। এই সব পরিবর্তন আবার আংশিক নির্ভর করে এটি পুংলিঙ্গের একবচনটি এক সিলেবল বিশিষ্ট নাকি দুই সিলেবল বিশিষ্ট তার উপর।

১. পুংলিঙ্গ এক বচনের বিশেষণ (adjectives) যেগুলো এক সিলেবল বিশিষ্ট সেই সব শব্দের সংগে বচন ও লিংগ যুক্ত করার নিয়মাবলি:

(ক) এক সিলেবল বিশিষ্ট বিশেষণ এর সংগে অপরিবর্তনীয় দীর্ঘ স্বরবর্ণগুলো (ִי , ֵי , וֹ , וּ) বচন ও লিঙ্গের endings গুলো শব্দের শেষে যুক্ত করলেও তা অপরিবর্তীত থাকে।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
ভাল	טוֹב	טוֹבִים	טוֹבָה	טוֹבוֹת
খালি/শূন্য	רֵיק	רֵיקִים	רֵיקָה	רֵיקוֹת

(খ) এক সিলেবল বিশিষ্ট বিশেষণ যার endings গুলো গাটারেল নয় এবং একটি অনতিদীর্ঘ (short) ভাওয়েল আছে তখন সেই অনতিদীর্ঘ ভাওয়েলটি অপরিবর্তীতই থাকে যখন বচনের ও সংখ্যার endings শব্দের শেষে যুক্ত করা হয়। যাহোক, যখন এই endings যুক্ত করা হয়, তখন বিশেষণের পুলিংগের একবচনের গঠনের শেষ অক্ষরে একটি ডেগেশ ফরটি বসে।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
জীবন্ত	חַי	חַיִּים	חַיָּה	חַיּוֹת
শক্তিশালী	עַז	עַזִּים	עַזָּה	עַזּוֹת
অনেক	רַב	רַבִּים	רַבָּה	רַבּוֹת

(গ) এক সিলেবল বিশিষ্ট বিশেষণ যার শেষে গাটারেল আছে এবং অনতিদীর্ঘ

ভাওয়েলও আছে তখন তাদের অনতিদীর্ঘ ভাওয়েলগুলো অবশ্যই দীর্ঘায়িত হবে যখন লিঙ্গের ও বচনের endings যুক্ত করা হয়। এর কারণ হল গাটারেল ডেগেশ ফরটি গ্রহণ করে না।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
তিক্ত	מַר	מָרִים	מָרָה	מָרוֹת
মন্দতা	רַע	רָעִים	רָעָה	רָעוֹת

(২) পুংলিঙ্গের একবচনের বিশেষণ যা দুই সিলেবল বিশিষ্ট সেই ক্ষেত্রে বচন ও লিঙ্গের endings যুক্ত করার নিয়মাবলি:

(ক) যদি দুই সিলেবল বিশিষ্ট বিশেষণের প্রাথমিক ব্যঞ্জনবর্ণটি গাটারেল না হয়, তখন যে কোমেট (ָ) থাকে তা সাধারণ শেভায় (ְ) পরিণত হয়।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
মহৎ	גָּדוֹל	גְּדוֹלִים	גְּדוֹלָה	גְּדוֹלוֹת
বৃদ্ধ	זָקֵן	זְקֵנִים	זְקֵנָה	זְקֵנוֹת
সঠিক	יָשָׁר	יְשָׁרִים	יְשָׁרָה	יְשָׁרוֹת

খ. যদি দুই সিলেবল বিশিষ্ট বিশেষণের প্রাথমিক ব্যঞ্জনবর্ণটি গাটারেল হয়, তখন যে কোমেট (ָ) থাকে তা কম্পাউন্ড শেভায় (ֲ) পরিণত হয়, যেহেতু গাটারেল কম্পাউন্ড শেভা গ্রহণ করতে পছন্দ করে।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
নতুন	חָדָשׁ	חֲדָשִׁים	חֲדָשָׁה	חֲדָשׁוֹת
শক্তিশালী	חָזָק	חֲזָקִים	חֲזָקָה	חֲזָקוֹת
জ্ঞানী	חָכָם	חֲכָמִים	חֲכָמָה	חֲכָמוֹת

গ. যদি দুই সিলেবল বিশিষ্ট קָטֹן (ছোট) বিশেষণটি বেশ অনিয়মিত আচরণ করে। যখন লিঙ্গ ও বচনের যুক্ত করা হয় তখন হোলেম (ֹ) পাথিতে (ַ) রূপান্তরিত হয় এবং একটি ডেগেস ফরটি নুন এর মধ্যে বসে।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
ছোট	קָטֹן	קְטַנִּים	קְטַנָּה	קְטַנּוֹת

ঘ. যদি দুই সিলেবল বিশিষ্ট বিশেষণ এর শেষটা ֶה তখন লিঙ্গ ও বচনের endings যুক্ত হলে ֶה আর থাকে না।

উদাহরণ:

	(পুং একবচন)	(পুং বহুবচন)	(স্ত্রী একবচন)	(স্ত্রী বহুবচন)
সুন্দর	יָפֶה	יָפִים	יָפָה	יָפוֹת
কঠিন/সমস্যা	קָשֶׁה	קָשִׁים	קָשָׁה	קָשׁוֹת

৮:৪ বিশেষণ: গুণ সম্বন্ধীয় ব্যবহার

গুণ সম্বন্ধীয় বিশেষণ এমন একটি ব্যবহার যা সরাসরি নাউনকে বর্ণনা করে। গুণ সম্বন্ধীয় বিশেষণ সাধারণত নাউনের বর্ণনার পরে বসে, যদিও বাক্যের এই গঠন একেবারে বিপরীত হতে পারে যদি বিশেষণের উপর জোর দেওয়া হয়।

উদাহরণ:

אִישׁ טוֹב	একজন ভাল মানুষ	הָאִישׁ הַטּוֹב	ভাল মানুষটি
אִשָּׁה הַטּוֹב	একজন ভাল স্ত্রী লোক	הָאִשָּׁה הַטּוֹבָה	ভাল স্ত্রীলোকটি

(ক) গুণ সম্বন্ধীয় বিশেষণ নাউনের যে বর্ণনা করে তার সংগে অবশ্যই এর বচন, সংখ্যা ও নির্দিষ্টতার মিল থাকতে হবে। এই নিদিষ্টতার অর্থ হল এই যে, নাউন যাকে বর্ণনা করে তা যখন নির্দিষ্ট হয় তখন এর সংগে এর গুণ সম্বন্ধীয় বিশেষণগুলো অবশ্যই নির্দিষ্ট হতে হবে। যখন এর নাউন অনির্দিষ্ট হয় তখন এর সংগে গুণ সম্বন্ধীয় বিশেষণগুলোও অনির্দিষ্ট হতে হবে।

উদাহরণ:

מֶ֫לֶךְ גָּדוֹל একজন মহান বাদশাহ্ (অনির্দিষ্ট)

הַמֶּ֫לֶךְ הַגָּדוֹל এই মহান বাদশাহ্ (নির্দিষ্ট)

מְלָכִים גְּדוֹלִים মহান বাদশাহ্‌গণ (অনির্দিষ্ট)

הַמְּלָכִים הַגְּדוֹלִים এই মহান বাদশাহ্‌গণ (নির্দিষ্ট)

עִיר גְּדוֹלָה একটি বড় শহর (অনির্দিষ্ট)

הָעִיר הַגְּדוֹלָה এই বড় শহরটি (নির্দিষ্ট)

עָרִים גְּדוֹלוֹת বড় শহরগুলো (অনির্দিষ্ট)

הֶעָרִים הַגְּדוֹלוֹת এই বড় শহরগুলো (নির্দিষ্ট)

৮:৫ বিশেষণ: বিধেয়ের ব্যবহার

হিব্রু ভাষায় প্রায়ই সাধারণ বাক্য ব্যবহার করা হয় এবং এতে একটি নাউন যা উদ্দেশ্য (subject) হিসাবে কাজ করে এবং একটি বিশেষণ যা বিধেয় (predicate) হিসাবে কাজ করে। এই সব বাক্য ক্রিয়াপদ শুন্য কিন্তু যেহেতু এতে লিখিত ক্রিয়াপদ নেই তাই ক্রিয়াপদ ধরে নিতে হয়। অনেক ভাষায় অনুবাদের ক্ষেত্রে এই ক্রিয়াপদ যোগ করতে হয়।

উদাহরণ:

וְהַֽנַּעֲרָ֖ה יָפָ֣ה עַד־מְאֹ֑ד সেই যুবতী অতি <u>সুন্দরী ছিল</u>। (১ বাদশাহ্‌নামা ১:৪)

וְהַמֶּ֖לֶךְ זָקֵ֣ן מְאֹ֑ד বাদশাহ্ অতি <u>বৃদ্ধ হয়েছিলেন</u>। (১ বাদশাহ্‌নামা ১:১৫)

וְהָ֣אֲנָשִׁ֔ים טֹבִ֥ים לָ֖נוּ מְאֹ֑ד সেই লোকেরা আমাদের পক্ষে বড়ই <u>ভাল ছিলো</u>। (১ শামুয়েল ২৫:১৫)

כִּֽי־זָקֵ֥ן הָאִ֖ישׁ וְכָבֵ֑ד কেননা তিনি বৃদ্ধ ও <u>ভারী ছিলেন</u>। (১ শামুয়েল ৪:১৮)

পাঠ ৮

শব্দমালা

גָּדוֹל	মহৎ/বড়	זָקֵן	বৃদ্ধ	חָדָשׁ	নতুন
חָזָק	শক্তিশালী	חַי	জীবন্ত	חָכָם	জ্ঞানী
יָפֶה	সুন্দর, সুদর্শন	יָשָׁר	সোজা,	מַר	তিতা
קָדוֹשׁ	পবিত্র/পাক-পবিত্র	קָטֹן	ছোট	קָרוֹב	কাছে
קָשֶׁה	শক্ত, কঠিন	רַב	অনেক, বড়	רָחוֹק	দূরে
רַע	মন্দ, খারাপ	רָעָה	একটি মন্দ (স্ত্রী লিংগ)		
תָּמִים	নিখুঁত, সম্পূর্ণ, সমগ্র				

অনুশীলন

১. অনুবাদ সহ নিচে যে সমস্ত হিব্রু বাক্য দেওয়া হল সেই বাক্যগুলোতে যে লিংগ ও বচন আছে তা নির্ণয় করে তার নিচে তা কোন বচন ও কোন লিঙ্গ লিখুন।

מֵאֶ֫רֶץ רְחוֹקָה — দূরদেশ থেকে (ইউশা ৯:৬)।

נַעֲרָה קְטַנָּה — একটি ছোট বালিকাকে (২ বাদশাহ্ নামা ৫:২)।

אֶ֫בֶן גְּדוֹלָה — একখানি বৃহৎ প্রস্তর (ইউশা ২৪:২৬)।

בַּ֫יִת חָדָשׁ — নতুন গৃহ (দ্বিতীয় বিবরণ ২২:৮)।

בְּרִית חֲדָשָׁה — এক নতুন নিয়ম (ইয়ারমিয়া ৩১:৩১)।

נָשִׁים רַבּוֹת — অনেক স্ত্রীলোকের (ইহিষ্কেল ১৬:৪১)।

וְרוּחַ גְּדוֹלָה — প্রবল প্রচন্ড বায়ু (১ বাদশাহ্ নামা ১৯:১১)।

טוֹבָ ה הָאָ רֶץ מְאֹד מְאֹד   সেই দেশ খুবই উত্তম দেশ (শুমারী ১৪:৭)।

২. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম নামার অষ্টম হুকুমাটি হিব্রু ভাষায় দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের পাঠে আপনি সপ্তম হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার অষ্টম হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:১৫ আয়াত

15 לֹ֣ א   תִּגְנֹ֖ ב׃

. লো   টিগনভ

. না   তুমি অবশ্যই চুরি করবে

হিজরত ২০:১৫ আয়াত 'চুরি কোরো না।'

২. পয়দায়েশ ১:২৬-২৭ আয়াত জোড়ে জোড়ে সঠিকভাবে উচ্চারণ করে পাঠ করুন।

26 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֔ים נַ עֲשֶׂ֥ה אָדָ֛ם בְּצַלְמֵ֖ נוּ כִּדְמוּתֵ֑נוּ
וְיִרְדּוּ֩ בִדְגַ֨ת הַיָּ֜ם וּבְע֣וֹף הַשָּׁמַ֗ יִם וּבַבְּהֵמָה֙
וּבְכָל־הָאָ֔רֶץ וּבְכָל־הָרֶ֖מֶשׂ הָֽרֹמֵ֥ שׂ עַל־הָאָ רֶץ׃

২৬ পরে আল্লাহ্ বললেন, আমরা আমাদের প্রতিমূর্তিতে, আমাদের সাদৃশ্যে মনুষ্য সৃষ্টি করি; আর তারা সমুদ্রের মৎস্যদের উপরে, আসমানের পক্ষীদের উপরে, পশুদের উপরে, সমস্ত দুনিয়ার উপরে, ও ভূমিতে গমনশীল যাবতীয় সরীসৃপের উপরে কর্তৃত্ব করুক।

27 וַיִּבְרָ֨ א אֱלֹהִ֤ ים׀ אֶת־הָֽאָדָם֙ בְּצַלְמ֔וֹ בְּצֶ֥ לֶם

পাঠ ৮

אֱלֹהִ ֖ים בָּרָ֣א אֹת֑וֹ זָכָ ֥ר וּנְקֵבָ ֖ה בָּרָ֥א אֹתָ ֽם׃

২৭ পরে আল্লাহ্ তাঁর নিজের প্রতিমূর্তিতে মনুষ্যকে সৃষ্টি করলেন; আল্লাহ্র প্রতিমূর্তিতেই তাকে সৃষ্টি করলেন, পুরুষ ও স্ত্রী করে তাদেরকে সৃষ্টি করলেন।

পাঠ ৯

সর্বনাম (Pronouns)

৯.১ ব্যক্তিগত সর্বনাম বা Independent Personal pronouns:

দু'রকম Personal pronoun রয়েছে, প্রথমত subjective pronouns ও objective pronouns। subjective pronounsকে আমরা স্বাধীন ব্যক্তিগত pronouns বলতে পারি। এই প্রকার nouns স্বাধীন ভাবে বা পৃথক শব্দ হিসাবে ব্যবহার হয়ে থাকে। যেমন:

אָנֹכִי , אֲנִי আমি (1 cs) [First person common singular]

אֲנוּ , נַחְנוּ , אֲנַחְנוּ আমরা (1 cp) [First person common plural]

אַתָּה তুমি (2 ms) [Second person masculine singular]

אַתֶּם তোমরা (2 mp) [Second person masculine plural]

אַתְּ তুমি (2 fs) [Second person feminine singular]

אַתֵּנָה , אַתֶּן তোমরা (2 fp) [Second person feminine plurlar]

הוּא সে/এটি (3 ms) [Third person masculine singular]

הֵמָּה , הֵם তারা (3 mp) [Third person masculine plular]

הִיא সে/এটি (3 fs) [Third person feminine singular]

הֵנָּה , הֵן তারা (3 fp) [Third person feminine plular]

পাক-কিতাবে ব্যক্তিগত সর্বনামের ব্যবহার:

אֲנִי יְהוָה আমি মাবুদ (পয়দায়েশ ২৮:১৩)

כִּי־נָבִיא הוּא	কেননা সে নবী (পয়দায়েশ ২০:৭)
אַתָּה הָאִישׁ	তুমি মানুষ (২ শামুয়েল ১২:১৭)
כִּי־עָפָר אַתָּה	কেননা তুমি ধূলি (পয়দায়েশ ৩:১৯)
יְהוָה הוּא הָאֱלֹהִים	মাবুদই আল্লাহ্ (১ বাদশাহ্‌নামা ১৮:৩৯)
אַחִים אֲנָחְנוּ	আমরা পরস্পর জ্ঞাতি (পয়দায়েশ ১৩:৮)
וַאֲנַחְנוּ רַבִּים	কিন্তু আমরা অনেক লোক (ইহিস্কেল ৩৩:২৪)
וְהֵמָּה חֲכָמִים	তবুও তারা বড় বুদ্ধি ধরে (মেশাল ৩০:২৪)

personal pronune আবার কোন পাক-কিতাবের অংশে বাক্যকে জোর দেবার জন্য ব্যবহার করা হয়ে থাকে। যেমন:

כִּי אִתָּנוּ אֲנַחְנוּ	কিন্তু আমরা, আমাদেরই সংগে (দ্বি:বি ৫:৩)
אַתָּה־הוּא הָאֱלֹהִים	তুমিই খোদা (২ শামুয়েল ৭:২৮)
לָכֶם אַתֶּם	তোমাদের আপন আপন (হগয় ১:৪)

৯.২ প্রতিপাদক সর্বনাম Demonstratives Pronouns:

এক বচন			**বহুবচন**		
পুংলিঙ্গ	זֶה	এটি/এই	পুংলিঙ্গ	אֵלֶּה	এগুলো
স্ত্রীলিঙ্গ	זֹאת	এটি/এই	স্ত্রীলিঙ্গ	אֵלֶּה	এগুলো
পুংলিঙ্গ	הוּא	ঐ/ওটি	পুংলিঙ্গ	(הֵם) הֵמָּה	ঐগুলো
স্ত্রীলিঙ্গ	הִיא	ঐ/ওটি	স্ত্রীলিঙ্গ	(הֵן) הֵנָּה	ঐগুলো

হিব্রু পাক-কিতাবে Demonstratives Pronouns এর কার্য আবার অনেকটা adjective এর পাশাপাশিও ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

הַמָּקוֹם הַזֶּה	এ ... স্থান (পয়দায়েশ ২৮:১৭)

הָאָרֶץ הַזֹּאת	এ দেশের (পয়দায়েশ ১৫:১৭)
בַּיּוֹם הַהוּא	সেই দিন (পয়দায়েশ ১৫:১৮)
בָּעִיר הַהִיא	ঐ নগরে (ইউশা ২০:৬)
הַדְּבָרִים הָאֵלֶּה	সব কথা (পয়দায়েশ ২৯:১৩)
הֶעָרִים הָאֵלֶּה	ঐ সমস্ত নগর (শুমারী ২১:২৫)
בַּיָּמִים הָהֵם	সেই সময় (পয়দায়েশ ৬:৪)

৯.৩ সম্পর্কীয় সর্বনাম The Relative Pronoun

אֲשֶׁר "কে, যা, কি," The Relative Pronoun হিসাবে ব্যবহৃত হয়ে থাকে। সব লিঙ্গ, সংখ্যা, ও case-এ সমান ভাবেই ব্যবহৃত হয়ে থাকে।

৯.৪ প্রশ্নসূচক সর্বনাম The Interrogatives Pronoun

מִי "কে" কোন লোককে নির্দেশ করে, מִי אַתָּה "তুমি কে?"

מָה "কি" কোন জিনিষকে নির্দেশ করে, מַה־הִיא "এটি কি?"

מָה ব্যবহারের ক্ষেত্রে এর সংগে যে শব্দ ব্যবহৃত হয় তার মধ্যে যে ব্যঞ্জনবর্ণ থাকে তার উপর নির্ভর করে এর স্বরবর্ণের চিহ্ন ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

শব্দের পূর্বে যদি ডেগেশ ফরটি থাকে তবে তা מַה হয়,

যেমন: מַה־לְּךָ "তোমার প্রতি কি?"

শব্দের পূর্বে যদি যদি ח এবং ה থাকে তবে তা מַה হয়,

যেমন: מַה־הִיא "ওটি কি?"

শব্দের পূর্বে যদি א, ע এবং ר থাকে তবে তা מָה হয়,

যেমন: מָה־אֵלֶּה "এগুলো কি?"

শব্দের পূর্বে যদি গাটারেল থাকে তবে তা מֶה হয়,

যেমন: מֶה־עָשִׂיתִי "আমি কি করেছি?"

אֵי "কোথায়" এর সংগে যদি নিদের্শকমূলক (אֵי־זֶה) থাকে তবে তা প্রশ্নবোধাক হিসাবে ব্যবহৃত হতে পারে,

যেমন: אֵי־זֶה הַדֶּרֶךְ "কোন পথে?"

מִי সব সময়ই পৃথক শব্দ হিসাবে এবং מָה সব সময় মাক্কিফ সহকারে ব্যবহৃত হয়ে থাকে।

অনুশীলন

১. বাংলায় এই সর্বনামগুলোর অর্থ লিখুন।

נַחְנוּ ______________________

הִיא ______________________

הֵמָּה ______________________

אַתְּ ______________________

אַתָּה ______________________

אָנֹכִי ______________________

אֲנוּ ______________________

אֲנַחְנוּ ______________________

אַתֶּם ______________________

אַתֶּן ______________________

הוּא ______________________

הֵן ____________________

২. অনুবাদ করুন:

১. הוּא ______________________________

2. הָהָר הַהוּא ______________________________

৩. הָאִישׁ אֲשֶׁר הָאָב ______________________________

8. הַדָּבָר הַזֶּה ______________________________

৫. הַבַּת זֶה הַדָּבָר ______________________________

৬. הַשֵּׁם הַקָּדוֹשׁ הַזֶּה ______________________________

৭. מִי נָבִיא ______________________________

৮. מָה־אֵלֶּה ______________________________

৩. নিচে হিব্রুতে ও বাংলায় কিছু কথাবার্তা দেওয়া হল। কথাবার্তাগুলো মুখস্থ করে তা চর্চা করুন এবং এখানে যে স্বাধীন ব্যক্তিগত সর্বনাম আছে তা খুঁজে বের করুন।

שָׁלוֹם אֲדוֹנִי (সালোম আদোনী) সালাম, জনাব।

מַה שְׁלוֹמְךָ אֲדוֹנִי (মা সালোমখা আদোনী) আপনি কেমন আছেন?

טוֹב תּוֹדָה אַתָּה (টোভ টোদাহ ভাআতা) আমি ভাল, ধন্যবাদ।

לֹא רַע תּוֹדָה (লো রা টোদাহ) মন্দ না, ধন্যবাদ।

כֵּן אֲנִי מְדַבֵּר עִבְרִית מְעַט (কেন অনি মদাবের ইভরিথ ময়াট) হ্যাঁ, আমি হিব্রুতে কথা বলি।

לְהִתְרָאוֹת אֲדוֹנִי (লহিথরায়োথ আদোনী) আবার দেখা হবে, জনাব।

8. এবার আপনার মুখস্থ করার জন্য দশ হুকুম-নামার নবম হুকুমটি হিব্রু ভাষায়

দেওয়া হল। এর সংগে দেওয়া হল এর উচ্চারণ ও এর প্রতিটি শব্দের অর্থ ও এর সাবলীল অনুবাদ। আশা করি এর আগের পাঠে আপনি অষ্টম হুকুমটি হিব্রু ভাষায় মুখস্থ করেছেন। এবার নবম হুকুমটি মুখস্থ করুন।

হিজরত ২০:১৬

16 לֹ֥א־תַעֲנֶ֥ ה בְרֵעֲךָ֖ עֵ֥ד שָֽׁקֶר׃

. লো-থায়ানে	বরেয়াকা	য়েদ	সাকের
. তুমি অবশ্যই দিবে না	তোমার প্রতিবেশীর বিরুদ্ধে	সাক্ষ্য	মিথ্যা

হিজরত ২০:১৬ ‘তোমার প্রতিবেশীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।’

৫. পয়দায়েশ ২:১-৫ আয়াত জোড়ে জোড়ে সঠিক উচ্চারণ করে পাঠ করুন।

28 וַיְבָ רֶךְ אֹתָם֮ אֱלֹהִים֒ וַיֹּ֨אמֶר לָהֶ֜ם אֱלֹהִ֗ים
פְּר֥וּ וּרְב֛וּ וּמִלְא֥וּ אֶת־הָאָ רֶץ וְכִבְשֻׁ֑הָ וּרְד֞וּ בִּדְגַ֤ ת
הַיָּם֙ וּבְע֣וֹף הַשָּׁמַ֔יִם וּבְכָל־חַיָּ֖ ה הָֽרֹמֶ֥ שֶׂת
עַל־הָאָ ֽרֶץ׃

২৮ পরে আল্লাহ্ তাদেরকে দোয়া করলেন; আল্লাহ্ বললেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও, এবং দুনিয়া পরিপূর্ণ ও বশীভূত করো, আর সমুদ্রের মৎস্যদের উপরে, আসমানের পক্ষীদের উপরে, এবং ভূমিতে গমনশীল যাবতীয় জীবজন্তুর উপরে কর্তৃত্ব করো।

29 וַיֹּ֣אמֶר אֱלֹהִ֗ים הִנֵּה֩ נָתַ֨ תִּי לָכֶ֜ם אֶת־כָּל־עֵ שֶׂב׀
זֹרֵ֣עַ זֶ֗רַע אֲשֶׁר֙ עַל־פְּנֵ֣ י כָל־הָאָ֔רֶץ וְאֶת־כָּל־הָעֵ֛ ץ
אֲשֶׁר־בּ֥ וֹ פְרִי־עֵ֖ ץ זֹרֵ֣עַ זָ֑רַע לָכֶ֥ ם י ִֽהְיֶ֖ ה לְאָכְלָֽ ה׃

২৯ আল্লাহ্ আরও বললেন, দেখ, আমি সমস্ত ভূতলে স্থিত যাবতীয় বীজোৎপাদক

ওষধি ও যাবতীয় বীজসহ ফলদায়ী বৃক্ষ তোমাদেরকে দিলাম, তা তোমাদের খাদ্য হবে।

30 וּ ֽלְכָל־חַיַּ֣ת הָ֠אָרֶץ וּלְכָל־ע֨וֹף הַשָּׁמַ֜יִם וּלְכֹ֣ל ׀
רוֹמֵ֣שׂ עַל־הָאָ֗רֶץ אֲשֶׁר־בּוֹ֙ נֶ֣פֶשׁ חַיָּ֔ה אֶת־כָּל־יֶ֥רֶק
עֵ֖שֶׂב לְאָכְלָ֑ה וַֽיְהִי־כֵֽן׃
৩০ আর যাবতীয় ভূচর পশু ও আসমানের যাবতীয় পক্ষী ও ভূমিতে যাবতীয় গমনশীল কীট, এসব প্রাণীর আহারের জন্য সবুজ সমস্ত ওষধি দিলাম। তাতে সেরূপ হল।

31 וַיַּ֤רְא אֱלֹהִים֙ אֶת־כָּל־אֲשֶׁ֣ר עָשָׂ֔ה וְהִנֵּה־ט֖וֹב
מְאֹ֑ד וַֽיְהִי־עֶ֥רֶב וַֽיְהִי־בֹ֖קֶר י֥וֹם הַשִּׁשִּֽׁי׃ פ
৩১ পরে আল্লাহ্ তাঁর সৃষ্ট বস্তু সকলের প্রতি দৃষ্টিপাত করলেন, আর দেখ, সকলই অতি উত্তম। আর সন্ধ্যা ও সকাল হলে ষষ্ঠ দিবস হল।

৬. নিচের এই সংক্ষিপ্তকরণ বিষয়গুলো মুখস্থ করুন কারণ সামনের পাঠগুলোতে এই সব চিহ্ন আপনি প্রায়শই দেখতে পাবেন।

(1 cs)	=	[First person common singular]
(1 cp)	=	[First person common plural]
(2 ms)	=	[Second person masculine singular]
(2 mp)	=	[Second person masculine plural]
(2 fs)	=	[Second person feminine singular]
(2 fp)	=	[Second person feminine plurlar]
(3 ms)	=	[Third person masculine singular]
(3 mp)	=	[Third person masculine plular]
(3 fs)	=	[Third person feminine singular]
(3 fp)	=	[Third person feminine plular]

পাঠ ১০

সর্বনাম সম্বন্ধীয় প্রত্যয় বা সাফিক্স্ Suffixes

১০.১ সর্বনাম সম্বন্ধীয় সাফিক্স্ ও সংযোগ অব্যয় বা প্রিপজিশনের সংগে এর ব্যবহার

(১) সর্বনাম সম্বন্ধীয় এই সাফিক্স্গুলো প্রিপজিশন בְּ এবং לְ সংগে ব্যবহৃত হয় যা আলাদা ভাবে ব্যবহার করা যায় না। নিম্নে সর্বনামগুলোর সাফিক্স্ দেওয়া হল:

1 cs	ִי	আমাকে	1cp	ָנוּ	আমাদের
2 ms	ךָ	তুমি	2 mp	ֶכֶם	তোমরা
2 fs	ֵךְ	তুমি	2 fp	ֶכֶן	তোমরা
3 ms	וֹ	তাকে	3 mp	ֶהֶם	তাদের
3 fs	ָהּ	তার	3 fp	ֶהֶן	তাদের

ব্যক্তিগত সর্বনামের suffixes গুলো আমাদের সকলকেই মুখস্থ করতে হবে। প্রায় সকল ক্ষেত্রেই এই suffixes গুলো অন্যান্য প্রিপজিশনগুলোর ক্ষেত্রেও একই ভাবে ব্যবহৃত হয়ে থাকে। এ সমস্ত প্রিপজিশগুলো শব্দের সংগে ব্যবহৃত হয়, এগুলোকে পৃথক ভাবে ব্যবহার করা যায় না।

ক. בְּ ‘‘ভিতরে, দ্বারা, সংগে”

1 cs	בִּי	আমার সংগে	1 cp	בָּנוּ	আমাদের সংগে
2 ms	בְּךָ	তোমার সংগে	2 mp	בָּכֶם	তোমাদের সংগে
2 fs	בָּךְ	তোমার সংগে	2 fp	בָּכֶן	তোমাদের সংগে
3 ms	בּוֹ	তার সংগে	3 mp	בָּהֶם	তাদের সংগে
3 fs	בָּהּ	তার সংগে	3 fp	בָּהֶן	তাদের সংগে

খ. לְ “প্রতি, জন্য, কাছে”

1 cs	לִי	আমার প্রতি	1 cp	לָנוּ	আমাদের প্রতি
2 ms	לְךָ	তোমার প্রতি	2 mp	לָכֶם	তোমাদের প্রতি
2 fs	לָךְ	তোমার প্রতি	2 fp	לָכֶן	তোমাদের প্রতি
3 ms	לוֹ	তার প্রতি	3 mp	לָהֶם	তাদের প্রতি
3 fs	לָהּ	তার প্রতি	3 fp	לָהֶן	তাদের প্রতি

(২) כְּ “যেমন, মত, অনুযায়ী” এটি একটি অনিয়মিত প্রিপজিশন যেটি শব্দের সংগে যুক্ত হয়ে ব্যবহৃত হয়।

1 cs	כָּמוֹנִי	আমার মত	1 cp	כָּמוֹנוּ	আমাদের মত
2 ms	כָּמוֹךָ	তোমার মত	2 ms	כָּכֶם	তোমাদের মত
2 fs		2 fp			
3 ms	כָּמוֹהוּ	তার মত	3 ms	כָּהֵם	তাদের মত
3 fs	כָּמוֹהָ	তার মত	3 fp	כָּהֵן	তাদের মত

(৩) ক. אֵת “সংগে, সহিত”

1 cs	אִתִּי (אוֹתִי)	আমার সংগে
1 cp	אִתָּנוּ (אוֹתָנוּ)	আমাদের সংগে
2 ms	אִתְּךָ (אוֹתְךָ)	তোমার সংগে
2 mp	אִתְּכֶם, אֶתְכֶם	তোমাদের সংগে

2 fs אִתָּךְ (אוֹתָךְ) তোমার সংগে
2 fp
3 ms אִתּוֹ (אוֹתוֹ) তার সংগে
3 mp אִתָּם (אוֹתָם) তাদের সংগে
3 fs אִתָּהּ তার সংগে 3 fp

খ. לְבַד "একাকী, একা, এক জনের দ্বারা, এর দ্বারা" (এ প্রিপজিশনটি গঠিত হয়েছে לְ 'প্রতি' + নাউন בַּד 'পৃথকীকৃত, একাকীত্ব' শব্দ নিয়ে।

1 cs לְבַדִּי আমার নিজের দ্বারা
1 cp
2 ms לְבַדְּךָ তোমার নিজের দ্বারা
2 mp לְבַדְּכֶם তোমাদের নিজেদের দ্বারা
2 fs
2 fp
3 ms לְבַדּוֹ তার নিজের দ্বারা
3 mp לְבַדָּם তাদের নিজেদের দ্বারা
3 fs לְבַדָּהּ তার নিজের দ্বারা
3 fp לְבַדְּהֶן তাদের নিজেদের দ্বারা

গ. עִם 'সংগে'

1 cs עִמָּדִי , עִמִּי আমার সংগে
1 cp עִמָּנוּ আমাদের সংগে
2 ms עִמְּךָ , עִמָּךְ তোমার সংগে

2 mp עִמָּכֶם তোমাদের সংগে
2 fs
2 fp
3 ms עִמּוֹ তার সংগে
3 mp עִמָּם , עִמָּהֶם তাদের সংগে
3 fs עִמָּהּ তার সংগে
3 fp

(৪) প্রিপজিশন מִן "থেকে, হতে, এক স্থান থেকে, চেয়ে"

1 cs	מִמֶּנִּי	আমার কাছ থেকে	1 cp	מִמֶּנּוּ	আমাদের কাছ থেকে
2 ms	מִמְּךָ	তোমার কাছ থেকে	2 mp	מִכֶּם	তোমাদের কাছ থেকে
2 fs	מִמֵּךְ	তোমার কাছ থেকে	2 fp	מִכֶּן	তোমাদের কাছ থেকে
3 ms	מִמֶּנּוּ	তার কাছ থেকে	3 mp	מֵהֶם	তাদের কাছ থেকে
3 fs	מִמֶּנָּה	তার কাছ থেকে	3 fp	מֵהֶן	তাদের কাছ থেকে

(৫) ক. לִפְנֵי "সামনে, সম্মুখে, সাক্ষাতে"

1 cs	לְפָנַי	আমার সামনে	1 cp	לְפָנֵינוּ	আমাদের সামনে
2 ms	לְפָנֶיךָ	তোমার সামনে	2 mp	לִפְנֵיכֶם	তোমাদের সামনে
2 fs	לְפָנַיִךְ	তোমার সামনে	2 fp		
3 ms	לְפָנָיו	তার সামনে	3 mp	לִפְנֵיהֶם	তাদের সামনে
3 fs	לְפָנֶיהָ	তার সামনে	3 fp		

খ. אֶל "প্রতি, কাছে"

1 cs	אֵלַי	আমার প্রতি	1cp	אֵלֵינוּ	আমাদের প্রতি
